হইয়াছে তদনুযায়ী ব্যবস্থা হইবে। স্মার্ত্তভট্টাচার্য্য এস্থলে এইরূপ ব্যবস্থা দিয়াছেন। প্রমাণং যথা;—

অর্দ্ধরাত্রেতু সংপূর্ণে যদা সংক্রমতে রবিঃ।
প্রাগুর্দ্দিনদ্বয়ং পুণ্যং ত্যক্ত্বা মকরকর্কটৌ॥
সংপূর্ণে চার্দ্ধরাত্রে চ রাত্রি মধ্যমকালয়োঃ।
সন্ধ্যাসংক্রমণেত্তু দিনদণ্ডেদিনস্য,
রাত্রিদণ্ডে রাত্রের্ব্যবস্থা॥ ইতি স্মার্ত্তঃ।

অথ গ্রহণং।

ভত্রিপাদান্তরেরাহোঃ কেতোর্ব্বা সংস্থিতো রবিঃ।
চতুষ্পাদান্তরে চন্দ্র স্তদা সংভাব্যতে গ্রহঃ॥
ইতি জ্যোতিষে।

যে নক্ষত্রের ত্রিপাদ মধ্যে রাহু বা কেতু থাকেন অর্থাৎ যে নক্ষত্রে রাহু বা কেতু থাকেন তাহার ত্রিপাদাভ্যন্তরে রবি থাকিলে সূর্য্যগ্রহণ সম্ভব হয়। আর ঐ প্রকার যদি চতুষ্পাদাভ্যন্তরে চন্দ্র থাকেন তাহা হইলে চন্দ্রগ্রহণ সম্ভব হয়।

অন্যচ্চ।

যস্মিন্ ঋক্ষে রবিস্তস্মাচ্চতুর্দ্দশগতঃ শশী।
পূর্ণিমা প্রতিপৎসন্ধৌ রাহুনা গ্রস্যতে শশী॥
কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াং মাসর্ক্ষং যদি জায়তে।
তত্র ত্রয়োদশে সূর্য্যে রাহুনা গ্রস্যতে রবিঃ॥
ইতি জ্যোতিষে।

যে নক্ষত্রে রবি থাকেন তাহার চতুর্দ্দশ নক্ষত্রে যদি চন্দ্র থাকেন তাহা হইলে পূর্ণিমা ও প্রতিপদের মিলনকালে চন্দ্রগ্রহণ হয়।

যে মাসের যে নক্ষত্র সেই নক্ষত্র যদি সেই মাসের তৃতীয়াতে কৃষ্ণপক্ষে থাকেন এবং সেই মাস ঘটক নক্ষত্র হইতে ত্রয়োদশ নক্ষত্রে যদি সূর্য্য থাকে, তবে সূর্য্যগ্রহণ হয়।

গ্রহণে চূড়ামণিযোগঃ।

সূর্য্যগ্রহঃ সূর্য্যবারে সোমে সোমগ্রহো ভবেৎ।
চূড়ামণিরয়ং যোগস্তত্রানন্ত্য ফলং স্মৃতঃ॥
ইতি গারুড়ে।

যদি সূর্য্যগ্রহণ রবিবারে চন্দ্রগ্রহণ যদি সোমবারে হয়, তবে তাহাকে চূড়ামণি যোগ কহে। তাহাতে স্নানদানে অত্যন্ত ফল। সামান্যতঃ গ্রহণ হইলে স্নান করিবে। প্রমাণং যথা;—

সংক্রমে গ্রহণে চৈব ন স্নায়াদ্যস্তু মানবঃ।
সপ্তজন্মসু কুষ্ঠীস্যাৎ দুঃখভাগী চ সর্ব্বদা॥
ইতি বৃহদ্বাশিষ্ঠে।

সংক্রান্তিতে ও গ্রহণে যে ব্যক্তি স্নানদানাদি না করে সে সপ্ত-জন্ম কুষ্ঠরোগগ্রস্ত এবং সর্ব্বদা দুঃখী হয়। কিন্তু অশৌচে কেবলমাত্র স্নান করিবে দানাদি করিবে না। প্রমাণং যথা;—

সুতকে মৃতকে চৈব ন দোষো রাহুদর্শনে।
স্নানমাত্রন্তু কর্ত্তব্যং দানশ্রাদ্ধ বিবর্জ্জিতং॥
সম্বৎসরপ্রদীপে গঙ্গাবাক্যাবলঃ।

জননাশৌচে ও মৃতাশৌচে গ্রহণ দর্শন ও স্নান করিবে, দান ও শ্রাদ্ধ করিবে না। পরন্তু যে ব্যক্তিকে গ্রহণ দর্শন করিতে নাই সে ব্যক্তি গ্রহণমুক্ত হইলে স্নান করিবে।

অন্যচ্চ।

সর্ব্বং ভূমি সমং দানং সর্ব্বে ব্যাসসমা দ্বিজাঃ।
সর্ব্বং গঙ্গা সমং তোয়ং গ্রহণে নাত্র সংশয়ঃ॥
ইতি ব্যাসবচনং।

গ্রহণ কালে যে যাহা দান করে, তাহাই তাহার ভূমিদানের সমান হয়। যে কোন ব্রাহ্মণ হউক ব্রাহ্মণ মাত্রেই ব্যাসতুল্য। যে কোন জলে স্নান করে গঙ্গাস্নানের সমান ফল হয়, ইহাতে কোন সংশয় নাই। অতএব গ্রহণ সময়ে শ্রাদ্ধ করা অবশ্যই কর্ত্তব্য।

সর্ব্বস্বে নাপি কর্ত্তব্যং শ্রাদ্ধং বৈ রাহুদর্শনে।
অকুর্ব্বাণস্তু তচ্ছ্রাদ্ধং পঙ্কে গৌরিবসীদতি॥
ঋষ্যশৃঙ্গশাতাতপৌ।

সকলেরই গ্রহণ সময়ে শ্রাদ্ধ করা কর্ত্তব্য। যদি সেই সময়ে শ্রাদ্ধ না করে, তবে ঘোর নরকে পতিত হয়, অতএব গ্রহণ সময়ে শ্রাদ্ধ করা অবশ্য কর্ত্তব্য।

অন্যচ্চ।

আদিত্যেঽহনি সংক্রান্তৌ সূর্য্যচন্দ্রগ্রহে তথা।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী॥

রবিবার, সংক্রান্তি এবং সূর্য্য ও চন্দ্রগ্রহণ সময়ে পুত্রবান্ গৃহী উপবাস ও পারণাদি করিবে না। অন্যান্য সকলে উপবাস করিবে। কিন্তু পুত্রবান্ গৃহীর পক্ষে গ্রহণের পূর্ব্বে ভোজন নিষেধ আছে। তদ্যথা;—

সূর্য্যগ্রহে তু নাশ্নীয়াৎ পূর্ব্বং যামচতুষ্টয়ং।
চন্দ্রগ্রহে তু যামাংস্ত্রীন্ বালবৃদ্ধাতুরৈর্ব্বিনা॥

সূর্য্যগ্রহণের পূর্ব্বে চারি যাম অর্থাৎ চারি প্রহর আর চন্দ্রগ্রহণের পূর্ব্বে তিন যাম অর্থাৎ তিন প্রহর কাল আহার করিবে না, বাল বৃদ্ধ ও আতুর ইহাদের পক্ষে এ নিয়ম নয়।

চন্দ্রস্য গ্রস্তোদয়ে বিশেষমাহ বৃহদ্বশিষ্ঠ।
গ্রস্তোদয়ে বিধোঃ পূর্ব্বং নাহর্ভোজনমাচরেৎ।

যদি চন্দ্রের গ্রস্তোদয় হয় তবে পূর্ব্বের দিন ভোজন করিবে না। অর্থাৎ যে দিনে গ্রস্তোদয় সেই দিবা ভোজন করিবে না।

বালবৃদ্ধাতুরবিষয়ে বাচস্পতি মিশ্র ধৃতং মার্কণ্ডেয়বচনং।
সায়াহ্নে গ্রহণং চেৎ স্যা দপরাহ্ণে ন ভোজনং।
অপরাহ্ণে ন মধ্যাহ্নে মধ্যাহ্নে চেন্ন সঙ্গবে।
সঙ্গবে গ্রহণং চেৎ স্যাৎ ন পূর্ব্বাং ভোজনক্রিয়াং॥

যদি সন্ধ্যার সময় গ্রহণ হয় তবে অপরাহ্নে ভোজন করিবে না। অপরাহ্নে অর্থাৎ দিবার শেষভাগে গ্রহণ হইলে প্রাতঃকালে ভোজন করিবে না, এবং প্রাতঃকালে গ্রহণ হইলে তাহার পূর্ব্বে ভোজন করিবে না। আর যদি সূর্য্যগ্রস্ত হইয়া অস্ত হয় তবে পরদিনে সূর্য্য না দেখিয়া ভোজন করিবে না। প্রমাণং—(মুক্তিং দৃষ্ট্বাতু ভুঞ্জীত স্নানং কৃত্বা পরেহনীতি) যদি অর্দ্ধরাত্রে চন্দ্রগ্রহণ হয় তবে সায়ং কালে ভোজন করিবে না।

প্রমাণং বৃহন্নারদীয়ে।

অর্দ্ধরাত্র ব্যতীতে তু যদা চন্দ্রগ্রহো ভবেৎ।
সায়ন্তত্র ন ভুঞ্জীত নতু প্রাতরভোজনং॥

যদি মেঘাবৃত হেতু দর্শন না হয় তবে মোক্ষকাল অনুমান করিয়া ভোজন করিবে। প্রমাণং যথা,—

মেঘমালাদি দোষেণ যদি মুক্তির্ন দৃশ্যতে।
অকালস্যতু তৎকালং ভুঞ্জীত স্নানপূর্ব্বকং॥
ইতি কৃত্যতত্ত্বার্ণবধৃত।

গ্রস্তোদয়ের পর তিনদিন বেদশাস্ত্র পাঠ করিবে না (ত্র্যহং ন কীর্ত্তয়েদ্ব্রহ্ম রাজ্ঞো রাহোশ্চ সূতকে) মিতাক্ষরায় এই প্রমাণ আছে।

অথ নিত্যশ্রাদ্ধকাল।

প্রতি মাসের অমাবস্যাতে অষ্টকাত্রয়ে সকলেই শ্রাদ্ধ করিবে, নিরগ্নিকেরা অপর পক্ষের চতুর্দ্দশী ভিন্ন অন্যান্য সকল তিথিতেই শ্রাদ্ধ করিবে, সাগ্নিকেরা সকল তিথিতেই শ্রাদ্ধ করিতে পারে। অমাবস্যার প্রকার ভেদে অর্থাৎ ক্ষীণা, স্তম্ভিতা ও বর্দ্ধমানা ভেদে সাগ্নিক ও নিরগ্নিক সকলেই শ্রাদ্ধ করিতে পারিবে। যদি প্রতি অমাবস্যাতে শ্রাদ্ধ করিতে না পারে, তবে জ্যৈষ্ঠ আশ্বিন ও ফাল্গুন এই কয় মাসের অমাবস্যাতে অবশ্যই শ্রাদ্ধ করিবে।

কন্যা কুম্ভ বৃষস্থার্কে কৃষ্ণপক্ষে চ সর্ব্বদা।

ইহার মহাবাক্যে সৌরমাসের উল্লেখ করিবে (বিবাহাদৌ স্মৃতঃ সৌর) মলমাসে অমাবস্যাতে শ্রাদ্ধ সকলেরই পক্ষে নিষেধ আছে। প্রমাণং যথা —

একরাশিস্থিতে সূর্য্য যদি দর্শদ্বয়ং ভবেৎ।
দর্শশ্রাদ্ধং তদাদৌ স্যান্ন পরত্র মলিম্লুচে॥
ইতি সম্বৎসরপ্রদীপে স্মৃতিরত্নাকরয়োঃ।

যদি একরাশিতে সূর্য্য থাকিতে দুই অমাবস্যা হয়, সেই মাসকে মলমাস কহে, ঐ মাসে অমাবস্যায় শ্রাদ্ধ করিবে না, শুদ্ধ মাসে করিবে, আর জাতকর্ম্মের নিমিত্ত যদি মলমাসে করিতে হয়, তবে তাহাতে মলমাসে তাদৃশ দোষ বহ নহে। প্রমাণং যথা ;—

জাতকর্ম্মণি যচ্ছ্রাদ্ধং দর্শশ্রাদ্ধং তথৈব চ।
মলমাসেঽপি তৎকার্য্যং ব্যাসস্য বচনং যথা॥

অন্যচ্চ।

অশ্বযুক্ কৃষ্ণপক্ষে তু শ্রাদ্ধং কুর্য্যাদ্দিনে দিনে।
ত্রিভাগহীন পক্ষং বা ত্রিভাগন্ত্বর্দ্ধমেব বা॥
ইতি ব্রহ্মপুরাণং।

আশ্বিনের কৃষ্ণপক্ষে প্রতিদিন শ্রাদ্ধ করিবে, অশক্ত হইলে পক্ষকে ত্রিভাগ করিয়া প্রথম ভাগ ব্যতীত অর্থাৎ ষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত, আর একাদশী হইতে অমাবস্যা পর্য্যন্ত, আর ত্রয়োদশী হইতে অমাবস্যা পর্য্যন্ত শ্রাদ্ধ করিবে। ঐ মাসে মলমাস পাতে শ্রাদ্ধ করা কর্ত্তব্য নহে।

অথ মঘাত্রয়োদশী শ্রাদ্ধং।

মঘা ত্রয়োদশীর শ্রাদ্ধের বিষয় ত্রয়োদশীস্থলে বর্ণিত আছে।

অথ নবান্নশ্রাদ্ধং।

নবোদকে নবান্নে চ গৃহপ্রচ্ছাদনে তথা।
পিতরঃ স্পৃহয়ন্ত্যন্নমষ্টকাসু মঘাসু চ।

নবোদকে, নবান্নে, গৃহপ্রবেশে, অষ্টকা ও মঘাত্রয়োদশীতে পিতৃগণকে অন্ন দিয়া শ্রাদ্ধ করিবে। নবোদকে অর্থাৎ বর্ষার উপক্রমে আষাঢ় মাসে এই শ্রাদ্ধ করণীয়। প্রমাণং (আর্দ্রাদিতো বিশাখান্তং রবি চারেণ বর্ষতি) আর্দ্রাস্থ রবিতে শ্রাদ্ধ করিবে।

প্রাবৃট্ কালে সমায়াতে রৌদ্রঋক্ষগতে রবৌ
নাড়ীবেধ সমাযোগে জলযোগং বদাম্যহং।
ইতি রুদ্রযামলে।

বর্ষাকাল উপস্থিত হইলে আষাঢ় মাসের ছয়দিন ৪০ দণ্ডের পর ১৩ দিন ২০ দণ্ড পর্য্যন্ত আর্দ্রানক্ষত্রে রবি থাকিবেন, সেই সকল দিবসের মধ্যে যে কোন দিনে নবোদক নিমিত্ত শ্রাদ্ধ করিবে।

মাঘ ফাল্গুন বৈশাখে স্বপি নবান্নশ্রাদ্ধং কার্য্যং। স্মার্ত্ত।

মাঘ, ফাল্গুন, বৈশাখ মাসেও নবান্নের বিহিত কাল, হরিশয়নে করিবে না।

নবান্নং নৈব নন্দায়াং নচ সুপ্তে জনার্দ্দনে।
ন কৃষ্ণপক্ষে ধনুষি তুলায়াং নৈব কারয়েৎ॥
ইতি জ্যোতিষে।

নন্দাতে, হরিশয়নে, কৃষ্ণপক্ষে, ধনু ও তুলারাশিতে নবান্ন করিবে না। কিন্তু হরিশয়নের মধ্যে আশ্বিনমাসে বিধি আছে। প্রমাণং যথা;—

আশ্বিনমধিকৃত্য।
শুক্লপক্ষে নবং ধান্যং পক্বং জ্ঞাত্বা সুশোভনং।
গচ্ছেৎ ক্ষেত্রাবিধানেন গীতবাদ্য পুরঃসরঃ।
তেন দেবান্ পিতৄং শ্চৈব তর্পয়েদর্চ্চয়েত্তথা॥
ইতি ব্রহ্মপুরাণং।

আশ্বিনমাসে ধান্য পক্ক জানিয়া ক্ষেত্রী গীত বাদ্যাদি করতঃ ক্ষেত্রে গমন করিবে, এবং ধান্যচ্ছেদন করিয়া আনিবে, ও সেই ধান্যে পিতৃ ও দেবগণকে অর্চ্চনা করিবে। আর গৌণকালের মধ্যে অগ্রহায়ণমাসে প্রশস্ত। প্রমাণং যথা;—

বৃশ্চিকে শুক্লপক্ষে তু নবান্নং শস্যতে বুধৈঃ।

অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষে নবান্ন করিবেক, কিন্তু ইহার প্রথম তিন দিন বিশদণ্ড ও শেষে ছয় দিন ৪০ দণ্ড ত্যাগ করিয়া শ্রাদ্ধ করিবে প্রমাণং যথা;—

সূর্য্যে চৈব বিশাখগে স্বরতিথৌ পাপে ত্রিজন্মান্বিতে।
নন্দামন্দ মহীজ কাব্যদিবসে পৌষেমধৌ কার্ত্তিকে॥
ভেষূগ্রাহি শিবেষু বিষ্ণুশয়নে কৃষ্ণে শশিন্যষ্টমে।
শ্রাদ্ধং ভোজনকং নবান্নবিহিতং পুত্রার্থনাশপ্রদং॥
জ্যেষ্ঠাশেষার্দ্ধগে সূর্য্যে মৃগনেত্রানিশাত্মকে।
নবান্নৈর্ভোজনং শ্রাদ্ধং জন্মচন্দ্রে তিথৌ নচ॥

ইতি জ্যোতিষে।

মার্গশীর্ষ প্রথম তিন দিন ২০ দণ্ড ও শেষ ছয় দিন ৪০ দণ্ড ব্যতীত সমস্ত মাসে নবান্ন নিমিত্ত শ্রাদ্ধ করিতে পারে। আর ত্রয়োদশী পঞ্চমতারা (১) এবং রিক্তা ও নন্দা তিথি, শনি, মঙ্গল ও শুক্রবার পূর্ব্বভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বফল্গুনী, মঘা, ভরণী, অশ্লেষা ও আর্দ্রানক্ষত্র। পৌষ, চৈত্র, কার্ত্তিকমাস, আর অষ্টমচন্দ্র (২) আর বিষ্ণুশয়ন ইহাতে নবান্ন ও নবান্নজন্য শ্রাদ্ধাদি করিলে পুত্র এবং অর্থনাশ হয়।

ব্রহ্মাবিষ্ণুবৃহস্পতী শশধরো মার্ত্তণ্ড পৌষ্ণাদিতৌ,
মৈত্রে চিত্র বিশাখ বায়ুধনভে মূলাশ্বিবহ্নৌ তথা।

---

(১) তারাশুদ্ধির প্রকরণ দেখ। (২) চন্দ্রশুদ্ধির প্রকরণ দেখ।

শক্রে বারুণঋক্ষকে শুভদিনে শ্রাদ্ধং নবং শস্যতে,
নন্দাভার্গবভূমিজেষু ন ভবেচ্ছ্রাদ্ধং নবান্নোদ্ভবং ॥
ইতি ভোজরাজঃ।

রোহিণী, শ্রবণা, পুষ্যা মৃগশিরা, হস্তা, রেবতী, পুনর্ব্বসু, অনুরাধা, চিত্রা, বিশাখা, স্বাতি, ধনিষ্ঠা, মূলা, অশ্বিনী, কৃত্তিকা, জ্যেষ্ঠা ও শতভিষা এই সকল নক্ষত্রে এবং রবি সোম, বুধ, বৃহস্পতিবারে ও চন্দ্রতারা শুদ্ধযুক্ত শুভদিনে নবান্ন ও নবান্নজন্য শ্রাদ্ধ করিবে (১) নন্দা তিথিতে ও শুক্র মঙ্গল শনিবারে নবান্ন শ্রাদ্ধ করিবে না।

বৈশাখমাসে যবশ্রাদ্ধ করিবে।

পিতরি জীবতি যঃ শ্রাদ্ধং কুর্য্যাৎ পিতা যেষাং কুর্য্যাৎ তেষাং কুর্য্যাৎ, পিতরি পিতামহে চ জীবতি পিতামহো যেষাং কুর্য্যাৎ তেষাং কুর্য্যাৎ। পিতরি পিতামহে প্রপিতামহে চ জীবতি নৈব কুর্য্যাৎ, মাতামহাদি ত্রিষু জীবৎসু পিত্রাদি ত্রয়মাত্রশ্রাদ্ধং কর্ত্তব্যং ॥ ইতি বিষ্ণুসূত্রং।

যদি কাহারও পিতা জীবিত থাকে, তবে সে ব্যক্তি পিতা যে রূপ শ্রাদ্ধাদি করিবেন তাহাই করিবে, অর্থাৎ পিতামহাদিকে পিণ্ড দান করিবে। ঐ রূপ পিতা ও পিতামহ জীবিত থাকিলে পিতামহ যে রূপ করিবেন সেও তাহাই করিবে, কিন্তু প্রপিতামহ জীবিত থাকিলে শ্রাদ্ধ করিবে না। যদি মাতামহাদি তিন পুরুষ জীবিত থাকে, তবে পিতা পিতামহ প্রপিতামহ তিন পুরুষের শ্রাদ্ধ করিবে, মাতামহাদির শ্রাদ্ধ করিবে না।

---

(১) যদি ঐরূপ দিনস্থির হইলে কাহারও চন্দ্র তারা শুদ্ধ না হয় তাহার পক্ষেও নবান্ন করা কর্ত্তব্য। চন্দ্র তারা শুদ্ধ না হইলে তাহার প্রতিকারার্থে যে দান নির্দ্দিষ্ট আছে তাহা করিবে, তাহাতেই সকল দোষ খণ্ডন হইবে।

অথ শ্রাদ্ধকাল নিরূপণং।

পূর্ব্বাহ্নে মাতৃকং শ্রাদ্ধমপরাহ্নে তু পৈতৃকং।
একোদ্দিষ্টন্তু মধ্যাহ্নে প্রাতর্ব্বৃদ্ধি নিমিত্তকং॥
ইতি ব্রহ্মপুরাণং।

সাগ্নিককর্ত্তব্য অন্নাষ্টকা শ্রাদ্ধাদি পূর্ব্বাহ্নে করিবে, এবং পৈতৃক শ্রাদ্ধাদি অর্থাৎ পার্ব্বণশ্রাদ্ধ অপরাহ্নে করিবে, এবং মধ্যাহ্নকালে একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিবে। পরন্তু এই শ্রাদ্ধ শুক্লপক্ষে ও কৃষ্ণপক্ষে বিহিত পার্ব্বণ, অষ্টকা ও সপিণ্ডীকরণে প্রভেদ আছে। প্রমাণং যথা;—

শুক্লপক্ষস্য পূর্ব্বাহ্নে শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
কৃষ্ণপক্ষাপরাহ্নে তু রৌহিণ্যন্তু ন লঙ্ঘয়েৎ॥
ইতি বায়ুপুরাণং।

এই স্থলে যুগাদ্যা, মাঘীপৌর্ণমাসী নিমিত্ত পার্ব্বণশ্রাদ্ধ পূর্ব্বাহ্নে করিবে। আর কৃষ্ণপক্ষে বিহিত পার্ব্বণশ্রাদ্ধ অপরাহ্নে কর্ত্তব্য।

প্রাতঃকালো মুহূর্ত্তাস্ত্রীন্ সঙ্গবস্তাবদেবতু।
মধ্যাহ্ন স্ত্রিমুহূর্ত্তঃ স্যাদপরাহ্নস্ততঃপরং॥
সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ।
রাক্ষসীনাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু॥
ইতি মৎস্যপুরাণং।

প্রাতঃকালের তিন মুহূর্ত্তকে(১) প্রাতঃকাল কহে। তৎপর তিন মুহূর্ত্তকে সঙ্গব কহে। তাহার পর তিন মুহূর্ত্ত মধ্যাহ্ন ও পরে তিন মুহূর্ত্তকে অপরাহ্ন কহে। তাহার পর তিন মুহূর্ত্তকে সায়াহ্ন কহে, ঐ সময়ে শ্রাদ্ধ করিবে না; ঐ তিন মুহূর্ত্তই রাক্ষসী কাল, তাহাতে কোন কর্ম্ম করিবে না। পূর্ব্ববচনে "রৌহিণ্যন্তু ইত্যাদি" যাহা

(১) দিবাকে পঞ্চদশভাগে বিভাগ করিলে একভাগকে মুহূর্ত্ত কহে, সেই রূপ তিন মুহূর্ত্ত।

লিখিত হইয়াছে তাহাতে গৌণকালেও করিতে পারিবে, তথাপি রাক্ষসী বেলাতে কোন কর্ম্ম করিতে পারিবে না। এই জন্য বলা হইয়াছে যে (রৌহিণান্তু ন লঙ্ঘয়েৎ।)

কৃষ্ণপক্ষবিহিত পার্ব্বণ শ্রাদ্ধ, কি সপিণ্ডীকরণ, কি মৃতাহজন্য পার্ব্বণ বা একোদ্দিষ্ট শ্রাদ্ধকাল ব্যবস্থা এই।

ঊর্দ্ধং মুহূর্ত্তাৎ কুতপাৎ যন্মুহূর্ত্ত চতুষ্টয়ং।
মুহূর্ত্তপঞ্চকন্থাপি স্বধা ভবনমিষ্যতে॥ মৎস্যপুরাণং।

কুতপ মুহূর্ত্তের পর চারি মুহূর্ত্ত কালের মধ্যে বা কুতপ সহিত পাঁচ মুহূর্ত্ত কালের মধ্যে পূর্ব্বোক্ত শ্রাদ্ধ সকল করিবে, তাহার পর রাক্ষসী বেলা আগতা হইলে আর কোন কর্ম্ম করিবে না।

কুতপকালমাহ।

অহ্নোমুহূর্ত্তা বিখ্যাতা দশপঞ্চ চ সর্ব্বদা।
তত্রাষ্টমো মুহূর্ত্তো যঃ স কাল কুতপঃ স্মৃতঃ॥

দিবসকে পঞ্চদশ ভাগ করিলে দুই দণ্ড করিয়া এক এক মুহূর্ত্ত হয়, তাহার অষ্টম মুহূর্ত্তকে কুতপ কহে।

রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্ব্বীত রাক্ষসী কীর্ত্তিতা হি সা।
সন্ধ্যয়োরুভয়োশ্চৈব সূর্য্যে চৈবাচিরোদিতে॥ ইতিমনুঃ।

রাত্রিকালকে রাক্ষসীকাল কহে, এই নিমিত্ত রাত্রিতে শ্রাদ্ধ করিবে না, করিলে শ্রাদ্ধের ফল নষ্ট হয়। আর উভয় সন্ধ্যাতে অর্থাৎ সায়ং সন্ধ্যা সময়ে ও প্রাতঃসন্ধ্যা সময়ে এবং দিবার প্রথম তিন দণ্ড পর্য্যন্ত শ্রাদ্ধ করিবে না।

যদি উভয় দিনে শ্রাদ্ধ করণযোগ্য কাল লাভ হয় তবে অপরাহ্নিক শ্রাদ্ধ পূর্ব্ব তিথিতে কর্ত্তব্য (যয়াস্তং সবিতা যাতি পিতরস্তামুপাসতে। তিথ্যন্তেভ্যোহপরাহ্নেপি স্বয়ং দত্তঃ সয়ম্ভুবা।) আর যদি উভয়দিনে একোদ্দিষ্টের সমানকাল লাভ হয় কি না, তবে একোদ্দিষ্ট শ্রাদ্ধ শুক্ল কৃষ্ণ পক্ষভেদে ব্যবস্থা হইবে। প্রমাণং যথা ;—

শুক্লপক্ষে তিথিগ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিঃ।
কৃষ্ণপক্ষে তিথিগ্রাহ্যা যস্যামস্তমিতো রবিঃ॥
ইতি বিষ্ণুধর্ম্মোত্তরং।

যে সকল শ্রাদ্ধ কালের ব্যবস্থা লিখিত হইল অমাবস্যাতে এ সকল নিয়ম নহে তাহাতে ক্ষীণা স্তম্ভিতা ও বর্দ্ধমানা ভেদে তিন প্রকার ব্যবস্থা আছে।

যদা চতুর্দ্দশী যামং তুরীয় মনুপূরয়েৎ।
অমাবস্যা ক্ষীয়মাণা তদৈব শ্রাদ্ধমিষ্যতে।
ছান্দোগ্যপরিশিষ্টে কাত্যায়নঃ।

যদি পূর্ব্বদিনে তৃতীয় প্রহরের পর বা তৃতীয় প্রহর দিবার সময় পর্য্যন্ত চতুর্দ্দশী থাকে এবং পরদিনে ঐ সময় পর্য্যন্ত বা কিছুকাল ন্যূন অমাবস্যা থাকে তবে সাগ্নিক ও নিরগ্নিক প্রভৃতিরা পূর্ব্বদিনে শ্রাদ্ধ করিবে, কারণ তাহাতে অমাবস্যা ক্ষীণা হয়। পরন্তু সকলের পক্ষেই অমাবস্যা শ্রাদ্ধদিনের চারিভাগ করিয়া তাহার তৃতীয় ভাগে শ্রাদ্ধ করা বিধেয়, প্রমাণং—(বাসরস্য তৃতীয়াংশে নাতি সন্ধ্যা সমীপতঃ।) তাহার পর রাক্ষসী বেলা, এই হেতু সেই কাল বর্জ্জনীয়া। জ্যৈষ্ঠ কিম্বা অগ্রহায়ণ মাসে যদি ঐ রূপ হয় তবে পরদিনে শ্রাদ্ধ করিবে। প্রমাণং যথা;—

অত্রেন্দুবাদ্য প্রহরেঽবতিষ্ঠে চতুর্থভাগো ন কলাবশিষ্টঃ।
তদন্ত এব ক্ষয়মেতি কৃৎস্ন মেবং জ্যোতিশ্চক্রবিদো বদন্তি॥
ইতি জ্যোতিষঃ।

যদি অমাবস্যা অপরাহ্নদ্বয়কে ব্যাপিয়া থাকে অর্থাৎ পূর্ব্বদিনে তিনদণ্ড বেলা থাকিতে অমাবস্যা হইয়া পরদিনে ২০ দণ্ড পর্য্যন্ত থাকে তবে সাগ্নিকেরা পূর্ব্বদিনে, ও নিরগ্নিকেরা পরদিনে শ্রাদ্ধ করিবে। আর যদি পূর্ব্বদিন ২২ দণ্ডের পর অমাবস্যা পাত হইয়া পরদিন ২২ দণ্ড পর্য্যন্ত থাকে তবে ঋগ্বেদীয়েরা পূর্ব্বদিনে ও যজুর্ব্বেদীয়েরা পরদিনে শ্রাদ্ধ করিবে। সামবেদীদিগের নিয়ম নাই, তাহারা যে দিনে ইচ্ছা সেই দিনেই করিতে পারিবে।

ত্রিমুহূর্ত্তাপি কর্ত্তব্যঃ পূর্ব্বদর্শা চ বহ্বৃচৈঃ।
কুহূরধ্বর্য্যুভিঃ কার্য্যা যথেষ্টং সামগীতিভিঃ॥
ইতি লঘুহারীতঃ।

যদি পূর্ব্বদিনে ২৪ দণ্ডের পর অমাবস্যা পতিত হইয়া পর দিবসের ২৪ দণ্ড পর্য্যন্ত থাকে তবে সকলের পক্ষেই পরদিনে শ্রাদ্ধ কর্ত্তব্য। প্রমাণং যথা;—

বর্দ্ধমানামমাবস্যাং লক্ষয়েদপরেহনি।
সমাংস্ত্রীনধিকান্ বাপি পিতৃযজ্ঞস্ততো ভবেৎ॥

অমাবস্যায় মৃত ব্যক্তির পক্ষে এরূপ ব্যবস্থা নহে, তাহার পার্ব্বণ শ্রাদ্ধের ন্যায় অনুষ্ঠান করিয়া সপিণ্ডীকরণ শ্রাদ্ধ করণের ন্যায় দশম একাদশ ও দ্বাদশ মুহূর্ত্তে শ্রাদ্ধ করিবে।

স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয়, প্রশস্ত ও প্রশস্ততর এবং প্রশস্ততম কাল এই রূপ কহিয়াছেন। যথা;—

সায়াহ্ন মুহূর্ত্তদ্বয় পর্য্যুদস্তেতরকাল কুতপাদি মুহূর্ত্ত-পঞ্চক রোহিণ্যাদি মুহূর্ত্তচতুষ্টয় বাসর তৃতীয়াংশীয়া-পরাহ্নমুহূর্ত্তদ্বয় কাল পঞ্চকো যথা ক্রমমাপৎ সামান্য প্রশস্ত প্রশস্ততর প্রশস্ততম ত্বেন জ্ঞেয়ঃ॥

সায়াহ্ন মুহূর্ত্তদ্বয়, পর্য্যুদস্তেতর কাল, কুতপাদি মুহূর্ত্তপঞ্চক, রোহিণ্যাদি মুহূর্ত্ত চতুষ্টয়, দিনের তৃতীয়াংশীয় অপরাহ্ন মুহূর্ত্তদ্বয়-কাল পঞ্চক অর্থাৎ, আপৎ, সামান্য, প্রশস্ত, প্রশস্ততর ও প্রশস্ততম কাল।

অথ একোদ্দিষ্ট শ্রাদ্ধকাল ব্যবস্থা।

একোদ্দিষ্ট শ্রাদ্ধ অষ্টম মুহূর্ত্তে আরম্ভ করিয়া নবম মুহূর্ত্তে সমাপন করিবে। যদি দুই দিনেই অষ্টম ও নবম মুহূর্ত্ত পায় তবে কৃষ্ণ পক্ষে পূর্ব্বদিনে এবং শুক্লপক্ষে পরদিনে শ্রাদ্ধ করিবে। যদি উভয় দিনেই যথাকাল না পায় কিন্তু পরদিন সপ্তম মুহূর্ত্ত পাইয়াছে এমন

স্থলে পরদিনে শ্রাদ্ধ হইবে। আর যদি পূর্ব্বদিনে নবম মুহূর্ত্তকালে তিথি পাইয়া পরদিন অষ্টম মুহূর্ত্ত পর্য্যন্ত থাকে তবে কৃষ্ণপক্ষ হইলেও পরদিনে শ্রাদ্ধ করিবে। প্রমাণঃ যথা ;— (আরভ্যকুতপে শ্রাদ্ধমিত্যাদি) যদি দুই দিনেই অষ্টম মুহূর্ত্তকাল না পায় পূর্ব্বদিন নবম মুহূর্ত্ত পাইয়াছে, তবে শুক্লপক্ষ হইলেও সমাপ্তি কালের অনুরোধে পূর্ব্বদিনে শ্রাদ্ধ করিবে। যদি পূর্ব্বদিনে নবম মুহূর্ত্ত না পায় ও পরদিনে সপ্তম মুহূর্ত্ত কাল পায়, তবে কৃষ্ণপক্ষ হইলেও পরদিনে শ্রাদ্ধ করিবে। কারণ একোদ্দিষ্ট শ্রাদ্ধ মধ্যাহ্নে করিবে। আর যদি পূর্ব্বদিন নবম মুহূর্ত্ত ও পরদিন সপ্তম মুহূর্ত্ত না পায় তবে কৃষ্ণপক্ষে পূর্ব্বদিনে, শুক্লপক্ষে পরদিনে শ্রাদ্ধ হইবে।

যদি একোদ্দিষ্ট শ্রাদ্ধদিনে অশৌচপাত জন্য শ্রাদ্ধ না করিতে পারে তবে অশৌচান্ত দিনে করিবে।

দেয়ে পিতৃণাং শ্রাদ্ধেতু অশৌচং যায়তে যদি।
তদাশৌচ ব্যতীতেতু তেষাং শ্রাদ্ধং বিধীয়তে॥

অথ প্রেতশ্রাদ্ধ ব্যবস্থা।

একোদ্দিষ্টেতু সম্প্রাপ্তে যদি বিঘ্নং প্রজায়তে।
মাসেঽন্যস্মিং স্তিথৌ তস্মিং স্তদা দদ্যাৎ প্রযত্নতঃ॥
ইতি দেবলঃ।

যদি একোদ্দিষ্ট শ্রাদ্ধদিনে কোন বিঘ্নপাত হেতু শ্রাদ্ধ করিতে না পায় তবে অন্য মাসের সেই তিথিতে অর্থাৎ যে তিথিতে একোদ্দিষ্ট শ্রাদ্ধ হইয়া থাকে সেই তিথিতে শ্রাদ্ধ করিবে। ইহা বিদিতের পক্ষে, অবিদিতের পক্ষে এই।—

শ্রাদ্ধ বিঘ্নে সমুৎপন্নে মৃতাহা বিদিতে তথা।
একাদশ্যাং প্রকুর্ব্বীত কৃষ্ণপক্ষে বিশেষতঃ॥
ইতি লঘুহারীত।

যদি একোদ্দিষ্ট শ্রাদ্ধদিনে কোন কারণ বশতঃ শ্রাদ্ধ করিতে না পারে কিম্বা মৃতাহ অর্থাৎ মৃত তিথি অবিদিত থাকে তাহা হইলে কৃষ্ণপক্ষের একাদশীতে শ্রাদ্ধ করিবে।

ন জ্ঞায়তে মৃতাহশ্চেৎ প্রোষিতে সংস্থিতে সতি।
মাসশ্চেৎ প্রতিবিজ্ঞাত স্তদ্দর্শেস্মান্মৃতাহনি॥
ইতি বৃহস্পতিঃ।

কোন ব্যক্তির বিদেশে মৃত্যু হইয়াছে, তাহার শ্রাদ্ধাধিকারী ব্যক্তি মাস জানে, কিন্তু কোন্ তিথিতে মৃত্যু হইয়াছে তাহা জানে না এমনস্থলে ঐ ব্যক্তির শ্রাদ্ধ ঐ মাসের কৃষ্ণা একাদশী বা অমাবস্যাতে করিবে।

যদি মাসো ন বিজ্ঞাতো বিজ্ঞাতং দিনমেবহি।
তদামার্গশিরেমাসি মাঘে বা তদ্দিনং ভবেৎ॥

যে কোন ব্যক্তির বিদেশে মৃত্যু হইয়াছিল, তাহার শ্রাদ্ধাধিকারী দিন অর্থাৎ যে তিথিতে মৃত্যু হয় তাহা জানে, কিন্তু মাস জানে না এস্থলে অগ্রহায়ণ, কি মাঘ মাসের সেই তিথিতে শ্রাদ্ধ করিবে (১)।

অত্র বিষয়ে ভবিষ্যপুরাণং।

দিনমেব তু জানাতি মাসং নৈব তু যো নরঃ।
মার্গশীর্ষে তথা ভাদ্রে মাঘে বা তদ্দিনং ভবেৎ॥

দিন জানে মাস জানে না, তাহা হইলে অগ্রহায়ণ কি ভাদ্র কি মাঘ মাসের সেই তিথিতে শ্রাদ্ধ করিবে।

দিনমাসৌ ন বিজ্ঞাতৌ মরণস্য যদা পুনঃ।
প্রস্থানদিনমাসৌ তু গ্রাহ্যৌ পূর্ব্বোক্তয়াদিশা॥
ইতি বৃহস্পতিঃ।

---

(১) কালদর্শক ও নির্ণয়ামৃতে মার্গশিরস্থলে আষাঢ়ে এই পাঠ বলেন, পরন্তু আষাঢ় মাসে শ্রাদ্ধ করিলেও হানি নাই।

কোন ব্যক্তি বিদেশ গমন করিয়াছিল পরে বিদেশেই তাহার মৃত্যু হইয়াছে। শ্রাদ্ধাধিকারী কোন মাসে বা কোন তিথিতে মৃত্যু হইয়াছে কিছুই জানে না, এস্থলে তাহার শ্রাদ্ধসে যে মাসে যে দিনে বিদেশ গমন করিয়াছে সেই দিনে হইবে। আর যদি সেই ব্যক্তি প্রস্থান মাস জানে, কিন্তু তিথি জানে না এমত স্থলে সেই মাসের কৃষ্ণাত্রয়োদশী বা অমাবস্যাতে শ্রাদ্ধ করিবে। আর যদি প্রস্থান তিথি জ্ঞাত আছে, কিন্তু মাস জ্ঞাত নাই, তবে পূর্ব্বোক্ত যে যে মাস উল্লিখিত হইয়াছে সেই সেই মাসের সেই তিথিতে শ্রাদ্ধ করিবে, আর যদি সে ব্যক্তি শ্রাদ্ধাধিকারী কাহারো নিকট শ্রবণ করিয়া থাকে যে অমুক মাসে অমুক দিনে বিদেশ গমন করিয়াছিল, নিজে মাসাদি জ্ঞাত নহে, তবে সে যে মাসাদি শ্রবণ করিয়াছে সেই মাসে শ্রাদ্ধাদি করিবে।

যদি কোন ব্যক্তি অনুদ্দিষ্ট হইয়াছে, বারবৎসরপর্য্যন্ত কোন সংবাদ না পাওয়া যায়, তবে তাহার শ্রাদ্ধাধিকারীরা তাহাকে মৃত্যু নিশ্চয় জানিয়া পর্ণনরদাহন করিয়া ত্রিরাত্রাশৌচান্তে আদ্যশ্রাদ্ধাদি করিবে এবং ঐ ত্রিরাত্র মধ্যেই পূরক পিণ্ডদান করিবে। আর সে ব্যক্তি যে মাসে যে দিনে বিদেশ গমন করিয়াছিল সেই মাসে সেই দিনে তাহার একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিবে। যদি দিন না জানে তবে অমাবস্যায়, ও মাস না জানিলে আষাঢ় মাসের অমাবস্যায় শ্রাদ্ধ করিবে। প্রমাণং যথা ;—

> গতস্য ন ভবেৎ বার্ত্তা যাবৎ দ্বাদশবার্ষিকী।
> প্রেতাবধারণন্তস্য কর্ত্তব্যং সুতবান্ধবৈঃ।
> যন্মাসি যদহর্যাত স্তন্মাসি তদহঃ ক্রিয়া।
> দিনজ্ঞানে কুহূস্তস্য আষাঢ়স্যাথবা কুহূঃ॥ ইতি যমঃ।

যদি উক্ত ব্যক্তির বিদেশ গমন অর্থাৎ মাসাদি কেহই না জানে; তবে তাহার আদ্যশ্রাদ্ধ মাঘ অথবা অগ্রহায়ণ মাসের অমাবস্যাতে হইবে। আর সাম্বৎসারিক শ্রাদ্ধাদিও ঐ দিনে হইবে, আর শ্রবণবিষয়ে পূর্ব্বে যে নিয়ম কথিত হইয়াছে তাহাও এস্থলে খাটিবে। প্রমাণং যথা ;—

মৃতস্যাহো ন জানাতি মাসং বাপি কথঞ্চন।
তেন কার্য্যমমাবস্যাং শ্রাদ্ধং মাঘেঽথ মার্গকে॥
ইতি প্রভাসখণ্ডং।

অথ তর্পণবিধিঃ।

প্রত্যহ স্নানদানাদি করিয়া দেবতা ঋষি ও পিতৃগণের উদ্দেশে জলাঞ্জলিদানের নাম তর্পণ। তর্পণ প্রত্যহ কর্ত্তব্য, অপরপক্ষে তিলমিশ্রিতোদকে তর্পণ করিবে। আর প্রাত্যাহিক তিলতর্পণেও দোষ নাই। কেবল নিম্নলিখিত নিয়মে তত্তৎদিনে তর্পণ করিবে না।

রবি শুক্র দিনে চৈব দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সপ্তম্যাং জন্মদিবসে ন কুর্য্যাত্তিলতর্পণং॥ স্মৃতিঃ।
সংক্রান্ত্যাং নিশি সপ্তম্যাং রবি শুক্র দিনে তথা।
শ্রাদ্ধ জন্মদিনে চৈব ন কুর্য্যাত্তিলতর্পণং॥

রবিবার, শুক্রবার, দ্বাদশী, শ্রাদ্ধদিন, সপ্তমী, জন্মদিন, সংক্রান্তি, অমাবস্যা, এই সকল দিবসে তিলদ্বারা তর্পণ করিবে না।

অয়নে বিষুবে চৈব সংক্রান্ত্যাং গ্রহণেষু চ।
উপাকর্ম্মণি চোৎসর্গে যুগাদৌ মৃতবাসরে।
সূর্য্যশুক্রাদিবারেঽপি ন দোষস্তিলতর্পণে॥ স্মৃতিঃ।

উত্তরায়ণ, দক্ষিণায়ন, সংক্রান্তি, গ্রহণ, উপাকর্ম্ম, উৎসর্গ কারণ, যুগাদ্যা ও মৃতাহ যদ্যপি রবি কি শুক্রবারে হয় আর পূর্ব্বোক্ত তিথ্যাদি প্রাপ্ত হয়, তথাপি তিলতর্পণে দোষ নাই।

অন্যচ্চ।

তীর্থে তিথি বিশেষে চ গঙ্গায়াং প্রেতপক্ষকে।
নিষিদ্ধেঽপি দিনে কুর্য্যাৎ তর্পণং তিলমিশ্রিতং॥
ইতি মদনপারিজাতধৃত।

তিথিবিশেষ অর্থাৎ নিষিদ্ধ তিথিতে কোন তীর্থ বা গঙ্গা বা প্রেতপক্ষ, ইহাতে তিলমিশ্রিত তর্পণে দোষ নাই।

দ্বাদশ্যাং পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং শ্রাদ্ধবাসরে।
অমাবস্যাঞ্চ বস্ত্রাণাং ন কুর্য্যাৎ পীড়নং নৃপ ।।

দ্বাদশী, পৌর্ণমাসী, সংক্রান্তি, শ্রাদ্ধদিন, অমাবস্যা ইহাতে তর্পণ কালে বস্ত্রনিষ্পীড়ন জল দিবে না।

ইতি তিথিকৃত্য ব্যবস্থা সমাপ্তা।

অশৌচ ব্যবস্থা।

সপিণ্ডাদি মরণে কি জননে জ্ঞাতিবর্গের বৈদিকক্রিয়াদির অনধিকারজনক যে জ্ঞান জন্মে তাহার নাম অশৌচ। অশৌচদুইপ্রকার যথা।—মৃতাশৌচ ও জননাশৌচ। সপিণ্ডাদির পুত্র কন্যা জন্মিলে পিতা মাতা জ্ঞাতিবর্গের যে অশৌচ হয়, তাহার নাম জননাশৌচ বা জাতাশৌচ। আর সপিণ্ডাদি ব্যক্তির মৃত্যু হইলে যে অশৌচ হয় তাহার নাম মৃতাশৌচ, এই মৃতাশৌচের মধ্যে প্রকার ভেদ আছে, স্থলবিশেষে তাহার নামোল্লেখ করা হইবে। মৃতাশৌচ লিখিতে হইলে মুমুর্ষুকৃত্য অন্ত্যেষ্টিক্রিয়া পদ্ধতি দাহাধিকার ও সাপিণ্ড্যবিচার লিখিয়া পরে অশৌচের বিষয় বর্ণনা করা বিধেয়, অতএব প্রথমতঃ মুমুর্ষুকৃত্য লিখিত হইতেছে।

অথ মুমুর্ষুকৃত্য।

তাসন্ন মৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায় বৈ॥
তদা যদি ন শক্নোতি দাতু বৈতরণীঞ্চগাং।
শক্তোন্যোরুক্ তদা দত্তা শ্রেয়ো দদ্যান্ মৃতস্য চ॥
ইতি স্মার্ত্তঃ।

মনুষ্যের আসন্নমৃত্যু সময়ে অর্থাৎ মৃত্যু সময় উপস্থিত হইলে নরক নিবর্ত্তার্থ বৈতরণী করিতে হয়, অর্থাৎ সবৎসা গাভী দান করিতে হয়। তাহাতে অশক্ত হইলে এক গাভী মাত্র দান করিলেও হয়। সবৎসাধেনু দান সময়ে স্বুবর্ণশৃঙ্গ, রৌপ্যক্ষুর, কাংস্য ক্রোড়, তাম্রপৃষ্ঠ ইত্যাদিদ্বারা ভূষিত করিয়া, বস্ত্রের সহিত দান করিতে হয়।

উৎসর্গ বাক্য।

অদ্যেত্যাদি, অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা, সর্ব্বপাপবিনির্মুক্তি পূর্ব্বক যমদ্বারাবস্থিত বৈতরণীনদী সুখসন্তরণ কামঃ, ইমাং সবস্ত্রাং সালঙ্কৃতাং কৃষ্ণাং গাং গন্ধাদ্যর্চ্চিতাং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং সম্প্রদদে।

উৎসর্গ করিয়া এই মন্ত্র পাঠ করিবে।

যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণীনদী।
তাঞ্চ তর্তুং দদাম্যেনাং কৃষ্ণাং বৈতরণীঞ্চগাং॥

যদি গোমূল্য প্রদান করেন তবে উৎসর্গ বাক্যে ঐ প্রকার কেবল "কৃষ্ণাগোমূল্যান্ ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে" এইরূপ পাঠ করিতে হইবে।

দক্ষিণাবাক্যং।

অদ্যেত্যাদি, যমদ্বারাবস্থিত তপ্তাবৈতরণীনদীসুখসন্তরণকামনয়া কৃতৈতৎ সবস্ত্রালঙ্কৃত কৃষ্ণাগোদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায় সম্প্রদদে।

গোমূল্য দিলে (কৃষ্ণাগোমূল্যদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং) এইরূপ পঠিত হইবে।

যদি মুমূর্ষু ব্যক্তি, স্বয়ং এই কর্ম্ম নির্ব্বাহ করিতে না পারে, তবে অন্যদ্বারা নির্ব্বাহ করাইলেও ফলপ্রাপ্তি হইবে। আর মৃত্যু সময়ে যদি বৈতরণী না হয় তবে আদ্যশ্রাদ্ধের সময়ে প্রথমেই উক্ত কর্ম্ম করিতে হইবে।

অথ দাহাধিকারঃ।

জ্যেষ্ঠপুত্রঃ কনিষ্ঠঞ্চ ততঃ পৌত্র প্রপৌত্রকৌ।
অপুত্রা চ ততঃ পত্নী সপুত্রা তদনন্তরং।
অদত্ত্বা বাগ্‌দত্ত্বা বা প্রদত্ত্বা কন্যকা নৃপ।
দৌহিত্রোঽথ কনিষ্ঠশ্চ সোদরো জ্যেষ্ঠ সোদরঃ॥

এবং বিনাতৃজো জ্ঞেয়ো সোদরস্য সুতস্ততঃ।
বৈমাত্রেয়স্য পুত্রস্য পিতামাতা স্নুষা ততঃ॥
পৌত্রী পৌত্রস্য ভার্য্যাথ প্রপৌত্রী ততঃপরং।
প্রপৌত্রী সপিণ্ডশ্চ সমানোদক গোত্রজো।।
মাতামহো মাতুলশ্চ ভাগিনেয় স্তুতঃপরং।
মাতামহ সপিণ্ডশ্চ তৎসমানোদকস্ততঃ॥
বাগ্দান নিশ্চিতা ভার্য্যা শ্বশুরো দুহিতুঃ পিতুঃ।
ততো মাতামহীভ্রাতা শিষ্যাচার্য্যস্ততঃ সখা॥
পিতুর্ম্মিত্র স্বজাতীয়ঃ পুংসাং দাহাদিকারকঃ।

জ্যেষ্ঠপুত্র পিত্রাদির দাহাধিকারী, তদভাবে কনিষ্ঠপুত্র, পৌত্র, প্রপৌত্র, অপুত্রাপত্নী, পুত্রবতীপত্নী অদত্তা কন্যা বাগ্দত্তাকন্যা, দৌহিত্র, কনিষ্ঠ সহোদর, জ্যেষ্ঠসহোদর, কনিষ্ঠ বৈমাত্রেয়, জ্যেষ্ঠবৈমাত্রেয়, কনিষ্ঠ সহোদরপুত্র, জ্যেষ্ঠ সহোদরপুত্র, কনিষ্ঠবৈমাত্রেয় পুত্র, জ্যেষ্ঠ বৈমাত্রেয় পুত্র, তদভাবে পিতা, মাতা, পুত্রবধূ, পৌত্র, পৌত্রী, দত্তাপৌত্রী, প্রপৌত্রীবধূ, প্রপৌত্রী, দত্তাপৌত্রী, পিতামহ, পিতামহী, পিতৃব্যাদি সপিণ্ড সমানোদক গোত্রজ, তদভাবে মাতামহ, মাতুল, ভাগিনেয়, মাতামহ সপিণ্ড, সমানোদক, অপরিণীতাস্ত্রী অর্থাৎ যাহার সহিত বিবাহের নিমিত্ত বাগ্দান হইয়াছে, শ্বশুর, জামাতা, পিতামহীভ্রাতা, গুরু, শিষ্য, পুরোহিত, আচার্য্য, মিত্র, পিতৃমিত্র (১) তদভাবে একগ্রামবাসী স্বজাতি অথবা বেতনগ্রাহী স্বজাতি, ইহারা ক্রমান্বয়ে পুরুষের দাহাদি ক্রিয়ার অধিকারী। আদিপদে অন্ত্যেষ্টিক্রিয়া হইতে সপিণ্ডকরণপর্য্যন্ত।

স্ত্রীয়াস্তু বিশেষমাহ।—

স্ত্রীণাস্ত্বেবং প্রপৌত্রান্তঃ কন্যাত্রিস্রস্তথা নৃপ।
দৌহিত্রোঽথ সপত্নীজঃ পতিঃ স্নুষা সপিণ্ডকঃ॥

---

(১) পিতৃবান্ধব পিতামহের ভগিনীপুত্র, পিতামহীর ভগিনীপুত্র, পিতার মাতুল ইত্যাদি।

সমানোদক এবাথ সগোত্রোঽথ পিতা ততঃ।
ভ্রাতাথ ভগিনীপুত্রো ভর্ত্তুশ্চ ভগিনীসুতঃ॥
ভ্রাতুষ্পুত্রোঽথ জামাতা ভর্ত্তুর্ম্মাতুল শিষ্যকৌ।
পিত্রোর্ব্বংশ্যৌ স্বজাতীয়ৌ স্ত্রীণাং দাহাদিকারকঃ॥
ইতি স্মার্ত্তঃ।

জ্যেষ্ঠপুত্র, কনিষ্ঠপুত্র, পৌত্র, প্রপৌত্র, কন্যা, বাগ্দত্তাকন্যা, দত্তাকন্যা, দৌহিত্র, সপত্নীপুত্র, পতি, পুত্রবধূ, স্বামীর সপিণ্ড ও সমানোদক, সগোত্র, পিতা, ভ্রাতা, ভগিনীপুত্র, স্বামীর ভাগিনেয়, ভ্রাতষ্পুত্র, জামাতা, স্বামীর মাতুল, পতির শিষ্য, পিতৃবংশ ও মাতৃবংশ (১)।

অসগোত্রঃ সগোত্রো বা যদি স্ত্রী যদি বা পুমান্।
যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হি॥ স্মার্ত্তঃ।

অসগোত্র হউক বা সগোত্রই হউক, পুরুষই হউক কি অধিকারিণী স্ত্রীই হউক, যে মৃতের অগ্নিদান করিবে, সেই প্রেতের পিণ্ডদান করিবে।

দাহকস্য ত্বসামর্থ্যে পিণ্ডং দেয়া সুতাদিনা। স্মার্ত্তঃ।

দাহক ব্যক্তি কোন কারণবশতঃ যদি পিণ্ডদান করিতে অপারগ হয়, তবে মৃতব্যক্তির পুত্রাদি পিণ্ডদান করিতে পারিবে।

অথ সাপিণ্ড্যাদি বিচারঃ।

লেপভাজশ্চতুর্থাদ্যা পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ।
পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষং॥
ইতি মৎস্যপুরাণং।

(১) পিতৃবংশ এই স্থলে মাতামহের বংশ এই অর্থ।

আপনা হইতে গণনা করিয়া, পিণ্ডভাগী তিনপুরুষ ও লেপ-ভুক্ (১) তিনপুরুষ, এই সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ড। তদ্দৃষ্টান্ত যথা ;—শারদা পুত্র, বংশীমোহন পিতা, সুধারাম পিতামহ, ঠাকুর-দাস প্রপিতামহ, কাশীকান্ত বৃদ্ধপ্রপিতামহ, রামভদ্র অতিবৃদ্ধ প্রপিতামহ, ও গঙ্গাধর, অত্যতিবৃদ্ধ প্রপিতামহ, এখানে শারদার সহিত গঙ্গাধরের সপিণ্ডত্ব আছে। কারণ এস্থলে শারদা পিণ্ডদঃ, বংশীমোহন সুধারাম ঠাকুরদাস পিণ্ডভাগী, আর কাশীকান্ত, রাম-ভদ্র ও গঙ্গাধর লেপভুক্, এই জন্য শারদার সহিত গঙ্গাধরের সপিণ্ডত্ব আছে। সপিণ্ডের পর তিন পুরুষ আর এই বংশে অমুক নামে এক ব্যক্তি জন্মিয়াছিল ইত্যাদি নাম স্মরণ পর্য্যন্ত সমানোদক, কেহ কেহ বলেন চতুর্দ্দশ পুরুষপর্য্যন্ত সমানোদক, তাহার পর গোত্রজ এই সম্বন্ধ থাকে। প্রমাণং যথা ;—

সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে।
সমানোদকভাবস্তু জন্মনাম্নোরবেদনে।
সমানোদক ভাবস্তু নিবর্ত্তেতা চতুর্দ্দশাৎ ॥
ইতি মনুসংহিতা ৫ অধ্যায় ৬০ শ্লোক।

এই স্থলে এক পূর্ব্বপক্ষ হইতে পারে, যথা—(সোদর ভ্রাতার সহিত কি প্রকার সপিণ্ড সম্বন্ধ হয়?) স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয় এইরূপ কহিয়াছেন। যথা ;—

নন্বেবং ভ্রাতাদিভিঃ সপিণ্ডতল্লেপ
ভক্তৃত্বা সম্ভবাৎ কথং সপিণ্ডত্বমিতি।

উত্তর। প্রপিতামহঃ পিতামহঃ পিতা স্বয়ং সোদর্য্যা
ভ্রাতরঃ সবর্ণায়াঃ পুত্রঃ পৌত্রাঃ প্রপৌত্রাঃ

---

(১) পিতা, পিতামহ, প্রপিতামহ, এই তিন পুরুষ পিণ্ডভাগী, আর বৃদ্ধ প্রপিতামহ, অতিবৃদ্ধপ্রপিতামহ ও অত্যতিবৃদ্ধপ্রপিতামহ এই তিন। পুরুষ লেপভুক্ আর আপনি স্বয়ং পিণ্ডদ, লেপ শব্দের অর্থ পিণ্ডদান করিয়া যাহা হস্তে লাগিয়া থাকে।

এতান্ বিভক্তদায়াদান্ সপিণ্ডান্ প্রচক্ষতে।
বিভক্তদায়াদান্ সকুল্যান্, প্রচক্ষতে সৎস্বঙ্গজেষু।
তদগ্রামীহ্যর্থো ভবতি। ইতি বৌধায়নঃ।

অস্যার্থঃ। পিত্রাদি পিণ্ডত্রয়েষু সপিণ্ডনেন ভোক্তৃত্বাৎ পুত্রাদিভিঃ স্ত্রিভিস্তৎপিণ্ডদানাৎ যশ্চ জীবন্, যস্য পিণ্ডদাতা,সমৃতঃ সন্ সপিণ্ডনেন, তৎপিণ্ড ভোক্তা। এবং সতি মধ্যস্থিতঃ পুরুষঃ পূর্ব্বেষাং জীবন্ পিণ্ডদাতা মৃত স্তৎপিণ্ডভোক্তা॥ অপরেষাং জীবীতাং পিণ্ডসংপ্রদানভূতআসীৎ। মৃতৈশ্চ তৈঃ সহ দৌহিত্রাদি দেয়া পিণ্ডভোক্তা॥ অতো যেষাময়ং পিণ্ডদাতা যে চাপি অস্য পিণ্ডদাতার স্তেহবিভক্তং পিণ্ডরূপং দায়মদন্তীতি,অবিভক্তদায়াদাঃ সপিণ্ডা। ইতি স্মার্ত্তঃ।

স্ত্রীলোকের ভর্ত্তৃসপিণ্ডই তাহার সপিণ্ড। আর অবিবাহিতা কন্যার পিতৃবংশে তিন পুরুষ পর্য্যন্ত সপিণ্ডত্ব থাকে, ইহা অশৌচ বিষয়ে। প্রমাণং যথা;—

সপিণ্ডা তু কন্যানাং সবর্ণানাং ত্রিপুরুষী।

অনূঢ়া কন্যার সাপিণ্ডত্ব সাত পুরুষ পর্য্যন্ত থাকে, এইটী বিবাহ বিষয়ে। তাহার পর বিবাহ হইলে ভর্ত্তৃকুলে সপিণ্ডতা হয়।

প্রমাণং যথা—

অপ্রাপ্তানাং তথা স্ত্রীণাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষং।
প্রাপ্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যং প্রাহ দেবঃ পিতামহঃ॥
ইতি রত্নাকরঃ।

পূর্ব্বলিখিত বৌধায়ন নিয়ম অর্থাৎ ভ্রাতার সহিত সপিণ্ডত্ব থাকার নিয়ম কামধেনু, হারলতা, কল্পতরু, পারিজাতাদি পুস্তকেও ঐরূপ বিবৃত আছে। বাহুল্যবিধায় তাহা পরিত্যক্ত হইল।

অথ অন্ত্যেষ্টিক্রিয়া পদ্ধতিঃ।

মৃতব্যক্তির দাহাধিকারী স্নান করিয়া মৃতব্যক্তিকে স্নান করাইবে, পরে বস্ত্রদ্বারা সর্ব্বশরীর আচ্ছাদিত করিয়া কুশের উপর দক্ষিণশিরঃ করিয়া শয়ন করাইবে। তাহার পর মৃতব্যক্তিকে ঘৃত মাখাইয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক পুনর্ব্বার স্নান করাইবে।

গয়াদীনিচ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাং॥
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপ প্রনাশিনীং।
ভদ্রাবকাশাং সরযূং পনসং গণ্ডকীন্তথা।
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাস্তথা॥

পরে পুনর্ব্বার বস্ত্র পরাইয়া উত্তরীয় যজ্ঞোপবীত ও চন্দনাদি প্রদান করিয়া চক্ষুর্দ্বয় কর্ণদ্বয় নাসিকাদ্বয় ও মুখ এই সপ্ত ছিদ্রে সপ্তখণ্ড স্বর্ণ, অভাবে কাংস্যখণ্ড প্রদানান্তর সেই শব বহন করিয়া শ্মশানে লইয়া যাইবে। বহনকালে আম-মৃণ্ময় পাত্রে তণ্ডুল লইয়া পথে ছড়াইতে ছড়াইতে যাইবে, যখন অর্দ্ধ অবশিষ্ট থাকিবে, তখন আর প্রক্ষেপ করিবে না। সেই তণ্ডুলে পিণ্ড পাক করিতে হয়। পরে অগ্নিদাতা শ্মশানভূমিতে পিণ্ডদানার্থ গোময় লেপন করিয়া ও বামজানু ভূমিতে পাতিত করিয়া এই মন্ত্রে চতুষ্কোণ ক্ষেত্র নির্ম্মাণ করিয়া তদুপরি কুশাচ্ছাদন করিবে।

অপহতাসুরা রক্ষাংসি বেদীসদঃ।

পরে বামহস্তে সতিল জলগণ্ডুষ লইয়া এই মন্ত্র পাঠ করিয়া প্রেতে আহ্বান করতঃ বামহস্তস্থিত জলগণ্ডূষ দক্ষিণ হস্তে লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক পূর্ব্বকৃত কুশোপরি নিক্ষেপ করিবে।

প্রেতাবাহ মন্ত্রঃ।

এহি প্রেতসৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ।
দেহ স্বভ্যং দ্রবিণেহভদ্রং রৈঞ্চন সর্ব্ববীরং নিযচ্ছ॥

অমুকগোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব।

পরে দক্ষিণ হস্তোপিণ্ড ও বামহস্তে আম-মৃণ্ময়পাত্রস্থিত জল লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বোক্ত কুশোপরি প্রদান করিবে।

অমুকগোত্র প্রেতামুক দেবশর্ম্মন্।
এতত্তেঽন্নমুপতিষ্ঠতাং॥

তাহার পর পিণ্ডপাত্র প্রক্ষালনজল পিণ্ডোপরি প্রদান করিবে যাহা লিখিত হইল এই পদ্ধতি সামবেদীর পক্ষে, অন্য বেদীয়েরা কেবল প্রেতের আহ্বান ব্যতিরেকে সকল কর্ম্মই করিবে।

তাহার পর পুত্রাদি স্নান করিয়া চিতা প্রস্তুত করণান্তে শবকে চিতাতে আরোহণ করাইবে। সামবেদীয়েরা পুরুষকে উপুড় করিয়া স্ত্রীলোককে উত্তানশায়িনী অর্থাৎ চিত করিয়া চিতোপরি শয়ন করাইবে। অন্য বেদীয়ের পক্ষে ইহার কোন নিয়ম নাই। আর সামবেদীয়েরা দক্ষিণ শিরস্ক, অন্যান্য বেদীয়েরা উত্তর শিরস্ক করিয়া শয়ন করাইবে। পরে অগ্নিদাতা "দেবাশ্চাগ্নিমুখাঃ এনং দহন্তু" এইরূপ চিন্তা করিয়া জ্বলন্ত অগ্নি গ্রহণ করিবে।

পরে নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক চিতা প্রদক্ষিণ করতঃ দক্ষিণ মুখে মৃতব্যক্তির ললাটে অগ্নি প্রদান করিবে।

কৃত্বা তু দুষ্করং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতং॥
ধর্ম্মাধর্ম্ম সমাযুক্তং লোভমোহ সমাবৃতং।
দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু॥

"স্ত্রীনাহেতু নারী পঞ্চত্ব মাগতাং।" এই প্রকার পাঠ করিবেন, দাহক্রিয়া সমাপন হইলে দ্বাদশাঙ্গুলি পরিমিত সপ্তকাষ্ঠীকা লইয়া এক এক বার চিতা প্রদক্ষিণ করিয়া এক একটী উক্ত কাষ্ঠীকা প্রদান করিবে। এই প্রকার সাতবার প্রদক্ষিণ করিয়া সাতবার প্রদান করিবে। পরে (ক্রব্যাদায় নমস্তভ্যং) এই মন্ত্র পাঠ করিয়া

জ্বলন্ত চিতার উপর সাতবার কুঠার দ্বারা আঘাত করিয়া চিতাকে রাখিয়া স্নানার্থ গমন করিবে।

দেশ বিশেষে দাহকর্ত্তা সাত কলসী ও অন্য দাহকেরা এক এক কলসী জল চিতাতে প্রদান করিয়া এবং আর এক জলপূর্ণ কলসী চিতার উপর রাখিয়া গমন করে। শবসম্বন্ধীয় অন্যান্য বস্ত্র শ্মশানবাসী চণ্ডালকে প্রদান করিবে।

যদি সূতিকা অর্থাৎ নবপ্রসূতা স্ত্রী কি রজস্বলা স্ত্রী মরে, তবে সতিল পঞ্চগব্য মিশ্রিত জলে কলসী পরিপূর্ণ করিয়া (আপোহিষ্ঠাময়োভুব ওঁ বামদেবঋষি বিরাট্‌ গায়ত্রীচ্ছন্দ) এই দুই মন্ত্রদ্বারা উক্ত জলকে মন্ত্রপূত করিয়া স্নান করাইবে ও পরে দাহাদি করিবে।

যদি গর্ব্ভবতী স্ত্রীর গর্ভসহিত মৃত্যু হয়, তবে গর্ভস্থ সন্তানকে বাহির করিয়া উক্ত স্ত্রীকে দাহ করিবে ও সন্তানকে মৃত্তিকায় প্রোথিত করিবে।

পরে দাহকর্ত্তা স্নানার্থ নদ্যাদিতে গমন করিয়া তদীয় শ্যালকের নিকট (উদকং করিষ্যামি) এই বলিয়া অনুমতি গ্রহণ করিবে। শ্যালক (কুরুধ্বং) এই বলিয়া আজ্ঞা প্রদান করিবে।

পরে স্নান করিয়া আর্দ্রবস্ত্রে বামহস্তের অনামিকা অঙ্গুলি দ্বারা (অপনঃ শোশুচদঘঃ) এই বলিয়া জলে আলোড়ন করিবে। এবং পুনর্ব্বার স্নান করিয়া আচমন করণান্তে নিম্নলিখিত মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তিনবার তর্পণ করিবে।

অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি।

এই মন্ত্র বলিয়া সামবেদীয়েরা তর্পণ করিবে। ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয়েরা পরে স্নান করিয়া এই মন্ত্র পাঠ করিয়া তর্পণ করিবে। যথা ;—

অমুকগোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নেতত্তিলোদকং তৃপ্যস্ব।

এই মন্ত্র বলিয়া একাঞ্জলি জলদান করিবে। পরে গৃহে গমন করিবে। যদি রাত্রিতে মৃত্যু হয় তবে পুনর্ব্বার রাত্রি হইলে গৃহে গমন এবং দিবাতে মৃত্যু হইলে যদি দাহাদি কার্য্য করিতে রাত্রি হয় তবে পুনর্ব্বার দিন না হইলে গৃহে গমন করিবে না।

দেশবিশেষে এই সময় মৃতব্যক্তির শ্রাদ্ধাদির নিমিত্ত মৌখিক পরামর্শ করে। পরে গৃহে যাইয়া গৃহদ্বারস্থিত অগ্নি এবং ঘৃত, তণ্ডুল, নিম্বপত্র দন্তে কর্ত্তন করিয়া মৃতব্যক্তির গৃহে একবার প্রবেশ পূর্ব্বক পরে অন্য দাহকেরা আপন আপন গৃহে গমন করিবে।

কুশপুত্তলদাহপ্রকরণং।

যদি কোন কারণ বশতঃ কোন ব্যক্তির শব দাহ না হইয়া থাকে, এমন স্থলে মৃত ব্যক্তির অস্থি দাহ করিবে। যদি তাহাও না পাওয়া যায়, তবে পর্ণনর দাহ করিবে। উক্ত পর্ণনর নির্ম্মাণক্রম এই প্রকার যথা ;—মস্তকে ৪০ সংখ্যা পলাশপত্র, গলাতে ১০, বক্ষস্থলে ৩০, উদরে ২০, দুই বাহুতে ১০০, হস্তদ্বয়ের অঙ্গুলিতে ১০, অণ্ডকোষে ৬, পুরুষাঙ্গে ৪, উরুদ্বয়ে ১৩০, পদদ্বয়ে জানু ও জঙ্ঘাতে ৩০, পদদ্বয়ের অঙ্গুলিতে ১০, এইরূপে নির্ম্মাণ করিয়া যবপিষ্ট লেপন ও ঊর্ণাতন্তু দ্বারা বেষ্টন করিবে। পরে অন্ত্যেষ্টি পদ্ধতি অনুসারে দাহাদি করিবে। স্মার্ত্ত মহাশয় এইরূপ ব্যবস্থা দিয়াছেন।

অথাগ্নিযোগ ব্যবস্থা।

ঊনদ্বিবার্ষিকং প্রেতং নিদধ্যুর্ব্বান্ধবা বহিঃ।
অলঙ্কৃত্যশুচৌ ভূমাবস্থিসঞ্চয়নাদৃতে।
ইতি মনুসংহিতা ৫ অধ্যায় ৬৮ শ্লোক।

যাহার দুই বৎসর বয়স পরিপূর্ণ হয় নাই এরূপ বয়স্ক বালক বালিকার মৃত্যু হইলে বান্ধবেরা গ্রামের বাহিরে লইয়া গিয়া চন্দনাদি দ্বারা অলঙ্কৃত করিয়া অস্থি সঞ্চয়ন ব্যতিরেকে বিশুদ্ধভূমিতে পুতিয়া রাখিবে। ফলতঃ দুই বৎসর বয়স্ক না হইলে সে শব দাহ করিবে না। তদ্ভিন্ন সকলকেই দাহ করিবে।

অথাশৌচ ব্যবস্থা।

দশাহেন সপিণ্ডাস্তু শুদ্ধন্তি প্রেতসূতকে।
ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুদ্ধন্তি গোত্রজাঃ॥
ইতি বৃহস্পতিঃ।

সপিণ্ড ব্যক্তি দশদিনে, সকুল্য তিন দিন, এবং গোত্রজ স্নান মাত্রেই শুদ্ধ। এই ব্যবস্থা জননাশৌচ ও মৃতাশৌচ উভয় স্থলে। পরন্তু এই স্থলে লিখিত বিষয় কেবল ব্রাহ্মণের ব্যবস্থাপিত আছে, ক্ষত্রিয়াদির স্ব স্ব জাত্যুক্ত শৌচের বিভাগানুসারে হইবে।

অথ চাতুর্ব্বর্ণাশৌচ কথনং।

শুদ্ধেৎ বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।
বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুদ্ধ্যতি॥
ইতি মনুঃ।

ব্রাহ্মণ দশদিন, ক্ষত্রিয় দ্বাদশ দিন, বৈশ্য পঞ্চদশদিন ও শূদ্র এক মাসে শুদ্ধ হয়।

যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে অশৌচপাত হয় তবে পূর্ব্বদিন হইতে গণনা করিতে হইবে। কারণ অশৌচের দিন স্থির না হইলে অশৌচ গ্রহণ করা বিধেয় নহে।

যদি বিদেশস্থ ব্যক্তির মৃতাহ অশৌচের মধ্যে সংবাদ না পায় তবে যে কয়েক দিন অবশিষ্ট আছে, অর্থাৎ যে ব্যক্তি যে দিনে শ্রবণ করিয়াছে, সেই দিন হইতে অশৌচান্ত দিন পর্য্যন্ত যে কয়েক দিন অবশিষ্ট থাকে সেই কয়েক দিন গ্রহণ করিবে। প্রমাণং যথা;—

বিগতন্তু বিদেশস্থং শৃণুয়াদ্যোহ্যনির্দ্দেশং।
যচ্ছেষং দশরাত্রস্য তাবদেবা শুচির্ভবেৎ॥
ইতি মনুঃ।

জননাশৌচেও এই নিয়ম। প্রমাণং যথা ;—

অন্যদেশমৃতং জ্ঞাতিঃ শ্রুত্বা বা পুত্রজন্ম চ।
অনির্গতে দশাহেতু শেষাহোভি র্বিশুদ্ধ্যতি ॥
ইতি বৃহস্পতিঃ।

ক্ষত্রিয়াদির পক্ষে স্ব স্ব জাত্যুক্ত অশৌচের নিয়মানুসারে হইবে।

অতিক্রান্তে দশাহেতু ত্রিরাত্রমশুচি র্ভবেৎ।
সম্বৎসর ব্যতীতেতু সদ্যঃ শৌচং বিধীয়তে ॥
ইতি শংখঃ।

যদি অশৌচের ১০ দিবস ১২ দিবস ১৫ দিবস বা ১ মাস অতীতে অর্থাৎ চতুর্বর্ণের যে অশৌচ ব্যবস্থা পূর্ব্বে কথিত হইয়াছে, তাহার পর এক বৎসরের মধ্যে শ্রবণ করে, তবে ত্রিরাত্র অশৌচ হইবে। আর যদি এক বৎসর অতীত হইলে শ্রবণ করে, সদ্যশৌচ। এই যে শেযোক্ত নিয়ম কথিত হইল তাহা সপিণ্ডবর্গের পক্ষে। মহাগুরু নিপাতে অর্থাৎ পিতা, মাতা, কি স্বামীর মৃত্যু শ্রবণে ত্রিরাত্র অশৌচ হইবে।

নির্দ্দেশং জ্ঞাতি মরণং শ্রুত্বা পুত্রস্য জন্ম চ।
সবাসা জলমাপ্লুত্য শুদ্ধো ভবতি মানবঃ ॥
ইতি মনুসংহিতা।

যদি জননাশৌচের পরে সেই জননাশৌচ শ্রবণ করে তবে তাহা গ্রহণ করিবে না, কিন্তু যদি স্বপুত্র হয় এবং অশৌচের পরে শ্রবণ করে তবে পরিধেয় বস্ত্রের সহিত অবগাহন করিলেই শুদ্ধ হয়। আর সপিণ্ডের মৃতাশৌচান্তে শ্রবণ করিলেও সকলে স্নান ও ত্রিরাত্র অশৌচ গ্রহণ করিবে।

অথ বালকাদি মরণে অশৌচ ব্যবস্থা।

জাতমাত্রস্য বালস্য যদিস্যান্মরণং পিতুঃ।
মাতুশ্চ সূতকং তৎস্যাৎ পিতাত্বস্পৃশ্য এবচ ॥

সদ্যঃ শৌচং সপিণ্ডানাং কর্ত্তব্যং সোদরস্যচ।
ঊর্দ্ধং দশাহাদেকাহং সোদরো যদি নির্গুণঃ॥
ইতি কূর্ম্মপুরাণং।

যদি প্রকৃত প্রসবকালে বালকের জন্ম হয় অর্থাৎ নবম কি দশম মাসে বালক জন্ম গ্রহণ করে, তবে সকলেই সম্পূর্ণ জননাশৌচ। আর যদি জন্মিয়া অশৌচ কালের মধ্যে বালকের মৃত্যু হয়, তবে পিতা মাতার অস্পর্শীয় জননাশৌচ। সপিণ্ডবর্গের সদ্যশৌচ। আর অশৌচান্তে সেই বালকের মরণ হইলে সোদর ভ্রাতার একাহ অশৌচ হইবে।

দশাহাভ্যন্তরে বালে প্রমীতে তস্য বান্ধবৈঃ।
সাবাশৌচং ন কর্ত্তব্যং সূত্যাশৌচং বিধীয়তে॥
ইতি মিতাক্ষরায়াং বৃহন্মনুঃ॥

যদি দশাহাভ্যন্তরে অর্থাৎ জননাশৌচের মধ্যে জাত বালকের মৃত্যু হয় তবে তাহার মাতা পিতা সাবাশৌচ অর্থাৎ মৃতাশৌচ গ্রহণ না করিয়া জননাশৌচ গ্রহণ করিবে। এই বচনে বান্ধব পদে পিতা ও মাতা।

যদি গর্ভে মৃত্যু হইয়া পুত্র কি কন্যা প্রসব হয় তবে সকলেরই দশদিবস অশৌচ হইবে। প্রমাণং যথা;—

গর্ব্তে যদি বিপত্তিঃস্যাদ্দশাহং সূতকং ভবেৎ।
ইতি মিতাক্ষরা।

জননাশৌচের পর যদি অজাতদন্ত বালক মরে তবে পিতা মাতার একরাত্রি, আর দন্ত জন্মিয়া মরিলে তিন দিন অশৌচ হইবে। প্রমাণং যথা;—

অজাতদন্ত মরণে পিত্রোরেকাহ মিষ্যতে।
জাতেদন্তে ত্রিরাত্রং স্যাদ্যদি স্যাতাং চ নির্গুণৌ॥
ইতি কূর্ম্মপুরাণং।

অত্রবিষয়ে সপিণ্ডানাং ব্যবস্থা।

আদন্তজননাৎ সদ্য আচূড়া দেক রাত্রকং।
ত্রিরাত্রঞ্চোপনয়নাৎ সপিণ্ডানা মুদাহৃতং॥

অশৌচকালের পর ছয় মাসের মধ্যে বালকের মৃত্যু হইলে সপিণ্ডের সদ্যশৌচ, পরে ছয় মাসের পর দুই বৎসরের মধ্যে মরণ হইলে একাহ, দুই বৎসরের পর ছয় বৎসর তিন মাসের মধ্যে মরণ হইলে ত্রিরাত্র অশৌচ হইবে।

প্রমাণান্তরং।

অথোর্দ্ধং দন্তজননাৎ সপিণ্ডানামশৌচকং।
একাহং নির্গুণানান্ত চৌড়াদূর্দ্ধং ত্রিরাত্রকং॥
ইতি কূর্ম্মপুরাণং।

নির্গুণ সপিণ্ডের পক্ষে দন্ত জননান্তর মৃতে একাহ ও চূড়াকরণান্তর ত্রিরাত্র অশৌচ।

যদি ব্রাহ্মণের সন্তানের অপূর্ণ দুই বৎসরের মধ্যে চূড়াকরণ হইয়া থাকে এবং তাহার পর সেই বালকের মৃত্যু হইলে সকলেরই ত্রিরাত্র অশৌচ হইবে। প্রমাণং যথা ;—

নিবৃত্তচূড়কে বিপ্রে ত্রিরাত্রাৎ শুদ্ধিরিষ্যতে॥
ইতি অঙ্গিরাঃ।

দুই বৎসরের পর ছয় বৎসর পর্য্যন্ত বালক মরিলে ত্রিরাত্র অশৌচ হইবে। কিন্তু যদি পঞ্চম বৎসরে উপনয়ন হয় তবে সকলেরই দশরাত্র অর্থাৎ পূর্ণাশৌচ হইবে। প্রমাণং যথা ;—

অনুপনীতো বিপ্রস্তু ইত্যভিধায় ম্রিয়তে।
যত্রতত্রস্থাদশৌচং ত্র্যহমেবহি॥

নিম্নলিখিত বাক্য দ্বারা উপনীতের অশৌচ প্রকাশ হইবে। তদ্‌যথা ;—

ব্রত চূড় দ্বিজানান্ত প্রতীতিষু যথাক্রমং।
দশাহত্র্যহ একাহৈঃ শুদ্ধ্যন্ত্যপিহি নির্গুণাঃ॥
ইতি জাবালিঃ।

সাধারণতঃ এই নিয়ম যে, যদি ব্রাহ্মণবালকের ছয় মাসে দন্ত এক বৎসর বয়স সময়ে চূড়াকরণ ও পঞ্চম বৎসর বয়সে উপনয়ন হয়, তবে যথাক্রমে একাহ ত্র্যহ ও দশাহ অশৌচ হইবে।

যে সকল বচনার্থ লিখিত হইল তাহা ব্রাহ্মণের পক্ষে, শূদ্রস্থলে ঐ নিয়ম খাটিবে না। কারণ তাহাদের পূর্ণাশৌচকাল এক মাস সুতরাং ঐ সংখ্যা অনুসারে হইবে। নিম্নে শূদ্র অশৌচ প্রণালী লিখিত হইতেছে। তদ্যথা,—

ত্রিরাত্রন্তু ভবেচ্ছূদ্রে ষণ্মাসো ন শিশৌমৃতে।
ইতি মৎস্যপুরাণং।

ছয় মাসের উন অর্থাৎ অপূর্ণ ছয় মাসে শূদ্র বালক মরিলে ত্রিরাত্র অশৌচ হইবে। ইহা পিতা মাতা ও সপিণ্ডবর্গ সকলেরই পক্ষে।

দন্তজনন পক্ষে।

শূদ্রেত্রিবর্ষা ন্যূনেতু মৃতে শুদ্ধিস্তু পঞ্চভিঃ।
অত ঊর্দ্ধং মৃতে শূদ্রে দ্বাদশাহো বিধীয়তে॥
ইতি অঙ্গিরাঃ।

ষড়্বর্ষান্তমতীতোয়ঃ শূদ্রঃ সংম্রিয়তে যদি।
মাসিকন্তু ভবেচ্ছৌচমিত্যাঙ্গিরসভাষিতং॥

ত্রিবর্ষান্ন্যূন অর্থাৎ দুই বৎসরের মধ্যে শূদ্র. বালক মরিলে ৫ দিন অশৌচ। তাহার পর মরিলে দ্বাদশ দিবস। ছয় বৎসর পর্য্যন্ত এই নিয়ম চলিবে। ছয় বৎসর অতীত হইয়া মরিলে এক মাস অশৌচ। কিন্তু যদি ছয় বৎসর বয়সের মধ্যে বিবাহ হইয়া থাকে তাহা হইলে ছয় বৎসর পূর্ণ না হইতে হইতেই একমাস অশৌচ হইবে। যেমন পূর্ব্বে কথিত হইয়াছে "পঞ্চম বৎসর বয়সে ব্রাহ্মণ বালকের উপনয়ন হইলে তাহার পূর্ণাশৌচ" এস্থলেও সেইরূপ। কারণ শূদ্রের বিবাহই প্রধান সংস্কার। প্রমাণং যথা ;—

বিবাহ মাত্রং সংস্কারং শূদ্রোপি লভতে সদা।
ইতি আদিপুরাণং।

ব্রাহ্মণের উপনয়ন ও শূদ্রের বিবাহই প্রধান সংস্কার। বর্ণশঙ্কর দিগের পক্ষে অশৌচ ব্যবস্থা শূদ্র তুল্য। প্রমাণং যথা;

শৌচাশৌচং প্রকুর্ব্বীরন্ শূদ্রবদ্বর্ণশঙ্করাঃ।

ইতি আদিপুরাণং।

পুত্রজননে পিতা ও মাতার অঙ্গাস্পৃশ্যত্ব হয়। প্রমাণং যথা—

মাতা শুদ্ধ্যেদ্দশাহেন স্নানাত্তু স্পর্শনং পিতুঃ।

ইতি স্মার্ত্তঃ।

পুত্র জন্মিলে মাতার দশদিন পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব ও পিতার স্নানের পূর্ব্বপর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকে।

ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতা দশভির্দ্দিনৈঃ।
গতৈঃ শূদ্রা তু সংস্পৃশ্যা ত্রয়োদশভি রেবচ॥

ইতি আদিপুরাণং।

পুত্র ও কন্যা জন্মিলে ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা সকলেরই দশ দিন পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব শূদ্রার ত্রয়োদশ দিনপর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকে।

সূতিকাং পুত্রবতীং বিংশতিরাত্রেণ স্নাতাং
সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ। মাসেন স্ত্রী জননী
মিতি পৈঠীনসী।

ব্রাহ্মণী ক্ষত্রিয়ানী ও বৈশ্যা, পুত্র প্রসব করিলে বিংশতি রাত্রিতে স্নান করিয়া সর্ব্বকর্ম্ম করণের যোগ্যা হয়। আর কন্যা প্রসব করিলে এক মাস অশৌচ থাকে। পূর্ব্ব বচনে দশদিন ব্রাহ্মণীর পক্ষে কহিয়াছে। এখানে একমাস ও বিংশতি দিন কহিতেছেন, তাহার মীমাংসা এই যে পূর্ব্ববচন অঙ্গাস্পৃশ্যত্ব বিষয়ক, এই বচন অশৌচ বিষয়ক।

আর শূদ্রাণীর সকলস্থলেই এক মাস। পুত্র কন্যা উভয়স্থলই জাতাশৌচ এক মাস ও অঙ্গাস্পৃশ্যত্ব ত্রয়োদশ দিনে।

আজন্মনস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে।
সদ্যঃ শৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥

ইতি আদিপুরাণং।

আজন্ম অর্থাৎ জন্ম হইতে চূড়াকরণ সময় পর্য্যন্ত কালের মধ্যে কন্যার মৃত্যু হইলে সকলেরই সদ্যশৌচ হইবে। ইহা সকল বর্ণের পক্ষে সমান।

অন্যচ্চ।

ঊনদ্বিবর্ষান্মরণে সদ্যঃ শৌচ মুদাহৃতং।
ইতি কূর্ম্মপুরাণং।

যাহার বয়স দুই বৎসর পূর্ণ হয় নাই সেইরূপ অবস্থার বালিকার মৃত্যু হইলে সদ্যশৌচ হইবে।

ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমেব হি।
ইতি আদিপুরাণং॥

তাহার পর বাগ্দান পর্য্যন্ত একদিন অশৌচ হইবে।

বাক্ প্রদানে কৃতে তত্র জ্ঞেয়ঞ্চোভয়ত স্ত্র্যহং।
পিতুর্ব্বরস্যচ ততো দত্তানাং ভর্ত্তুরেবহি॥
ইতি আদিপুরাণং।

তাহার পর বাগ্দান নিষ্পন্ন হইয়া মরিলে পিতৃ ও ভর্ত্তৃ উভয় কুলেই ত্রিরাত্র অশৌচ হইবে। বাগ্দানের কাল। বিবাহের পূর্ব্ব সময় পর্য্যন্ত। তাহার পর বিবাহ হইলে ভর্ত্তৃকুলে সম্পূর্ণাশৌচ হয়।

অত্রস্থলে সোদরস্যাশৌচং।

আদন্তাৎ সোদরে সদ্য অচূড়া দেক রাত্রকং।
আপ্রদানাত্রিরাত্রং স্যাদ্দশরাত্রমতঃপরং॥
ইতি কূর্ম্মপুরাণং।

জন্ম হইতে দন্তজন্ম পর্য্যন্ত সোদর ভ্রাতার সদ্যাশৌচ হইবে, পরে চূড়াকরন কালপর্য্যন্ত এক রাত্রি, তাহার পর বাগ্দান পর্য্যন্ত ত্রিরাত্র অশৌচ হইবে। পরে ভ্রাতার আর অশৌচ নাই, কিন্তু এখানে (দশরাত্র মতঃ পরং) এই বাক্যার্থ এই যে, তখন বিবাহ অর্থাৎ সম্পন্ন হইলে ভর্ত্তৃকুলে স্বস্ব জাত্যুক্ত অশৌচ হইবে।

দত্তা নারীপক্ষে।

দত্তানারী পিতুর্গেহে সূয়তে ম্রিয়তেঽথবা।
স্বমশৌচং চরেৎ সম্যক্ পৃথক্ স্থান ব্যবস্থিতা॥

দত্তা অর্থাৎ বিবাহিতা কন্যা যদি পিতৃগৃহে প্রসব হয় কিম্বা তাহার মৃত্যু হয় তবে পৃথক্ স্থান ব্যবস্থিত হেতু অর্থাৎ স্বামী গৃহে বাস না করাতে পিতা মাতার ও তদ্বন্ধুবর্গ অর্থাৎ সেই কন্যার ভ্রাতাদির তিন দিন ও একদিন অশৌচ হইবে অর্থাৎ পিতা মাতার তিনদিন ভ্রাতাদির একদিন। আর কন্যা পিতৃগৃহে প্রসব করিলে পুত্র জননে বিংশতিরাত্রি, কন্যা জননে একমাস অশৌচ হয়। আর স্বামীর ও তৎসপিণ্ডবর্গের স্ব স্ব জাত্যুক্ত জননাশৌচ বা মৃতাশৌচ হইবে।

অথ গর্ব্ভস্রাবাশৌচ।

গর্ভস্রাবের কাল প্রথম মাসাবধি অষ্টমমাস পর্য্যন্ত, ইহার ঊর্দ্ধে প্রসব কাল। যদি ছয় মাসের মধ্যে গর্ভস্রাব হয় তাহার অশৌচ ব্যবস্থা এই প্রকার। যথা;—

অর্ব্বাক্ ষাণ্মাসতঃ স্ত্রীণাং যদিস্যাৎ গর্ব্ভ সংস্রবঃ।
তদা মাস সমৈ স্তাসাং দিবসৈঃ শুদ্ধি রিষ্যতে॥
ইতি কূর্ম্মপুরাণং।

যদি ছয় মাসের মধ্যে গর্ভস্রাব হয় তবে যত মাস গর্ভ হইয়াছিল ততদিন অশৌচ হইবে। কিন্তু সেই অশৌচ কেবল সেই পক্ষে অন্য কাহারও পক্ষে নহে।

অত ঊর্দ্ধন্তু পতনে স্ত্রীণাং স্যাদ্দশরাত্রকং।
সদ্যঃ শৌচং সপিণ্ডানাং গর্ব্ভস্রাবাচ্চ বা ততঃ॥
গর্ব্ভচ্যুতাবহোরাত্রং সপিণ্ডেঽত্যন্ত নির্গুণে।
যথেষ্টাচরণে জ্ঞাতৌ ত্রিরাত্রমিতি নিশ্চয়ঃ॥
ইতি কূর্ম্মপুরাণং।

তাহার পর যদি ৮ মাসপর্য্যন্ত কালের মধ্যে গর্ভস্রাব হয়, তবে স্ত্রীর স্ব স্ব জাত্যুক্ত অশৌচ, সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ, নির্গুণের একাহ ও যথেষ্টাচারীর ত্রিরাত্র।

আর দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থ, পঞ্চম মাসে যদি গর্ভস্রাব হয় তবে স্ত্রীর মাস সমসংখ্যক অশৌচের পর ব্রাহ্মণীর একদিন, ক্ষত্রিয়াণীর দুই দিন, বৈশ্যার তিনদিন ও শূদ্রানীর ছয় দিনপর্য্যন্ত দৈব ও পৈত্র কর্ম্মে অধিকার হয় না। আর লৌকিক কর্ম্ম মাস সমসংখ্যক দিনের পর করিতে পারিবে। প্রমাণং যথা;—

দ্বিতীয় তৃতীয় চতুর্থ পঞ্চ ষষ্ঠ মাসে স্বপি ব্রাহ্মণী, ক্ষত্রিয়া বৈশ্যা শূদ্রাণাঞ্চ মাসসমসংখ্য দিনাতিরিক্ত মেকরাত্রং দ্বিরাত্রং ত্রিরাত্রং ষড্রাত্রঞ্চ দৈব পৈত্র কর্ম্মানধিকারঃ॥

ইতি স্মার্ত্তস্য ব্যবস্থা।

অথ অশৌচশঙ্কর বিচার।

অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী।
তাবৎস্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎস্যাদনির্দ্দেশং॥

ইতি মনুসংহিতা।

স্বস্ব জাত্যুক্ত জননাশৌচ বা মৃতাশৌচের মধ্যে যদি অপর কোন জননাশৌচ কিম্বা মৃতাশৌচ পতিত হয়, তবে পূর্ব্বাশৌচান্ত দিনেই দ্বিতীয়াশৌচ সমাপ্ত হইবে।

সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ।
অসমানং দ্বিতীয়েন ধর্ম্মরাজ বচো যথা॥

ইতি শংখঃ।

অশৌচের গুরুতা তিন প্রকার। প্রথমতঃ জননাশৌচ হইতে মৃতাশৌচ গুরু। দ্বিতীয়তঃ জ্ঞাতির পুত্র কন্যা জনন হইতে স্বীয়

পুত্র জননাশৌচ গুরু, তৃতীয়তঃ সপিণ্ডের মৃতাশৌচ হইতে স্বীয় পিতা মাতা ও স্বামীর মৃতাশৌচ গুরু। এক্ষণে বিবেচনা করিয়া দেখ, সপিণ্ডের জনন বা মৃতাশৌচ মধ্যে যদি স্বীয় পুত্র জনন বা মহাগুরু নিপাত হয় তবে উক্ত সপিণ্ডাশৌচ স্বীয় অশৌচান্ত দিনেই শেষ হইবে।

কিন্তু যদি স্ব স্ব জাত্যুক্ত অশৌচের প্রথমার্দ্ধে উক্ত দ্বিতীয় ও তৃতীয়ে গুরু অশৌচ পতিত হয় অর্থাৎ সপিণ্ড জননাশৌচের প্রথমার্দ্ধে স্বপুত্র জনন হয়, কিম্বা সপিণ্ড মরণাশৌচের পূর্ব্বার্দ্ধে পিতৃ মাতৃ ভর্ত্তৃ মরণ হয়, তবে পূর্ব্বাশৌচেই শুদ্ধ হইবে। আর শেষার্দ্ধে পতিত হইলে পরাশৌচে শুদ্ধ হইবে।

যদি প্রথমে এক গুরু অশৌচ হইয়াছে, পরে প্রথমার্দ্ধেই হউক আর শেষার্দ্ধেই হউক দ্বিতীয় গুরু অশৌচ পতিত হইল, সেখানে দুই-য়েরই গুরুতা প্রযুক্ত পূর্ব্বাশৌচান্তকালেই দ্বিতীয় অশৌচ শেষ হই-বে। কিন্তু যদি এই অশৌচ দশমদিনে অর্থাৎ অশৌচান্ত দিনে পতিত হয় তবে দুই দিন এবং রাত্রি শেষে পতিত হইলে তিন দিন বৃদ্ধি হইবে।

যদি জননাশৌচের মধ্যে প্রসূতা স্ত্রীর স্বামীর মৃত্যু হয়, তথাপি তাহার জননাশৌচান্ত দিনেই ঐ মৃতাশৌচের শেষ হইবে। আর যদি সপিণ্ডাশৌচান্ত দিনে পিতৃ মরণ হয়, তবে সেই সপিণ্ডাশৌচ পিতৃ মরণ জন্য অশৌচান্ত দিনে শেষ হইবে। কারণ মহাগুরু নিপাত বলিয়া। আর যদি পিতৃমৃতাশৌচমধ্যে মাতার মৃত্যু হয়, তবে পূর্ব্বা-শৌচান্ত দিনেই পরাশৌচ শেষ হইবে। কারণ দুই তুল্যাশৌচ।

আপনার পুত্র কি কন্যা জন্মিলে সেই অশৌচের মধ্যে যদি অপর সপিণ্ডের পুত্র কন্যা জন্মে তাহা হইলে আপনার পুত্র কন্যা জননাশৌচান্ত দিনেই শুদ্ধি হইবে।

যদি এক দিবসে দুই সপিণ্ডের মৃত্যু হইয়া পরে মাতা পিতা কি স্বামীর মৃত্যু হইলে পূর্ব্বাশৌচান্তদিনেই সকলের অশৌচ শেষ হইবে।

যদি জাতাশৌচের মধ্যে অপর কোন জাতাশৌচ পতিত হয়; এবং পূর্ব্বজাত সন্তানের উক্ত অশৌচ মধ্যে মৃত্যু হয়, তবে পিতা

মাতার জাতাশৌচ ও সপিণ্ডবর্গ স্নানমাত্র শুদ্ধ। আর যদি পরজাত বালক অশৌচের মধ্যে মরে তবে সকলেরই জাতাশৌচ সমভাবে থাকিবে।

যদি সপিণ্ডের জননাশৌচের প্রথমার্দ্ধে স্বীয় পুত্র জন্ম হয়, তবে সপিণ্ডাশৌচের শুদ্ধি দিনেই শুদ্ধি। পরার্দ্ধে পতিত হইলে স্বীয় অশৌচে শুদ্ধি।

বিদ্যুতাদিতে হত হইলে ত্রিরাত্রাশৌচ, এবং তাহার মধ্যে যদি অপর খণ্ডাশৌচ পতিত হয় তবে পূর্ব্বাশৌচেই শুদ্ধি।

এই প্রকার ব্যবস্থানুসারে লঘু গুরু বিবেচনা করিয়া অশৌচের ব্যবস্থা দিতে হয়। পরন্তু ইহাও বক্তব্য যে অশৌচের ব্যবস্থা দিবার সময় লঘু গুরু বিষয় দৃষ্টি রাখা বিশেষ কর্ত্তব্য।

অথ খণ্ডাশৌচ।

মাতৃ স্বস্থ মাতুলয়োঃ শ্বশ্রু শ্বশুরয়োর্গুরৌ।
ঋত্বিজিবে চোপরতে ত্রিরাত্রমিতি শিষ্যকে॥
ইতি প্রচেতাঃ।

মাতৃস্বসা অর্থাৎ মাসী, মাতুল (১) শ্বশুর শাশুড়ী, আচার্য্য, গুরু, পুরোহিত ও শিষ্য যদি আপনার গৃহে বা নিকটে মরে তবে ত্রিরাত্র অশৌচ হইবে।

শ্বশুরয়োর্ভগিন্যাঞ্চ মাতুলান্যাঞ্চ মাতুলে।
পিত্রোঃ স্বসরিতদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশাং।
ইতি মিতাক্ষরা রত্নাকরয়োর্ধৃতমনুবচনং।

শ্বশুর, শাশুড়ী, মাতুলানী, মাতুল, পিতা ও মাতার ভগিনী যদি স্বগ্রামে বা নিকটে না হইয়া গ্রামান্তরে বা বহুদূরে মরে, তবে পক্ষিণী অশৌচ হইবে। (আগামী বর্ত্তমানাহর্যুক্তায়াং নিশি

---

(১) মাতুল এখানে মাতার সহোদর ভ্রাতা।

পক্ষিণীত্যমর) আগামী ও বর্ত্তমান দিনযুক্ত রাত্রি পক্ষিণী ইহা অমরসিংহ কহিয়াছেন।

গুরুপত্নী, গুরুপুত্র, শিক্ষাগুরু, সহাধ্যায়ী, শিষ্য, মাতুল, শ্বশুর শাশুড়ী, শ্যালক যদি ভিন্ন স্থানে মরে তবে একাহ, একগ্রামে পক্ষিণী ও স্বগৃহে মরিলে ত্রিরাত্র অশৌচ হইবে। প্রমাণং যথা;—

আচার্য্যপত্নীপুত্রোপাধ্যায় মাতুল শ্বশুর শ্বশুর্য্য
সহাধ্যায়ী শিষ্যেস্বেক রাত্রেণ। ইতি হারলতাপ্রভৃতি।
সংস্থিতে পক্ষিণীং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে।
সংস্কৃতেতু ত্রিরাত্রং স্যাদিতি ধর্ম্মোব্যবস্থিতঃ॥
পিত্রোরুপরমে স্ত্রীণা মূঢ়ানান্তু কথং ভবেৎ।
ত্রিরাত্রেণৈব শুদ্ধিঃস্যাদিত্যাহ ভগবান্ মনুঃ॥

দৌহিত্র ও ভাগিনেয় মরিলে পক্ষিণী অশৌচ হইবে। দাহাদি করিলে ত্রিরাত্রাশৌচ হইবে। আর যদি পিতা ও মাতার মরণ হয় তবে বিবাহিতা কন্যা দাহাদি না করিলেও তাহার ত্রিরাত্র অশৌচ হইবে।

অসম্বন্ধিনো দ্বিজান্ দহিত্বা বাহিত্বা সদ্যঃশৌচং।
সম্বন্ধ মাত্রেতু ত্রিরাত্রমিতি।
ঊঢ়া কন্যানান্তু দাহাদিকং বিনাপি। অন্যথা তদ্বোঢু রশৌচং ন তস্যা ইতি সহদ্বৈষম্যং স্যাদিতি॥
ইতি পৈঠীনসি।

অসম্বন্ধি অর্থাৎ যাহার সহিত কোন সম্পর্ক নাই, তাহার দাহাদি করিলে সদ্যশৌচ। আর যাহার সহিত সম্পর্ক আছে তাহার দাহাদি করিলে ত্রিরাত্র। আর বিবাহিতা কন্যা পক্ষে সকল স্থলেই অর্থাৎ দাহাদি করিলেও বা না করিলেও ত্রিরাত্র।

মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চ॥
ইতি মনুঃ।

মাতুল, শিষ্য, পুরোহিত ও সবান্ধব (১) ইহাদের দাহাদি না করিলে পক্ষিণী, দাহাদি করিলে ত্রিরাত্র অশৌচ হইবে।

সমানোদকানাং ত্র্যহং গোত্রজানামহঃ স্মৃতং।
মাতৃবন্ধৌ গুরৌমিত্রে মণ্ডলাধিপতৌ তথা॥

ইতি জাবালি।

সকুল্য মরিলে তিনদিন, গোত্রজ মরিলে একাহ। আর মাতৃবন্ধু (২) গুরু, মিত্র, ও মণ্ডলাধিপতি অর্থাৎ রাজা মরিলে একরাত্র অশৌচ হইবে।

যে স্থলে সম্পূর্ণাশৌচ হয় সেই স্থলে উক্ত ত্রিরাত্রাদি অশৌচ হইবে।

পিতৃবন্ধু (৩) মরণে পক্ষিণী অশৌচ হইবে, দাহাদি করণে ত্রিরাত্র। প্রমাণং যথা;—

পক্ষিণী যোনিসম্বন্ধে বান্ধবেষু তথৈবচ।
একরাত্রং সমুদ্দিষ্টং গুরৌ সব্রহ্মচারিণি॥

মাতুলাদি ও পিতৃবন্ধু মরণে পক্ষিণী অশৌচ হইবে, দাহাদি করিলে ত্রিরাত্র, গুরু ও সহাধ্যায়ি মরণে একরাত্র।

পূর্ব্বে যে সকল অশৌচের কথা লিখিত হইল সকলেরই পক্ষে, যদি নিকটে মরে এবং স্বয়ং দাহাদি করে তবেই ত্রিরাত্র নতুবা পক্ষিণী।

বিবাহিতা কন্যা স্বগৃহে মরিলে দাহাদি করুক বা না করুক পিতা মাতার ত্রিরাত্র অশৌচ হইবে।

যেমন সপিণ্ড মরিলে সকল সপিণ্ডের পক্ষেই সমান অশৌচ,

---

(১) আত্মমাতুঃ স্বসুঃ পুত্রাঃ আত্মমাতু স্বসুঃ সুতাঃ।
আত্ম মাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ। ইতি মিতাক্ষরা।

(২) মাতুর্মাতুঃ স্বসুপুত্রাঃ মাতুঃ পিতুঃ স্বসুঃসুতাঃ।
মাতুর্মাতুল পুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবাঃ॥ ইতি মিতাক্ষরা।

(৩) পিতুঃ পিতুঃ স্বসুপুত্রাঃ পিতুর্মাতুঃ স্বসুঃসুতাঃ।
পিতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ।

সেইরূপ উক্ত বান্ধব সকল মরিলেও সকলের পক্ষে যে রূপ অশৌচ ব্যবস্থা কথিত হইল তাহা অবশ্যই গ্রহন করিতে হইবে।

অথ মৃত্যুবিশেষাশৌচং।

অনশন মৃতানামশনি হতানামগ্নিজলপ্রবিষ্টানাং।
ভৃগুসংগ্রাম দেশান্তর মৃতানাং জাত দন্তানাং ত্রিরাত্রং।
ইতি কাশ্যপঃ।

অনশনে, বিদ্যুতাগ্নিতে, জলে ও অগ্নিতে প্রবিষ্ট হইয়া, উচ্চদেশ হইতে পতিত হইয়া প্রাণত্যাগ করিলে, সংগ্রামে এবং দেশান্তরে মরিলেও জাতদন্ত হইয়া মরিলে ত্রিরাত্র অশৌচ হইবে।

ব্যাপাদয়েদ্বথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ।
বিহিতং তস্যনাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকং॥
ইতি কূর্ম্মপুরাণং।

পূর্ব্ব বচনের কথিতার্থ প্রমাদ বশতঃ কিন্তু যদি কেহ ক্রোধাদিতে উন্মত্ত হইয়া অনশন, অগ্নি ও জল প্রবেশ বা উচ্চদেশ হইতে পতিত হইয়া প্রাণত্যাগ করে, তাহার অশৌচ ও অগ্নিদানাদি কার্য্য ও শ্রাদ্ধ তর্পণাদি নাই।

যে ব্যক্তি শাস্ত্রোক্ত অনশন ব্রতধারণ করিয়া কি যে ব্যক্তির দৈবাৎ বজ্রাগ্নিতে মৃত্যু হয়, কি সহমরণের নিমিত্ত অগ্নিপ্রবেশ করে, কি সঙ্কল্প করিয়া তীর্থ বিশেষে জলপ্রবেশ করিয়া কি উচ্চদেশ হইতে পতিত হইয়া, কি রাজ্য রক্ষার্থ সংগ্রাম করিয়া প্রাণত্যাগ করে তবে তাহাদের অশৌচ পূর্ব্বোক্ত কাশ্যপবচনানুসারে ত্রিরাত্র হইবে।

প্রমাদাদপিনিঃশঙ্কস্ত্বকস্মাদ্বিধি চোদিতঃ।
শৃঙ্গীদংষ্ট্রী নখীব্যাল বিষবিদ্যুজ্জলাদিভিঃ॥

চাণ্ডালৈরথবা চৌরৈর্নিহতো বাপিকুত্রচিৎ।
তস্য দাহাদিকং কার্য্যং যস্মান্ন পতিতস্তু সঃ॥
ইতি ব্রহ্মপুরাণং।

অনবধানতাপ্রযুক্ত অর্থাৎ শৃঙ্গী, দংষ্ট্রী, নখী, সর্প, বিষ, বিদ্যুৎ, জল, চণ্ডাল, চোর ইহাদের দ্বারা যাহার মৃত্যু হয়; তাহার দাহাদি ক্রিয়া করিবে। কিন্তু যে ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক ইহাদের দ্বারা মৃত্যুমুখে পতিত হয়, তাহাদের দাহাদি কার্য্য ও শ্রাদ্ধ তর্পণ বা অশৌচ গ্রহণ করিবে না। ইহা বিধি কর্ত্তৃক উক্ত হইয়াছে।

পরদারান্ রমন্তশ্চদ্বেষাত্তৎপতিভি র্হতাঃ।
অসমানৈশ্চ সংকীর্ণৈ শ্চাণ্ডালাদ্যৈশ্চবিগ্রহং॥
কৃত্বাতৈর্নিহতা স্তাংস্তু চাণ্ডালাদীন্ সমাশ্রিতাঃ।
গরাগ্নি বিষদাশ্চৈব পাষণ্ডাঃ ক্রূরবুদ্ধয়ঃ॥
ক্রোধাৎ প্রায়ং বিষং বহ্নিং শস্ত্রমুদ্বন্ধনং জলং।
গিরিবৃক্ষ প্রপাতঞ্চ যে কুর্ব্বন্তি নরাধমাঃ॥
কুশিল্পি জীবিনশ্চৈব শূনালঙ্কার কারিণঃ।
মুখে ভগাশ্চ যে কেচিৎ ক্লীবপ্রায়া নপুংসকাঃ॥
ব্রহ্মদণ্ডহতা যে চ যে চৈব ব্রাহ্মণৈ র্হতাঃ।
মহাপাতকীনো যে চ পতিতা স্তে প্রকীর্ত্তিতাঃ॥
পতিতানাং ন দাহঃ স্যান্নান্ত্যেষ্টি র্নাস্থিসঞ্চয়ঃ।
ন চাশ্রুপাতঃ পিণ্ডোবা কার্য্যং শ্রাদ্ধাদিকং ক্বচিৎ॥
ইতি ব্রহ্মপুরাণং।

পরস্ত্রীগমনকালে তাহার পতি বা তদ্বন্ধুবর্গ কর্ত্তৃক হত হইলে, অসমান সঙ্করজাতি বা চাণ্ডালাদির সহিত ক্রীড়াপর হইয়া কলহ করণ কালীন তাহাদের দ্বারা হত হইলে, বিষদান বা অগ্নিতে দাহ করিবার চেষ্টা করিলে, দেববিরুদ্ধ বেশধারণ করিলে ও যাহাদের বুদ্ধি সতত পরোপকার ইচ্ছুক ক্রোধান্ধ হইয়া বিষভক্ষণ কি অগ্নিতে বা জলে প্রবেশ, অস্ত্রশস্ত্র দ্বারা কিম্বা উচ্চস্থান হইতে পতিত হইয়া, অথবা গলে রজ্জু প্রদান করিয়া প্রাণত্যাগ করিলে,

সজ্জাতি হইয়া চাণ্ডালাদির ন্যায় চর্ম্ম কি অস্থ্যাদিদ্বারা শিল্পদ্রব্য প্রস্তুত করিলে, লোভাদি দ্বারা মনুষ্যকে বশীভূত করিয়া তাহাকে বধ করিলে বা মনুষ্য বধজন্য স্থানকারী, মুখে ভগাকার (১) অর্থাৎ কণ্ঠদেশে ভগাকার চিহ্ন যাহার আছে, নপুংসক ব্রাহ্মণ কর্তৃক শাপগ্রস্ত বা ব্রাহ্মণের পীড়নকারী হইয়া পতিত (২) ইহাদের অন্ত্যেষ্টিক্রিয়া, উদকাদি দান, অশৌচ ও শ্রাদ্ধাদি নাই। যদি কেহ ইহাদের দাহাদি কার্য্য অশৌচ গ্রহণ ও শ্রাদ্ধাদি করে তবে তাহার নিজের শুদ্ধির নিমিত্ত তপ্তকৃচ্ছ্র দ্বয় ব্রত করিতে হয় বা তদনুকল্প ২২॥০ কাহন বরাটক দান করিয়া যথাশক্তি দক্ষিণা দিতে হয়।

আর যদি কেহ দাহ কি অশৌচ গ্রহণ ইহাদের কোন একটী করে তবে তাহার তপ্তকৃচ্ছ্র ব্রত প্রায়শ্চিত্ত করা কর্ত্তব্য। তদনুকল্প ১১।০ কাহন কপর্দ্দক দান।

এতানি পতিতানাস্তু যঃ করোতি বিমোহিতঃ।
তপ্তকৃচ্ছ্র দ্বয়েনৈব তস্য শুদ্ধির্নচান্যথা॥

ইতি ব্রহ্মপুরাণং।

ব্যবস্থাপত্র।

পতিতানাং শবদাহাদিজনিতপাপক্ষয়ার্থিনা তপ্তকৃচ্ছ্র দ্বয়ব্রতাদ্যাশক্তৌ ব্রাহ্মণাদি চাতুর্বর্ণেন যৎকিঞ্চিৎদক্ষিণকসার্দ্ধদ্বাবিংশতিকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতিবিদুষাং পরামর্শঃ।

শৃণু কুষ্ঠগণং বিপ্র উত্তরোত্তরতোগুরুং।
বিচর্চ্চিকা তু দুশ্চর্ম্মা চর্চ্চরীয় স্তৃতীয়কঃ॥
বিকচু ব্রণ তাম্রোচ কৃষ্ণশ্বেতে তথাষ্টকং।
এষাং মধ্যেতু যঃ কুষ্ঠী গর্হিতঃ সর্ব্বকর্ম্মসু॥
ব্রণবৎ সর্ব্বগাত্রেষু গণ্ডেভালে তথানসি।
তথামৃতেচ প্রোথয়েত্তীর্থেঽথবা তরুমূলকে॥
ন পিণ্ডং নোদকং কার্য্যং নচ দান ক্রিয়াং চরেৎ।

ইতি ভবিষ্যপুরাণীয় মধ্যতন্ত্র ষষ্ঠাধ্যায়ে॥

---

(১) উৎকল দেশে এই প্রকারের লোক দেখিতে পাওয়া যায়।
(২) প্রায়শ্চিত্তখণ্ডে বিশেষ বর্ণিত আছে। উপপাতকী স্থলে দেখ।

হে বিপ্র! এই সকল কুষ্ঠ উত্তরোত্তর গুরু। বিচর্চ্চিকা অর্থাৎ স্বল্প কুষ্ঠ, যাহার গাত্রচর্ম্ম দোষযুক্ত, চর্চ্চরী অর্থাৎ কুষ্ঠবিশেষঃ, বিকচু; সর্ব্বাঙ্গ ব্রণযুক্ত সর্ব্বাঙ্গ শ্বেত ও কৃষ্ণবর্ণ, এই সকল কুষ্ঠীর মধ্যে যাহাদের বৃহৎ কুষ্ঠ আছে তাহারা মহাপাতকী (১)। ইহাদের দাহাদি কার্য্য বা অশৌচ গ্রহণ নাই অর্থাৎ সপিণ্ডবর্গ অশৌচ গ্রহণ করিবে না। ইহারা মরিলে তীর্থ স্থানে অথবা তরুমূলে প্রোথিত করাইবে।

ষণ্মাসীয় ত্রিমাসীয় মৃতঃকুষ্ঠী কদাচন।
যদি স্নেহার্চ্চয়েদ্দাহং যতিচান্দ্রায়ণঞ্চরেৎ।
ইতি ভবিষ্যপুরাণং।

ছয় মাসেরই হউক আর তিন মাসেরই হউক বা বহুদিনেরই হউক কুষ্ঠরোগগ্রস্ত মৃত ব্যক্তিকে যদি স্নেহ প্রযুক্ত দাহাদি করে, তবে যতিচন্দ্রায়ণব্রত করিবে বা ধেনু চতুষ্টয় দান করিবে। (২)

ব্যবস্থাপত্র।

কুষ্ঠরোগগ্রস্তব্যক্তীনাং শবদাহজনিতপাপক্ষয়ার্থিমা যতিচান্দ্রায়ণব্রতাদ্যাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণক সপাদৈকাদশকার্ষাপণীবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতম্।

স্বয়মকৃত প্রায়শ্চিত্তস্যমৃতস্য পুত্রাদিনা প্রায়শ্চিত্তং কৃত্বা তদ্দাহাদিকং কার্য্যং। ইতি স্মার্ত্ত রঘুনন্দনভট্টাচার্য্য।

যদি স্বয়ং প্রায়শ্চিত্ত করিতে না পারে তবে পুত্রাদিরা প্রায়শ্চিত্ত করিয়া দাহাদি করিবে।

শস্ত্রাঘাতে ত্র্যহাদূর্দ্ধং যদি কশ্চিৎ প্রমীয়তে।
অশৌচং প্রাকৃতং তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥ ইতি শং খঃ।

যদি অস্ত্রদ্বারা আহত হইয়া তিন দিনের পর মরে, তবে ব্রাহ্মণাদি চতুর্বর্ণেরই সম্পূর্ণ অশৌচ হইবে। তিন দিনের মধ্যে মরিলে

---

(১) প্রায়শ্চিত্তখণ্ডে বর্ণিত আছে।

(২) যদি রোগী ব্যক্তিকৃত প্রায়শ্চিত্ত হইয়া প্রাণত্যাগ করে তবে তাহার দাহাদি করিলে কাহাকেও প্রায়শ্চিত্ত করিতে হয় না। আর যদি স্বয়ং প্রায়শ্চিত্ত করিতে না পারে তাহার পক্ষে ব্যবস্থা এই।

ত্রিরাত্র এই বচনের দ্বিতীয় চরণের শেষভাগে যে পাঠ আছে ঐ পাঠ কেহ কেহ (শঙ্খস্য বচনং যথা) এইরূপ পাঠ প্রয়োগ করেন।

শস্ত্রাঘাতমাহ।

পক্ষীমৎস্য মৃগৈ র্যেতু দংষ্ট্রী শৃঙ্গীনখৈর্হতাঃ।
পতনানশনপ্রায়ৈর্ব্বজ্রাগ্নি বিষবন্ধনৈঃ।
মৃতাজলপ্রবেশেন তে বৈ শস্ত্রহতাস্মৃতাঃ।
ইতি দেবীপুরাণং।

পক্ষী, মৎস্য, মৃগ, দংষ্ট্রী, শৃঙ্গী, নখী ইহাদের দ্বারা কি উচ্চস্থান হইতে পতিত হইয়া, ও অনশন, বজ্র, অগ্নি, বিষপান, উদ্বন্ধন ও জল প্রবেশ করিয়া যে প্রাণত্যাগ করে, তাহাকে শস্ত্রাহত বলে।

ক্ষতেন ম্রিয়তে যস্তু তস্যাশৌচং ভবেদ্দ্বিধা।
আসপ্তাহাত্ত্রিরাত্রং স্যাদ্দশরাত্রমতঃপরং॥ ইতি ব্যাসঃ।

রোগাদি ব্যতিরিক্ত সংগ্রামে ক্ষত হইয়া যে ব্যক্তি প্রাণত্যাগ করে, তাহার অশৌচ দুই প্রকার। যদি সে ব্যক্তি সপ্তাহের মধ্যে মরে তবে ত্রিরাত্র এবং তাহার উর্দ্ধে মৃত্যু হইলে স্ব স্ব জাত্যুক্ত অশৌচ হইবে।

অথ সদ্যঃশৌচং।

সদ্যঃশৌচং সমাখ্যাতং দুর্ভিক্ষে চাপ্যুপপ্লবে।
ডিম্বাহবে হতানাঞ্চ বিদ্যুতা পার্থিবৈ র্দ্বিজৈঃ॥
সদ্যঃশৌচং সমাখ্যাতং শাপাদি মরণে তথা॥
ইতি কূর্ম্মপুরাণং।

দুর্ভিক্ষে, রাজবিপ্লবে, অত্যন্ত মহামারীতে, রাজরহিত যুদ্ধে, বিদ্যুতাগ্নিতে মরিলে সদ্যঃশৌচ হয় অর্থাৎ স্নানমাত্রে শুদ্ধি হয়। (আপদ্যপিচ কষ্টায়াং সদ্যঃশৌচং বিধীয়তে) আপদে ও বহু ক্ষতনাতে মৃত্যু হইলেও সদ্যঃশৌচ হয়। ইহা শূলপাণি ও অনিরুদ্ধ ভট্টাচার্য্য মহাশয় বলিয়াছেন।

উপসর্গ মৃতেশ্চৈব সদ্যঃশৌচং বিধিয়তে।

ইতি পরাশরঃ।

উপসর্গ(১) অর্থাৎ রোগবিশেষে মৃত্যু হইলে সদ্যঃশৌচ হইবে।

নাশৌচং রাজ্ঞাং রাজকর্ম্মণি, নব্রতিনাং ব্রতে, ন সত্রিনাং সত্রে, ন কারুণাং স্বকর্ম্মাণি, নরাজাজ্ঞাকারিণাং তদিচ্ছয়া ন দেব প্রতিষ্ঠা বিবাহয়োঃ পূর্ব্ব সম্ভৃতয়োঃ॥

ইতি বিষ্ণুঃ।

রাজার রাজকর্ম্মে, ব্রতীর ব্রতে, অর্থাৎ দৈনিক বা বৃহদযজ্ঞানুষ্ঠানে, শিল্পির শিল্পকার্য্যে, রাজাজ্ঞাকারীর রাজার ইচ্ছাতে, দেব প্রতিষ্ঠা ও বিবাহ কালে, পূর্ব্ব সঙ্কলিত কোন ব্রতকালে বৈদ্যের চিকিৎসাতে দাস দাসী দাস্যকর্ম্ম করণকালে সপিণ্ডাদির মৃত্যু হইলে তাহাদের সদ্যঃশৌচ হয়। কেহ কেহ এইস্থলে অশৌচ হয় না অর্থাৎ সদ্যই শুদ্ধ হয়।

অথ সহমরণাশৌচং।

স্ত্রীলোকের সহমরণ বা অনুমরণ সকল স্থলেই ত্রিরাত্র অশৌচ হয়, (অগ্নিজল প্রবিষ্টানামিতি) প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে। আর ব্রাহ্মণ পত্নীর সহমরণ ব্যতীত অনুমরণ নাই। প্রমাণং যথা ;—

পৃথক্ চিতিং সমারুহ্য ন বিপ্রাগন্তুমর্হতি।

সহমরণাশৌচ স্থলে স্বামীর মৃতাশৌচ গুরু। তাহার মধ্যে পতিত স্ত্রীর সহমরণাশৌচ লঘু। কারণ তাহার ত্রিরাত্র অশৌচ সুতরাং পতির মৃতাশৌচের মধ্যে লঘু অশৌচের খর্ব্বতা হয়। যদি সংগ্রামাদিতে পতির মৃত্যু হয় এবং তাহার পত্নী সহমৃতা হয়, তাহা হইলে স্ত্রীর সহমরন নিবন্ধন ত্রিরাত্রাশৌচ না হইয়া সদ্যঃশৌচ হইবে, কারণ পূর্ব্বে কথিত হইয়াছে (ভৃগুঃসংগ্রামেত্যাদি) কিন্তু যদি তাহার স্ত্রী পৃথক্ চিতারোহণ করে তবে ত্রিরাত্র অশৌচ হইবে, আর ঐ সহমৃতা স্ত্রীর পিণ্ডদানাদি কার্য্যও পতির ন্যায় হইবে। প্রকরণং যথা ;—

(১) অতিলোভাদসত্যাদ্বা নাস্তিক্যাদ্বাপ্য ধর্ম্মতঃ।
নরাণাচার নিয়তানুপসর্গঃ প্রবর্ত্ততে। গর্গসংহিতা বার্হস্পত্যয়োঃ।

সংস্থিতং পতিমালিঙ্গ্য প্রবিশেদ্বো হুতাশনং।
তস্যাঃ পিণ্ডাদিকং দেয়ং ক্রমশঃ পতিপিণ্ডবৎ ॥
ইতি ব্যাসঃ।

অথ শবানুগমনাশৌচং।

প্রেতীভূতং দ্বিজং বিপ্রো যোনুগচ্ছতি কামতঃ।
স্নাত্বা সচেলং স্পৃষ্ট্বাগ্নিং ঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতি ॥
একাহাৎ ক্ষত্রিয়ে শুদ্ধির্বৈশ্যে চ স্যাদ্ব্যহেনতু।
শূদ্রে দিনত্রয়ং প্রোক্তং প্রাণায়াম শতং পুনঃ ॥
ইতিকূর্ম্মপুরাণং।

ব্রাহ্মণ, ব্রাহ্মণের শবের অনুগমন করিলে গাত্রবস্ত্রের সহিত স্নান করিয়া ঘৃত ভোজন করিলে শুদ্ধ হয়। ক্ষত্রিয় ক্ষত্রিয়শবের অনুগমন করিলে পূর্ব্বোক্ত স্নান ও ঘৃত ভোজন এবং একরাত্র উপবাস। বৈশ্য বৈশ্যশবের অনুগমন করিলে দুই রাত্র উপবাস ও পূর্ব্বোক্ত প্রকারে স্নান ও ঘৃত ভোজন করিয়া শুদ্ধ হয়। শূদ্র, শূদ্রের শবানুগমন করিলে ত্রিরাত্র উপবাস, ঘৃত ভোজন, স্নান ও একশত প্রাণায়াম করিয়া শুদ্ধ হয়।

ক্ষত্রিয়াদির পক্ষে স্ব স্ব জাতির শবানুগমনে উক্ত বিধি। পরন্তু ব্রাহ্মণ কখনই শূদ্র শবানুগমন করিবে না। যদি অনবধানতা-প্রযুক্ত শবানুগমন করে তবে পূর্ব্বোক্ত উপবাস অম্ভসি (১) স্নান অগ্নিস্পর্শ ও ঘৃত ভক্ষণ করিলে শুদ্ধ হইবে। প্রমাণং যথা ;—

ব্রাহ্মণেনানুগন্তব্যো নতু শূদ্রঃ কথঞ্চন।
অনুগম্যাম্ভসি স্নাত্বাহগ্নিস্পৃক্ ঘৃতভুক্‌শুচিঃ ॥
ইতি যাজ্ঞবল্ক্য।

নারং স্পৃষ্ট্বাস্থি সস্নেহং স্নাত্বা বিপ্রোবিশুদ্ধ্যতি।
আচম্যৈবতু নিঃস্নেহং গামালভ্যার্কমীক্ষ্যবা ॥
ইতি মনুসংহিতা।

(১) অম্ভসি শব্দার্থ এই যথা ;—নতুর্দ্ধতোদকেন অর্থাৎ আকণ্ঠ পর্য্যন্ত জলে।
ইতি স্মার্ত্ত।

যে কোন জাতির হউক মৃত মনুষ্যের সরস অস্থি স্পর্শ করিলে সচেল স্নান দ্বারা শুদ্ধ হইবে। আর শুষ্ক অর্থাৎ নীরস অস্থি স্পর্শ করিলে আচমনপূর্ব্বক গোস্পর্শ ও সূর্য্যদর্শন করিয়া শুদ্ধ হইবেন। ইহা অজ্ঞানতঃ যদি অভ্যাস প্রযুক্ত স্পর্শ করে তাহার পক্ষে এই ব্যবস্থা। প্রমাণং যথা:—

মনুষ্যাস্থি স্নিগ্ধং স্পৃষ্ট্বা ত্রিরাত্রমশৌচং।
অস্নিগ্ধেত্বহোরাত্রমিতি প্রায়শ্চিত্তবিবেকঃ।
ইতি বশিষ্ঠঃ।

মনুষ্যের স্নিগ্ধ অস্থি যদি বারম্বার স্পর্শ করে তবে ত্রিরাত্র ও অস্নিগ্ধ অস্থি ঐ প্রকারে স্পর্শ করিলে অহোরাত্র অশৌচ।

অনাথঞ্চৈব নির্হৃত্য ব্রাহ্মণং ধনবর্জ্জিতং।
স্নাত্বা সংপ্রাশ্যতু ঘৃতং শুদ্ধ্যন্তি ব্রাহ্মণাদয়ঃ॥
ইতি কূর্ম্মপুরাণং।

যদি অনাথ ধনহীন ব্রাহ্মণের মৃত্যু হয় এবং ব্রাহ্মণাদিরা ধর্ম্মতঃ তাহাকে বহন ও দাহ করে তবে সচেল স্নান ও ঘৃতভোজন করিয়া শুদ্ধ হইবে।

অসম্বন্ধিনো দ্বিজান দহিত্বা বহিত্বা সদ্যঃশৌচং
সম্বন্ধেতু ত্রিরাত্রমিতি পৈঠীনসী।

অসম্বন্ধি ব্রাহ্মণ মরিলে সদ্যঃশৌচ হইবে। আর যদি কাহার সহিত সম্বন্ধ থাকে তবে তাহার ত্রিরাত্র অশৌচ হইবে।

যদিনির্দ্দহতি প্রেতং প্রলোভাক্রান্ত মানসঃ।
দশাহেন দ্বিজঃশুদ্ধ্যে দ্বাদশাহেন ভূমিপঃ।
অর্দ্ধমাসেন বৈশ্যস্তু শূদ্রো মাসেন শুদ্ধ্যতি॥

যদি লোভাক্রান্ত হইয়া ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয় ভিন্নগোত্রীয় শবদাহ করে তবে স্ব স্ব জাত্যুক্ত অর্থাৎ ব্রাহ্মণের দশদিন, ক্ষত্রিয়ের বারদিন, বৈশ্যের পঞ্চদশদিন ও শূদ্রের একমাস অশৌচ হইবে। আর যদি ঐ প্রকারে ভিন্ন ভিন্ন জাতীয় শব ভিন্ন ভিন্ন জাতি কর্ত্তৃক

দাহ কার্য্য নিষ্পন্ন হয়, তবে মৃতব্যক্তি যে জাতি তাহার জাতীয়াশৌচ গ্রহণ করিতে হইবে। প্রমাণং যথা;—

অবরশ্চেদ্বরং বর্ণ মবরং বা বরো যদি।
অশৌচং সংস্পৃশেৎ স্নেহাৎ তদাশুচ্যেন শুদ্ধ্যতি।
ইতি কূর্ম্মপুরাণং।

অসপিণ্ডং দ্বিজং প্রেতং বিপ্রোনির্হৃত্য বন্ধুবৎ।
বিশুদ্ধ্যতি ত্রিরাত্রেণ মাতুরাপ্তাংশ্চ বান্ধবান্॥
যদন্নমত্তি তেষান্তু দশাহেনৈব শুদ্ধ্যতি।
অনদন্নমহ্নৈব নচেত্তস্মিন্ গৃহে বসেৎ॥
ইতি মনুসংহিতা।

অসপিণ্ড ব্যক্তির মৃত্যু হইলে বন্ধুরন্যায় তাহার দহন বহনাদি করিয়া ব্রাহ্মণ ত্রিরাত্র অশৌচ গ্রহণ করিয়া শুদ্ধ হয়। এবং মাতার সহোদরাদির দহন বহনেও ত্রিরাত্র অশৌচ হইয়া থাকে। আর অসপিণ্ড ব্রাহ্মণ যদি কাহারও ভবনে শবদাহের পর তদন্নভোজন করিয়া বাস করে তবে তাহার দশাহাশৌচ হইবে। কারণ অসগোত্র স্থলে দহন বহনে ত্রিরাত্র অশৌচ বিহিত আছে, অন্ন ভোজনাদি দোষ দশাহাশৌচই ব্যবস্থা। কিন্তু যদি অন্নভোজন না করিয়া তাহার বাটীতে মাত্র বাস করেন তবে এক দিন রাত্রেই শুদ্ধ হয়।

অথাঙ্গস্পৃশ্যত্বাদ্যশৌচং।

চিতাধুম সেবনে সর্ব্ববর্ণাঃ স্নানমাচরেয়ুঃ॥
ইতি বিষ্ণুঃ।

চিতাধুম সেবন করিলে অর্থাৎ মৃতব্যক্তির জ্বলিত চিতার ধূম গাত্রস্পর্শ করিলে সকল বর্ণেই স্নান করিয়া শুদ্ধ হয়।

অস্থিসঞ্চয়না দর্ব্বাগ্ যদি বিপ্রো শ্রুপাতয়েৎ।
মৃতেশূদ্রেগৃহং গত্বা ত্রিরাত্রেণ বিশুদ্ধ্যতিঃ॥
ইতি পারস্করঃ।

যদি মৃত শূদ্রের অস্থি সঞ্চয়নের পূর্ব্বে অর্থাৎ অঙ্গাস্পৃশ্যত্ব মধ্যে ব্রাহ্মণ শূদ্রগৃহে গমন করতঃ অশ্রুপাত করে, তবে ত্রিরাত্র অশৌচ হইবে।

অস্থি সঞ্চয়নাদূর্দ্ধং যাবন্মাসং দ্বিজাতয়ঃ।
দিবসেনৈব শুদ্ধ্যন্তি বাসসাং ক্ষালনেনচ॥
ইতি পরাশরঃ।

আর অস্থি সঞ্চয়নের পর এক মাস মধ্যে যদি ব্রাহ্মণ শূদ্রের গৃহে গমন করিয়া অশ্রুপাত করে, তবে এক দিন অশৌচ ও সচেল স্নান করিলেই শুদ্ধ হয়।

স্বজাতের্দ্দিবসেনৈব দ্ব্যহাৎ ক্ষত্রিয় বৈশ্যয়োঃ।
স্পর্শং বিনানুগমনে শূদ্রোনক্তেন শুদ্ধ্যতি॥
মৃতস্যাবান্ধবৈঃ সার্দ্ধং কৃত্যাতু পরিদেবনং।
বর্জ্জয়েত্তদহোরাত্রং দানং স্বাধ্যায় কর্ম্ম চ।
ইতি পারস্করঃ।

ভিন্নজাতির পক্ষে ব্যবস্থা এই প্রকার যথা—স্ব স্ব জাতির গৃহে অস্থি সঞ্চয়নের পূর্ব্বে অশ্রুপাত করিলে এক দিন, ব্রাহ্মণ যদি ক্ষত্রিয় ও বৈশ্যের গৃহে অশ্রুপাত করে তবে দুই দিন ও শূদ্রের স্থলে সকলেরই উপবাস। আর ব্রাহ্মণের পক্ষে শূদ্রগৃহে অশ্রুপাত পূর্ব্বে কথিত হইয়াছে। আর মৃত ব্যক্তির বান্ধবের সহিত অশ্রুপাত করিলেও এক দিন অশৌচ। সকল স্থলেই এক দিন দান কিম্বা অধ্যয়ন করিতে নাই।

চতুর্থেঽহনি বিপ্রস্য ষষ্ঠেবৈ ক্ষত্রিয়স্য চ।
অষ্টমে দশমেচৈব স্পর্শঃ স্যাৎ বৈশ্যশূদ্রয়োঃ॥
ইতি সম্বর্ত্তঃ।

পূর্ণাশৌচ হইলে ব্রাহ্মণের তিন দিন, ক্ষত্রিয়ের ছয় দিন, বৈশ্যের আট দিন ও শূদ্রের দশ দিন অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, অর্থাৎ উপরোক্ত দিন সংখ্যার পরে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র স্পর্শযোগ্য হয়।

অশৌচ কালাদ্বিজ্ঞেয়ং স্পর্শনন্তু ত্রিভাগতঃ। ইতি দেবলঃ।

খণ্ডাশৌচ স্থলে অশৌচ দিনকে তিন ভাগ করিয়া এক ভাগে যত সময় হইবে, ততকাল অস্পৃশ্যত্ব থাকে। আর অশৌচ অতীত হইলে সবস্ত্র স্নান করিলেই অস্পৃশ্যত্ব নিবৃত্তি হইয়া শুদ্ধ হয়।

অতিক্রান্তাশৌচেতু সচেল স্নানাদেবাঙ্গাস্পৃশ্যত্ব নিবৃত্তিঃ।
সূতকেতু সপিণ্ডানাং সংস্পর্শোনৈব দুষ্যতি।
ইতি কূর্ম্মপুরাণং।

জননাশৌচে সপিণ্ডবর্গের অস্পৃশ্যত্ব হয় না, কেবল পিতা মাতার অস্পৃশ্যত্ব হয়। আর সপিণ্ডবর্গের জননাশৌচ হয়। পুত্রজননে পিতা সচেল স্নান করিলেই অস্পৃশ্যত্ব নাশ হয়।

ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতাদশভির্দ্দিনৈঃ।
গতৈঃশূদ্রা তু সংস্পৃশ্যা ত্রয়োদশভিরেবচ॥
ইতি আদিপুরাণং।

পুত্র কন্যা জন্মিলে ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যার দশদিনের পর অঙ্গস্পর্শনীয় হয়। শূদ্রের ত্রয়োদশ দিন পর্য্যন্ত অস্পৃশ্যত্ব থাকে। আর জাতবালক বালিকার পিতা কি বিমাতা যদি সূতিকা স্পর্শ করে তবে মাতার ন্যায় অস্পৃশ্যত্ব থাকে। প্রমাণং যথা;—

মাতুরেবসূতকং তাং স্পৃশ্যতঃ পিতুর্ণেতরেষাং।
ইতি বিষ্ণুঃ।

এই স্থলে স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয় (পুত্রজননে বিমাতৃণাঞ্চ স্নানাৎ স্পৃশ্যত্বং, সূতিকাস্পর্শনে তৎসমকালাস্পৃশ্যত্বঞ্চ বক্ষ্যতে) এই রূপ ব্যবস্থা দিয়াছেন। ইহার অর্থ পূর্ব্ববচনার্থের ন্যায়।

উদক্যা সূতিকাবাপি অন্ত্যজং সংস্পৃশেদ্যদি।
ত্রিরাত্রেণৈব শুদ্ধ্যেত ইতি শাতাতপোঽব্রবীৎ॥

রজস্বলা স্ত্রীকে বা প্রসূতা স্ত্রীকে যদি চাণ্ডালাদিতে স্পর্শ করে, তবে তিন দিন অস্পৃশ্যত্ব থাকে, এবং চাণ্ডালাদি স্পর্শ জন্য প্রায়শ্চিত্ত করিতে হয়। তদ্ব্যবস্থা প্রায়শ্চিত্তখণ্ডে বিশেষ বর্ণিত

আছে বাহুল্য বিধায় অত্রস্থলে লিখিত হইল না; পাঠক মহাশয়গণ অনুগ্রহ পুরঃসর অনুসন্ধান করিয়া দেখিলে জানিতে পারিবেন।

অজাগাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা।
দশরাত্রেণ শুদ্ধ্যন্তি ভূমিষ্ঠঞ্চ নবোদকং॥ ইতি যমঃ।

প্রসূতা অজা, গো, মহিষী ও ব্রাহ্মণী এবং বর্ষাতিরিক্ত কালে ভূমিষ্ঠ নবোদক দশরাত্রের পর শুদ্ধ হয়। ব্রহ্মপুরাণের এই বচনের পোষণার্থ আর এক বচন নিম্নে লিখিত হইতেছে। প্রমাণং যথা;—

নবখাত জলং গাবো মহিষ্যশ্ছাগযোনয়ঃ।
শুদ্ধ্যন্তি দিবসৈরেব দর্শাভির্নাত্রসংশয়ঃ॥
ইতি ব্রহ্মপুরাণং।

পূর্ব্ববচনার্থ হইতে কেবল নবখাত অর্থাৎ নূতন পুষ্করিণীর জল এই মাত্র প্রভেদ।

কালে নবোদকং শুদ্ধং ন পাতব্যন্তু তত্র্যহং।
অকালেতু দশাহংস্যাৎ পীত্বানাদ্যাদহর্নিশি।
ইতি মিতাক্ষরা স্মৃতিঃ।

বর্ষাকালে মেঘনিঃসৃতজল তিন দিবস পরে শুদ্ধ হয়, সুতরাং তিন দিবসের পর তাহা পান করিতে পারে। আর অকালে দশ দিনের পর শুদ্ধ হয় ও দশ দিনের পর পান করিতে পারে। এই নিয়মের বিপরীতাচরণ করিলে এক দিন উপবাস করিয়া শুদ্ধ হয়।

স্নানমাচমনং দানং দেবতা পিতৃতর্পণং।
শূদ্রোদকৈর্ন কুর্ব্বীত তথা মেঘবিনিঃসৃতৈঃ॥
ইতি শংখঃ।

শূদ্র কর্ত্তৃক আনীত জলে ও মেঘনিঃসৃত জলে স্নান আচমন দেবতা ও পিতৃতর্পণ করিবে না, করিলে প্রায়শ্চিত্তার্হ হইতে হয়(১)।

(১) অষ্টোপর্ব্বা দেয়া। ইতি প্রায়শ্চিত্ততত্ত্ব। আটপণ বরাটক উৎসর্গ করিতে হয়। দক্ষিণা যথাশক্তি।

অথাশৌচ মধ্যে কৰ্ত্তব্যতা।

সন্ধ্যাং পঞ্চমহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতিকৰ্ম্ম চ।
তন্মধ্যে হাপয়েত্তেষাং দশাহান্তে পুনঃ ক্রিয়া॥
ইতি স্মাৰ্ত্তঃ।

অশৌচ মধ্যে সন্ধ্যা, অধ্যয়ন, হোম, অতিথি সৎকার, তর্পণ, বৈশ্য দেবার্চ্চন ও শ্রুত্যুক্ত ক্রিয়া করিবে না, অশৌচান্তে করিতে পারিবে।

না শুচির্ন্ জপন্ দৈবপৈত্রকৰ্ম্ম কুৰ্ব্বন্নিতি॥

অশুচি ব্যক্তি দেবতা ও পিতৃগণের উদ্দেশে তর্পণাদি করিবে না।

অপ্রযতায় অপ্রযতো না প্রত্যভিবাদয়েৎ॥ ইতি শংখঃ।

অশৌচ মধ্যে ব্রাহ্মণাদিকে নমস্কার বা ব্রাহ্মণাদির নমস্কার গ্রহণ করিবে না।

অথসূতকিনঃ পূজাং বক্ষ্যাম্যাগম চোদিতাং।
স্নাত্বানিত্যঞ্চ নিৰ্ব্বৃত্ত্য মানস্যা ক্রিয়য়াভুবৈ॥
বাহ্য পূজা ক্রমেণৈব ধ্যানযোগেন পূজয়েৎ।
যদা কামী নচেৎকামী নিত্যং পূৰ্ব্ব বদাচরেৎ॥
ইত্যাগমঃ।

অশৌচ মধ্যে ইষ্ট পূজাতে স্নানাদি করিয়া কেবল মানসোপচারে পূজা করিবে, বাহ্যিক উপকরণ দ্বারা না করিয়া কেবল ধ্যানযোগে পূজা করাই বিধি। কিন্তু এই ব্যবস্থা দীক্ষাকালে যাবজ্জীবন প্রত্যহ পূজা সঙ্কল্পকারকের পক্ষে, অন্যের পক্ষে নহে, অর্থাৎ যদি কোন ব্যক্তি দীক্ষাকালে এইরূপ সঙ্কল্প করিয়া থাকে, যে যাবজ্জীবন প্রত্যহ পূজা করিব তবে ঐ ব্যক্তি অশৌচ মধ্যেও নিত্যপূজা করিতে পারিবে।

যদিস্যাদশুচি স্তত্র স্মরেন্মন্ত্রং নতুচ্চরেৎ। ইতি অঙ্গিরাঃ।

অশৌচের মধ্যে ইষ্টমন্ত্র কেবল স্মরণ করিবে, মুখে উচ্চারণ করিবে না।

লবণে মধুমাংসে চ পুষ্পমূল ফলেষুচ।
শাকে কাষ্ঠ তৃণেষ্বপ্সু দধি সর্পি পয়ঃসু চ॥
তৈলৌষধ্যজিনেচৈব পক্কাপক্কে স্বয়ং গ্রহে।
পণ্যেষু চৈব সর্ব্বেষু নাশৌচং মৃতসূতকে॥

লবণ, মধু, মাংস, পুষ্প, মুল, ফল, শাক, কাষ্ঠ, তৃণ, জল, দধি, ঘৃত, দুগ্ধ, তৈল, ঔষধ, অজিন তণ্ডুল, শক্তু ও সর্ব্বপ্রকার পণ্য দ্রব্য অশুচি ব্যক্তি কর্ত্তৃক স্পৃষ্ট হইলেও তাহা গ্রহণে দোষ নাই, অর্থাৎ উক্ত সকল দ্রব্য গ্রহণ করিতে পারে।

অযাচিতা হৃতংগ্রাহ্য মপিদুষ্কৃত কর্ম্মিণাং।
অন্যত্র কুলটাষণ্ড পতিতেভ্যো দ্বিষস্তথা॥

অযাচিতে যদি কেহ কোন দ্রব্য প্রদান করে, তবে তাহা গ্রহণ করিতে দোষ নাই। কিন্তু বেশ্যা, ধর্ম্মত্যাগী ও পতিত ব্যক্তি দিলে গ্রহণ করিবে না। এই ব্যবস্থা সকল সময়ে সকলের পক্ষেই।

অথ পূরকপিণ্ডদান ব্যবস্থা।

পূরকপিণ্ড অর্থাৎ দশপিণ্ড অশৌচ মধ্যেই দান করা কর্ত্তব্য, যদি অশৌচ মধ্যে না পারে তবে অশৌচান্ত দিনে দেওয়া বিধেয়।

ত্র্যহাশৌচে প্রদাতব্যং প্রথমে ত্বেকমেবহি।
দ্বিতীয়েঽহনি চত্বার স্তৃতীয়ে পঞ্চচৈবহি॥
অথবা প্রথমে দেয়া স্ত্রয়ঃপিণ্ডাঃ সমাহিতৈঃ।
দ্বিতীয়ে চতুরো দদ্যাৎ স্ত্রীংস্তুদদ্যাৎ তৃতীয়কে॥
সদ্যঃ শৌচেতু দাতব্যা দশপিণ্ডা স্তথৈকদা।
পিণ্ডং শূদ্রার দাতব্যং নবসু দিবসেষুচ॥
অশৌচান্ত দিনে দেয়ং দশমং পিণ্ডমেব চ।
ইতি পরাশরঃ।

ত্র্যহাশৌচে। প্রথম দিনে একপিণ্ড দ্বিতীয় দিনে চারি পিণ্ড ও তৃতীয় দিনে পাঁচপিণ্ড দিবে। কিম্বা প্রথম দিনে তিন, দ্বিতীয় দিনে চারি ও তৃতীয় দিনে তিন পিণ্ড দিবে।

চতুরহাশৌচে। প্রথম ও চতুর্থ দিনে দুই দুই, দ্বিতীয় ও তৃতীয় দিনে তিন তিন করিয়া প্রদান করিবে।

পঞ্চাহাশৌচে। প্রথম ও পঞ্চম দিনে এক এক, দ্বিতীয় ও চতুর্থ দিনে দুই দুই ও তৃতীয় দিনে চারি পিণ্ড।

ষড়াহাশৌচে। প্রথম, তৃতীয় পঞ্চম ও ষষ্ঠদিবসে এক এক ও দ্বিতীয় আর চতুর্থ দিবসে তিন তিন পিণ্ড দিবে।

সপ্তাহাশৌচে। তৃতীয়, চতুর্থ, পঞ্চম দিনে দুই দুই পিণ্ড প্রথম দ্বিতীয় ষষ্ঠ ও সপ্তম দিবসে এক এক।

অষ্টাহাশৌচে। চতুর্থ ও পঞ্চম দিনে দুই দুই, আর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম দিবসে এক এক করিয়া।

নবাহাশৌচে। কেবল পঞ্চম দিবসে দুই, তাহার পর সকল দিনেই এক এক করিয়া।

দশাহাশৌচে। প্রত্যহ এক এক পিণ্ড করিয়া দান করিবে।

পক্ষিণী অশৌচে। দুই দিনেই পাঁচ পাঁচ, আর দ্ব্যহাশৌচেও ঐ প্রকার।

দ্বাদশাহাদ্যশৌচে। প্রথম দিন হইতে নয় দিবসে নয় পিণ্ড ও অশৌচান্ত দিনে এক পিণ্ড। বৈশ্য ও শূদ্রের স্থলেও এই প্রকার। অর্থাৎ নয় দিনে নয় ও অশৌচান্ত দিনে এক। সদ্যঃশৌচে ও একাহাশৌচে। সেই দিনেই সমস্ত পিণ্ড প্রদান করিবে।

অথ পূরকপিণ্ডদান ক্রম।

পূর্ব্বোক্ত পূরকপিণ্ড এই প্রকার দান করিবে। প্রমাণং যথা;—

দুই মুষ্টি তণ্ডুল লইয়া দুইবার প্রক্ষাল্যানান্তর যে স্থানে পিণ্ড-প্রদান করিবে তাহার ঈশানদিকে উত্তমরূপে পাক করিবে। পরে কুশহস্তে ও দক্ষিণস্কন্ধে উত্তরীয় দিয়া বামজানু ভূমিতে পাতিত করিয়া দক্ষিণমুখে চারিদিকে এক হস্ত প্রমাণ ও চারি অঙ্গুলি উচ্চ ও দক্ষিণদিক নিম্ন করিয়া বেদীনির্ম্মাণ করতঃ কুশবারি নিক্ষেপ

করিবে, ও নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া সতিল জল প্রদান করিবে।

অমুকগোত্রপ্রেতামুক দেবশর্ম্মন্নেতদবনেনিক্ষ্ব।

তৎপরে তিল মধু ও ঘৃত মিশ্রিত বিল্ব প্রমাণ তপ্তপিণ্ড লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক কুতস্থানে প্রদান করিবে।

অমুকগোত্রস্থ প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ প্রথমপিণ্ডপূরকং।

তাহার পর সমস্ত পিণ্ড প্রদান করিয়া পূর্ব্বোক্ত অবনেনিক্ষ্ব মন্ত্র পাঠ করিয়া হস্তপ্রক্ষালন জল পিণ্ডোপরি প্রদান করিবে এবং এই মন্ত্র পাঠ করিয়া উর্ণাতন্তুময় বাস পিণ্ডোপরি প্রদান করিবে।

অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নেতত্তে উর্ণাতন্তুময়ং বাসঃ।

তাহার পর কাঁচা মৃণ্ময় পাত্রে জল লইয়া পিণ্ড সমীপে রাখিয়া যাবৎ পিণ্ডে বাষ্প দর্শন হয়, ততক্ষণ পর্য্যন্ত সেই স্থানে থাকিবে। পরে উক্ত পিণ্ড সকল জলে প্রক্ষেপ করিয়া স্নান করিয়া প্রত্যাগমন করিবে।

অনুপনীত বালক কি অনূঢ়া কন্যার পূরকপিণ্ড কুশাস্তরণ বিনা প্রদান করিবে। সংক্ষেপতঃ আটবৎসরের পর কুশোপরি পিণ্ড প্রদান করিবে। কিন্তু যদি ঐ আটবৎসরের মধ্যে বালকের উপনয়ন বা কন্যার বিবাহ হইয়া থাকে তবে কুশোপরি পিণ্ডদান করিবে।

ক্ষীর নীর দান ক্রম।

কাষ্ঠের ত্রিপদীকা প্রস্তুত করিয়া তদুপরি মৃণ্ময় আমপাত্রে জল ও অপক্কমৃণ্ময়পাত্রে দুগ্ধ লইয়া এই মন্ত্র পাঠপূর্ব্বক পিণ্ডোপরি প্রদান করিবে।

প্রেতাত্র স্নাহি পিব চেদং ক্ষীরং।

কেহ কেহ কহেন পিণ্ডোপরি না দিয়া নিবেদন করিয়া দিবে, কিন্তু তাহা না দিয়া পিণ্ডোপরি দান করাই বিধেয়। প্রত্যেক পিণ্ডে ক্ষীরপাত্র এক একটী করিয়া দিবে, আর নীরপাত্র পিণ্ডসমসংখ্যাতে অর্থাৎ প্রথম পিণ্ডে এক, দ্বিতীয় পিণ্ডে দুই, তৃতীয় পিণ্ডে তিন, এইরূপ দশপিণ্ডে পঞ্চপঞ্চাশৎ জলপাত্র দিবে। প্রমাণং যথা ;—

একস্তোয়াঞ্জলি স্ত্বেকং পাত্রমেকঞ্চ দীয়তে।
দ্বিতীয়ে দ্বৌ তৃতীয়ে ত্রীন্ চতুর্থে চতুরস্তথা॥
পঞ্চমে পঞ্চ ষষ্ঠে ষট্ সপ্তমে সপ্ত এবচ।
অষ্টমেঽষ্টৌচ নবমে নবৈব দশমে দশ॥
যেনস্যুঃ পঞ্চপঞ্চাশত্তোয়স্যাঞ্জলয়ঃ ক্রমাৎ।
তোয়পাত্রাণি তাবন্তি সংযুক্তনি তিলাদিভিঃ॥
ইতি দেবীপুরাণং।

ন স্বধাঞ্চ প্রযুঞ্জীত প্রেতপিণ্ডেদশাহিকে।
ভাষিতে তচ্চ পিণ্ডং বৈ দেবদত্তস্য পূরকং।
ইতি ঋষ্যশৃঙ্গঃ।

প্রেতপিণ্ডে অর্থাৎ পূরকপিণ্ডদানকালে কখন "স্বধা" পদ প্রয়োগ করিবে না। অমুকের এই পিণ্ড এইরূপ বলিবে।

আদ্যশ্রাদ্ধে পূরকেচ মাসিকে প্রেততর্পণে।
নোচ্চরেৎ পিতৃতৃপ্ত্যর্থং কদাচদপি সামগঃ।
ইতি সারসমুচ্চয়োদ্ধৃতাদিতীবচনং।

আদ্যশ্রাদ্ধে পূরকপিণ্ডে প্রেততর্পণে ও মাসিক শ্রাদ্ধকালে সামবেদীয়েরা কখন স্বধা পদ প্রয়োগ করিবে না। অন্য বেদীয়েরা পূরকব্যতীত অন্যস্থলে প্রয়োগ করিতে পারে।

যে ব্যক্তি অন্ত্যেষ্টিক্রিয়া করিয়াছে সেই পূরকদান করিবে। যদি মৃত ব্যক্তির জ্যেষ্ঠ পুত্র বর্ত্তমান আছে ও সে অন্ত্যেষ্টি কার্য্য করিতে পারে নাই, এমত স্থলে অন্ত্যেষ্টিক্রিয়াকারী পূরকপিণ্ড দান করিবে।

গঙ্গাজলে অস্থি প্রক্ষেপ মন্ত্রঃ।

স্নান করণান্তে আচমন পূর্ব্বক উত্তরমুখে প্রাচীনাবীত হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে যথা,—

অদ্যেত্যাদি অমুকগোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ এতদস্থিপরমাণু-সমসংখ্যবর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধিকরণসহিতত্ত্বকামোমুকস্য এতান্য-স্থিখণ্ডানি গঙ্গায়াং নিক্ষিপামীতি।

এইরূপ সঙ্কল্প করিয়া অস্থিখণ্ডকে পঞ্চগব্য ও হিরণ্যোদকে অভিষিক্ত করিয়া তিলযুক্ত করিয়া মৃত্তিকা মধ্যে রক্ষা করিয়া সেই মৃত্তিকা দক্ষিণহস্তে লইয়া দক্ষিণ দিকে (নমোঽস্তুধর্ম্মায়) এই মন্ত্র বলিয়া জল প্রবেশ করাইয়া (সমেপ্রীতোভবতু) এই মন্ত্র পাঠ পূর্ব্বক অস্থি ক্ষেপণ করিবে।

ইতি রঘুনন্দনস্য ব্যবস্থা।

অথ দ্রব্য শুদ্ধি।

সুবর্ণ রৌপ্য শংখাশ্ম শুক্তি রত্নময়ানি চ।
কাংস্যায়স্তাম্র রৈত্যানি ত্রপু সীসময়ানিচ॥
নির্লেপানি বিশুদ্ধ্যন্তি কেবলেন জলেনতু।

ইতি ব্রহ্মপুরাণং।

সুবর্ণ, রৌপ্য, শঙ্খ, প্রস্তর, ঝিনুক, রত্ননির্ম্মিত পাত্র এবং অনুচ্ছিষ্ট কাংস্য ও তাম্র, পিতল, লৌহ, রঙ্গ ও সীসনির্ম্মিত দ্রব্য কেবল জলদ্বারা প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়।

শূদ্রোচ্ছিষ্টানি শুদ্ধ্যন্তি ত্রিধাক্ষারাম্লবারিভিঃ।
সূতিকা শববিণ্মূত্র রজস্বলা হতানি চ॥
প্রক্ষিপ্তব্যানিতান্যগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি।

ইতি ব্রহ্মপুরাণং।

উক্ত ধাতু বা প্রস্তরনির্ম্মিত পাত্র যদি শূদ্রোচ্ছিষ্ট জন্য দোষে দূষিত হয়, তবে তিনবার ক্ষার, অম্ল ও জলদ্বারা প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়। আর যদি সূতিকা, রজস্বলা, বিষ্ঠা, মূত্র ও শবস্পৃষ্ট দোষে দূষিত হয়, তবে যতক্ষণ তাপ সহ্য হয় ততক্ষণ অগ্নিতে উত্তপ্ত করিলেই শুদ্ধ হইবে।

অম্ভসা হেম রৌপ্যায়ঃ কাংস্যং শুদ্ধ্যতি ভস্মনা।
অম্লৈস্তাম্রঞ্চ রৈত্যঞ্চ পুনঃ পাকেন মৃণ্ময়ঃ।

ইতি বৃহস্পতিঃ।

স্বর্ণ রৌপ্য জলদ্বারা, কাংস্য ভস্মদ্বারা, তাম্র, পিত্তল অম্লদ্বারা ও মৃত্তিকাপাত্রে অগ্নি দ্বারা শুদ্ধ হয়।

ভিন্নকাংস্যেতু যোশ্নীয়াৎ নদ্যাং স্নাত্বাজপেদ্দ্বিজঃ।
গায়ত্র্যষ্টসহস্রন্তু একভুক্তঃ সদা শুচিঃ॥ ইতি বৌধায়নঃ।

যদি ভগ্নকাংস্যপাত্রে কেহ আহার করেন, তবে নদী জলে স্নান সহস্রাধিক অষ্টসংখ্যক গায়ত্রী জপ ও একাহারী হইয়া এক দিবস যাপন করিলে শুদ্ধ হইবে। অন্য জাতির পক্ষে কোন নিয়ম নাই।

তাম্র রজত সুবর্ণাশ্ম স্ফটিকানাং ভিন্নং ভিন্নং।
ইতি দেবলঃ।

তাম্র, রৌপ্য, স্বর্ণ, প্রস্তর ও স্ফটিক ইহাদের ভগ্ন ও অভগ্ন দুই সমান।

আমমাংসং ঘৃতংক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ।
ম্লেচ্ছভাণ্ডস্থিতাদুষ্যা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতাঃ॥
ইতি যমঃ।

কাঁচা মাংস, ঘৃত, মধু, তৈল, আর ফল এই সকল দ্রব্যাদি ম্লেচ্ছভাণ্ডে থাকিলে অশুদ্ধ, তাহার ভাণ্ড হইতে বহিষ্কৃত করিয়া পাত্রান্তর করিলেই শুদ্ধ হয়।

যেষামভক্ষ্যং মাংসঞ্চ তৎ শরীরৈর্যুতঞ্চ যৎ।
বাপী কূপ তড়াগেষু জলং সর্ব্বত্র দূষ্যতি॥

যাহার মাংস অভক্ষ্য এমত জীবের মৃত শরীর যদি সরোবর, কূপ ও পুষ্করিণীর জলে পতিত থাকে, তবে সেই জল অশুদ্ধ এবং তাহার প্রতীকার জন্য এই ব্যবস্থা।

শতং ষষ্ট্যথবাত্রিংশৎ তোয় কুম্ভান্ সমুদ্ধরেৎ।
পঞ্চগব্যং ততস্তেষু প্রক্ষিপেন্মন্ত্রপূর্ব্বকং॥

সেই কূপ বা তড়াগাদি হইতে অর্থাৎ কূপ হইতে (৩০) সরোবর হইতে (১০০) ও তড়াগ বা পুষ্করিণী হইতে (৬০) কলসী জল উত্তোলন করিয়া মন্ত্রপূত পঞ্চগব্য প্রদানে শুদ্ধ হয়।

গৃহশুদ্ধিঃ।

দশরাত্রাৎ শুনিমৃতে মাসাৎ শূদ্রে ভবেৎ শুচিঃ।
দ্বাভ্যাঞ্চ পতিতেগেহ মন্ত্যেমাসচতুষ্টয়াৎ ॥
অন্ত্যজেবর্জ্জয়েদ্গেহ মিত্যেব মনুরব্রবীৎ।

যদি ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের গৃহে কুক্কুরাদি পশু মরে, তবে সেই গৃহ দশ দিনের পর শুদ্ধ হয়। আর শূদ্র মরিলে এক মাসের পর, পতিত ব্যক্তি মরিলে দুই মাসের পর, ম্লেচ্ছাদি ব্যক্তি মরিলে চারি মাসের পর শুদ্ধ হয়। আর শ্বপচ অর্থাৎ চণ্ডালাদি মরিলে সেই গৃহ পরিত্যাগ করিবে। ব্রাহ্মণ গৃহে যদি ব্রাহ্মণ মরে তবে তিন দিন পরে শুদ্ধ হয় (ব্রাহ্মণ মরণে দিনত্রয়ানন্তরং শুদ্ধিঃ) আর ক্ষত্রিয়ের গৃহে ক্ষত্রিয় মরিলে পঞ্চম দিন পরে শুদ্ধ হয়, বৈশ্যের গৃহে বৈশ্য মরিলে অষ্টম দিন পরে শুদ্ধ হয়, আর শূদ্রের গৃহে শূদ্র মরিলে পঞ্চদশ দিন পরে সেই গৃহ শুদ্ধ হয়।

গৃহশুদ্ধিং প্রবক্ষ্যামি অন্তঃস্থ শবদূষিতে।
প্রোৎসৃজ্য মৃণ্ময়ং ভাণ্ডং সিদ্ধমন্নং তথৈবচ ॥
গৃহাদপাস্য তৎসর্ব্বং গোময়েনোপলেপয়েৎ।
গোময়নোপলিপ্যাথ ছাগেনাঘ্রাপয়েদ্বুধঃ ॥
ব্রাহ্মণৈর্ম্মন্ত্রপূতশ্চ হিরণ্যকুশবারিভিঃ।
সর্ব্বমভ্যুক্ষয়েৎ বেশ্ম ততঃ শুদ্ধ্যত্য সংশয়ঃ ॥
ইতি মনুসংহিতা।

কোন ব্যক্তির গৃহে মৃত্যু হইলে সেই গৃহে যদি মৃণ্ময় ভাণ্ড ও পক্ক অন্ন থাকে, তবে তাহা দূরে বিসর্জ্জন করিয়া সেই গৃহ গোময়-দ্বারা লেপন করিবে এবং গোময় লেপন করিয়া ছাগদ্বারা সেই গৃহ আঘ্রাণ করাইবে। পরে সেই গৃহে ব্রাহ্মণ মন্ত্রপূত স্বর্ণ ও কুশ যুক্ত জলদ্বারা অভিষিক্ত করিলে সেই গৃহ শুদ্ধ হইবে। কিন্তু এই প্রণালী পূর্ব্বোক্ত দিনসংখ্যার পরে করিতে হইবে।

অথাশৌচান্ত দ্বিতীয়েহ্নি কৃত্য।

অথাহঃ সুনিবৃত্তেতু সুস্নাতঃ কৃতমঙ্গলঃ।
অশুচ্যাদ্বিপ্র মুচ্যন্তে ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ।।
ইতি দেবলঃ।

অশৌচান্ত দিনে ক্ষৌরাদি কর্ম্ম করিয়া স্নান করণান্তর কৃত মঙ্গল অর্থাৎ স্বশাখোক্ত শান্ত্যুদক গো হিরণ্যাদি স্পর্শ করিয়া স্বস্তি-বাচনপূর্ব্বক ব্রাহ্মণ শুদ্ধ হয়।

বিপ্রঃ শুদ্ধ্যত্যপস্পৃষ্ট্বা ক্ষত্রিয়ো বাহনায়ুধং।
বৈশ্যঃপ্রতোদ রশ্মীন্ বা যষ্টিং শূদ্রঃ কৃতক্রিয়াঃ॥
ইতি মনুসংহিতা।

ব্রাহ্মণ জলস্পর্শ করিয়া, ক্ষত্রিয় হস্ত্যাদি বাহন বা ধনুস্পর্শ করিয়া, বৈশ্য প্রতোদ অর্থাৎ তাড়ন দণ্ড বা বল্গা স্পর্শ করিয়া ও শূদ্র বংশ বা যে কোন প্রকার দণ্ডস্পর্শ করিয়া শুদ্ধ হয়। এই বচনার্থ শ্রাদ্ধ করণের পর খাটিবে।

অশৌচান্তাদ্দ্বিতীয়েহহ্নি শয্যাং দদ্যাদ্বিলক্ষণাং।
কাঞ্চনং পুরুষং তদ্বৎ ফলবস্ত্র সমন্বিতং।।
সংপূজ্যদ্বিজদাম্পত্যং নানাভরণভূষণৈঃ।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যোদেয়াচ কপিলাশুভা।।
ইতি মৎস্যপুরাণং।

অশৌচান্ত দ্বিতীয় দিবসে অর্থাৎ আদ্যশ্রাদ্ধ দিনে শয্যা প্রস্তুত করাইয়া তদুপরি মৃত ব্যক্তির কাঞ্চনময় প্রতিকৃতি শয়ন করাইয়া রাখিবে এবং নানাভরণে ভূষিত করিয়া দ্বিজদম্পতীকে পূজা করিয়া পূর্ব্বোক্ত শয্যা সহিত কাঞ্চনময় প্রতিকৃতি ঐ দ্বিজদম্পতীকে দান করিবে। এবং সেই দিনে বৃষোৎসর্গ করিয়া কপিলা গাভীদান করিবে (১)। ইহার নাম বিলক্ষণা দান। এই পঞ্চকর্ম্ম অর্থাৎ

---

(১) হারালতা প্রভৃতিতেও এইরূপ ব্যবস্থা আছে। বাহুল্য বিষয়ে লিখিত হইল না। আর এই স্থলে হেমগর্ভ তিলদান করিবারও বিধি আছে, অর্থাৎ যে ব্যক্তির বৃষোৎসর্গ করিতে সাধ্য নাই সে তিলকাঞ্চন করিবে।

শয্যাদান, কাঞ্চনময় পুরুষ দান, বৃষোৎসর্গ ও দ্বিজদম্পতী পূজা, কপিলাগাভী দান, মৈথিলিমতে হেয় অর্থাৎ তাহারা কেবল বৃষোৎসর্গ করিবার বিধি দিয়াছেন। প্রমাণং যথা;—

অহন্যেকাদশে প্রাপ্তে যস্যচোৎসৃজতে বৃষঃ।
প্রেতলোকাদ্বিমুক্তঃ স স্বর্গলোকং সমশ্নুতে॥

এই বচনার্থ কেবল মৈথিলিমতে বৃষোৎসর্গের ব্যবস্থা, কিন্তু কালবিবেক ও অগ্নিপুরাণে বৃষোৎসর্গের ব্যবস্থা আছে, আর উক্ত পঞ্চ কর্ম্মেরও ব্যবস্থা আছে। প্রমাণং যথা:—

একাদশাহে প্রেতস্য যস্যচোৎসৃজতে বৃষঃ।
প্রেতলোকং পরিত্যজ্য স্বর্গলোকং সগচ্ছতি॥
ইতি কালবিবেক ও অগ্নিপুরাণং।

প্রেতের একাদশ দিবসে অর্থাৎ আদ্যশ্রাদ্ধ দিবসে যদি বৃষোৎসর্গ হয়, তবে সেই মৃতব্যক্তি প্রেতলোক পরিত্যাগ করিয়া স্বর্গলোকে গমন করেন।

আদ্যশ্রাদ্ধে ত্রিপক্ষে বা ষষ্ঠৈমাসি চ বৎসরে।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো যাবন্নস্যাৎ সপিণ্ডতা॥
ইতি অগ্নিপুরাণং।

বৃষোৎসর্গের কাল আদ্যশ্রাদ্ধ দিনে ত্রিপক্ষে, (১) ষষ্ঠমাসে ও বৎসরে, কিন্তু সপিণ্ডীকরণ হইলে আর হইবে না। আর আদ্যশ্রাদ্ধ দিনে যদি মলমাস কি কালাশুদ্ধি পতিত হয় তবে বৃষোৎসর্গ করিবার বিধি আছে। অন্য সময়ে অর্থাৎ ত্রিপক্ষ ষষ্ঠমাস বা বৎসরে যদি কালাশুদ্ধি বা মলমাস পতিত হয় তবে হইবে না। প্রমাণং যথা;—

অশৌচান্তেপি কর্ত্তব্যং বৃষোৎসর্গাদিকং সুতৈঃ।
মলিম্লুচাদি দোষস্তু ন গ্রাহ্যস্তত্রকশ্চন॥
কালমাধবীয়ে কালাদর্শবাক্যং।

(১) ত্রিপক্ষ অর্থাৎ মৃতাতিথি হইতে আরম্ভ করিয়া চান্দ্র মাসের তিন মাস অতীত হইলে সেই মৃতাতিথিকে ত্রিপক্ষ কহে। সামান্যতঃ ত্রৈমাসিক শ্রাদ্ধ।

এই প্রমাণ আদ্যশ্রাদ্ধ বিষয়ে। এবং নিম্নলিখিত প্রমাণ অন্য সময়ের পক্ষে। প্রমাণং যথা;—

দেবব্রত বৃষোৎসর্গ চূড়াকরণ মেখলাঃ।
মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ॥ ইতি ব্যাসঃ।
তাতে জীবতি যোমাতুর্বৃষোৎসর্গং সমাচরেৎ।
বৃষঘ্নস্তেন ভবতি পিতৃহাচোপজায়তে॥

পিতা বর্ত্তমান থাকিতে মাতার মৃত্যু হইলে বৃষোৎসর্গ করিবে না, কারণ তাহা হইলে যে বৃষোৎসর্গ করে তাহাকে বৃষঘ্ন ও পিতৃহত্যাকারী এই দুই পাপের ফল ভোগ করিতে হয়।

পতিপুত্রবতী নারী ম্রিয়তে ভর্ত্তুরগ্রতঃ।
চন্দনেনাঙ্কিতাধেনু স্তস্যাঃ স্বর্গায় দীয়তে॥

যদি পতি ও পুত্রবতী নারীর স্বামীর অগ্রে মৃত্যু হয়, তবে তাহার স্বর্গের নিমিত্ত চন্দনদ্বারা ধেনু অঙ্কিত করিয়া উৎসর্গ করিবে। তাহা করিলেই তাহার স্বর্গবাস হইবে।

অসংস্কৃত প্রমীতানাং পিতা ন শ্রাদ্ধমাচরেৎ।
যদি স্নেহাৎ চরেৎ শ্রাদ্ধং সপিণ্ডকরণং বিনা॥

অসংস্কৃত অর্থাৎ অনুপনীত বালক বা অবিবাহিতা কন্যা মরিলে তাহাদের শ্রাদ্ধ পিতা করিবেন না যদি স্নেহপ্রযুক্ত পিতা শ্রাদ্ধ করেন তবে সপিণ্ডীকরণ কখনই করিবেন না শূদ্রের বিবাহসংস্কার ব্যতিরিক্ত বালক মরিলে তাহারও শ্রাদ্ধাদি নাই।

অথ সপিণ্ডীকরণ ব্যবস্থা।

সপিণ্ডীকরণের প্রশস্ত কাল সম্বৎসরের পর, কারণ মহাগুরুনিপাতে এক বৎসর দেহাশুদ্ধি থাকে,আর ঐ সম্বৎসর দৈব ও পৈত্র কার্য্যে অধিকার থাকে না। প্রমাণং যথা;—

প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ।
নাপি দৈবং নবা পৈত্রং যাবৎ পূর্ণোনবৎসরঃ॥
ইতি দেবীপুরাণং॥

সুতরাং ঐ এক বৎসরের মধ্যে নিত্যকর্ম্ম ব্যতীত অন্য কোন কর্ম্ম করিতে পারে না। কিন্তু ঐ দেহ শুদ্ধি যদি মাতৃ মরণজন্য হয় অর্থাৎ মাতার মরণজন্য কালাশৌচ হয়, তবে পিতার একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিতে পারিবে।

যদি উক্ত সম্বৎসরের মধ্যে বৃদ্ধিশ্রাদ্ধ করণ আবশ্যক হয় অর্থাৎ অনূঢ়া কন্যার বিবাহ নিমিত্ত বা কন্যা পুত্রের নামকরণান্নপ্রাশন নিমিত্ত আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয় তবে পূর্ব্বদিনে সপিণ্ডীকরণ করিয়া পরদিনে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিবে। এতদ্ভিন্ন ষণ্মাসে ত্রিপক্ষেও সপিণ্ডীকরণ করিতে পারে।

অস্থিতেশ্চ শরীরস্য দ্বাদশাহঃ প্রশস্যতে।

শরীরের অস্থায়িত্ব হেতু এক পুত্রস্থলে অপকর্ষ সপিণ্ডীকরণের বিধি দিয়াছেন, অর্থাৎ অশৌচান্ত দিনের দুই দিন পরে অর্থাৎ আদ্যশ্রাদ্ধের পরদিনে সপিণ্ডীকরণ করিতে পারে। এই স্থলে কৃত সপিণ্ডীকরণ হইয়াও পূর্ণ সম্বৎসর কালাশৌচ থাকিবে। কিন্তু যদি ঐ সম্বৎসর মধ্যে আভ্যুদয়িক শ্রাদ্ধ আবশ্যক হয় তখন আর সপিণ্ডীকরণ করিতে হইবে না, কেবল বৃদ্ধিশ্রাদ্ধ করিলেই হইবে।

পতিপুত্রবিহীনায়াঃ স্ত্রীয়া নাস্তি সপিণ্ডনম্।

পতি ও পুত্রহীন নারীর সপিণ্ডীকরণ নাই। আর অসংস্কৃত ব্রাহ্মণ বালক বা বালিকা, ও অবিবাহিত শূদ্র বালক বালিকা ইহাদের আদ্যশ্রাদ্ধ বা সপিণ্ডীকরণ নাই. তাহা পূর্ব্বে কথিত হইয়াছে।

অথ সর্বজাতীয় অশৌচসঙ্কর।

পূর্ণজননাশৌচের মধ্যে অন্য পূর্ণজননাশৌচ অথবা পূর্ণমরণাশৌচের মধ্যে অন্য পূর্ণমরণাশৌচ উপস্থিত হইলে ঐ পূর্ব্বাশৌচেই জ্ঞাতিদিগের শুদ্ধি হয়।

যদি ঐ পূর্ণজননাশৌচের শেষদিনে অন্য পূর্ণজননাশৌচ অথবা ঐ পূর্ণমরণাশৌচের শেষদিনে অন্য পূর্ণমরণাশৌচ হয়, তবে ঐ পূর্ব্বাশৌচের পর আর দুইদিন অশৌচ বৃদ্ধি হয়। আর যদি ঐ শেষ দিনের প্রভাতে অর্থাৎ অরুণোদয়াবধি সূর্য্যোদয়ের পূর্ব্বকালে অন্য পূর্ণসমানাশৌচ হয়, তাহা হইলে ঐ সূর্য্যোদয়াবধি তিনদিন অশৌচ বৃদ্ধি হয়।

ঐ বর্দ্ধিত ২।৩ দিনের মধ্যে অন্য জ্ঞাতি, পিতা, মাতা বা ভর্ত্তার মরণাশৌচ হইলেও ঐ বর্দ্ধিত পূর্ব্বাশৌচ দ্বারাই শুদ্ধি হয়, আর বৃদ্ধি হয় না।

কিন্তু ঐ অশৌচের শেষ দিনেই বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে পিতা মাতা বা ভর্ত্তার মৃত্যু হইলে, ঐ পূর্ব্বোক্ত ২।৩ দিন বৃদ্ধি যোগ্যতা ধরিয়া শুদ্ধি হয় না, তদবধি পূর্ণাশৌচ হয়। কেহ কেহ বলেন, মহাগুরু মরণে যোগ্যতা ধরিয়া, ঐ পূর্ব্বাশৌচ দ্বারাই শুদ্ধি হয়, কিন্তু ইহা স্মার্ত্তসম্মত নহে।

জ্ঞাতিজননাশৌচের পূর্ব্বার্দ্ধে পুত্র জনন হইলে পিতার ঐ পূর্ব্বাশৌচকালদ্বারাই শুদ্ধি হয়, পরার্দ্ধে হইলে তদবধি পূর্ণাশৌচ হয়। পরার্দ্ধে বা পূর্ব্বার্দ্ধে কন্যা জন্মিলে পিতার পূর্ব্বাশৌচদ্বারাই শুদ্ধি হয়, কেবল মাতার তদবধি পূর্ণাশৌচ। জ্ঞাতিজননাশৌচের শেষদিনে বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে পুত্র জন্মিলে পিতা ও মাতার পূর্ণাশৌচ, অপর সপিণ্ডদিগের ২।৩ দিন বৃদ্ধি হয়। কন্যা জন্মিলে পিত্রাদি সপিণ্ডবর্গের ঐ পূর্ব্বাশৌচ দ্বারাই শুদ্ধি, কেবল মাতার তদবধি পূর্ণাশৌচ হয়।

জ্ঞাতি মরণাশৌচের পূর্ব্বার্দ্ধে পিতা, মাতা বা ভর্ত্তা মরিলে পূর্ব্বাশৌচকালদ্বারাই শুদ্ধি হয়, পরার্দ্ধে মরিলে তদবধি পূর্ণাশৌচ হয়।

নিজ পুত্র জননাশৌচের শেষদিনে কিম্বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে জ্ঞাতি জনন হইলে এবং পিতা, মাতা বা ভর্ত্তার মরণাশৌচের শেষ দিনে বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে জ্ঞাতিমরণ হইলে পূর্ব্ববৎ ২।৩ দিন অশৌচ বৃদ্ধি হয় না। কিন্তু নিজপুত্রের জননাশৌচের শেষদিনে বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে অপর পত্নীতে অন্য পুত্র জন্মিলে পিতার ঐ পূর্ব্ববৎ ২।৩ দিন অশৌচ

বৃদ্ধি এবং পিতৃমরণাশৌচের শেষদিনে বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে মাতৃ মরণ হইলে অথবা মাতৃমরণাশৌচের শেষ দিনে বা তৎপ্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে পিতৃমরণ হইলে ঐ ২।৩ দিন অশৌচ বৃদ্ধি হয়।

জননাশৌচের মধ্যে অন্য জননাশৌচ উপস্থিত হইলে পর যদি পূর্ব্বজাত বালক অশৌচ মধ্যে মরে, তবে ঐ পূর্ব্বজাতের মাতা ও পিতার সম্পূর্ণাশৌচ থাকে, অপর সপিণ্ডদিগের সদ্যঃশৌচ হয়। এবং ঐ সদ্যঃশৌচ দ্বারা পরজাতের অশৌচও নিবৃত্ত হয়, কেবল পরজাতের মাতা ও পিতার পূর্ণাশৌচ থাকে। আর ঐরূপ স্থলে পরজাতের মৃত্যু হইলে সেরূপ হয় না, কারণ তাহার অশৌচ পূর্ব্বজাত অশৌচকালাবধি থাকে, সুতরাং সে স্থলে সকলেরই পূর্ব্বজাতের অশৌচ ভোগ করিতে হয়, বিশেষ এই যে, ঐ পরজাত যদি পূর্ব্বজাতাশৌচের পূর্ব্বার্দ্ধে জাত হইয়া মরে, তাহা হইলে উহার পিতা ও মাতার ঐ পূর্ব্বাশৌচকালপর্য্যন্ত অস্পৃশ্যত্বযুক্ত অশৌচ থাকে। আর পরার্দ্ধে জন্মিয়া মরিলে ঐ মরণাবধি অস্পৃশ্যত্বযুক্ত সম্পূর্ণাশৌচ হয়। আর যদি পূর্ব্বজাত কন্যা মরে, তাহা হইলে উহার মাতা পিতা প্রভৃতি সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ। পরজাত কন্যা মরণে তৎপিতা ও সপিণ্ডবর্গের পূর্ব্বাশৌচের অবসানেই শুদ্ধি, কেবল তাহার মাতার সদ্যঃশৌচ হয়।

তুল্যদিবসভোগ্য সামান্য জননাশৌচ অথবা মরণাশৌচ মিলিত হইলে মরণাশৌচ কাল দ্বারাই শুদ্ধি হয়। আর যদি ঐ দ্বিবিধ অশৌচ মধ্যে একটা অল্পকালভোগ্য, অপরটী দীর্ঘকালভোগ্য হয়, তাহা হইলে ঐ দীর্ঘকালিক অশৌচের দ্বারা স্বল্পকালিক অশৌচের ধ্বংস হয়, এই অনুসারে পুত্রপ্রসবিনী স্ত্রীর বিংশতিরাত্রি অশৌচের শেষদিনে পতির মৃত্যু হইলেও ঐ পূর্ব্বভুক্ত দীর্ঘকালিক অশৌচ দ্বারাই শুদ্ধি হয়। এবং দুই জাতির জনন অথবা মরণে বৃদ্ধি দ্বারা জাত দ্বাদশ দিনভোগ্য অশৌচের শেষ দিনে পিতা মাতা বা ভর্ত্তার মৃত্যু হইলে ঐ পূর্ব্বভুক্ত বহুকালিক অশৌচ দ্বারাই শুদ্ধি হয়, আর বৃদ্ধি হয় না।

একাহে জ্ঞাতিদ্বয়ের মৃত্যু হইলে সর্ব্বগোত্রের অশৌচকালাবধি

অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, সুতরাং ঐ অশৌচের শেষদিনে বা তৎপ্রভাতে অন্য জ্ঞাতি মরিলে পূর্ব্বোক্ত ২।৩ দিন বৃদ্ধি হয় না, কেবল মহাগুরু (১) নিপাতে বৃদ্ধি হয়। এবং একাহে সমানোদকদ্বয় মরিলে অথবা বিদ্যুতাদি দ্বারা কোন জ্ঞাতি হত হইলে এক দিন অঙ্গাস্পৃশ্যত্ব হয়; সুতরাং ঐ রূপ অঙ্গাস্পৃশ্যত্বযুক্ত ত্রিরাত্রাশৌচ বিদেশ মরণজাত ত্রিরাত্রাশৌচ অপেক্ষা গুরু, কারণ বিদেশমরণ শ্রবণে স্নানমাত্রেই অঙ্গাস্পৃশ্যত্ব নিবৃত্তি হয়। অতএব উক্ত উভয়বিধ অশৌচ উপস্থিত হইলে গুরু অশৌচ দ্বারায় শুদ্ধি হয়। এই রূপ বিদেশমৃতজ্ঞাতির ত্রিরাত্রাশৌচ অপেক্ষা বিদেশমৃত মাতা পিতা বা ভর্ত্তার ত্রিরাত্রাশৌচ গুরু, সুতরাং এস্থলে পূর্ব্ববৎ ঐ গুরু অশৌচই প্রবল।

তুল্য ত্রিরাত্রাশৌচ মিলিত হইলে পূর্ব্বাশৌচ দ্বারাই শুদ্ধি হয়। জননমরণ ত্রিরাত্র মিলনস্থলে মরণ ত্রিরাত্র দ্বারাই শুদ্ধি হয়।

কন্যা ও পুত্র যমজ উৎপন্ন হইলে মাতার একমাস অশৌচ। ঐ অশৌচমধ্যে কন্যা মরিলে মাতার সদ্যঃশৌচ হয়। পুত্র মরণে ঐ পূর্ব্বাশৌচই থাকে। অপরাপর সপিণ্ডাদির প্রথমজাতের মরণেই শুদ্ধি হয়, পরজাত মরণে যথোক্ত অশৌচই থাকে।

সর্ব্বজাতি স্ত্রীলোকসম্পর্কীয় জননাশৌচ।

কন্যাজননে ত্রৈপুরুষিক সপিণ্ডেরই পূর্ণাশৌচ. তৎপরে সপ্তম পুরুষ পর্য্যন্ত ত্রিরাত্র, তদনন্তর স্নানে শুদ্ধি। ত্রৈপুরুষিক সপিণ্ড অর্থাৎ কন্যার পিতা, পিতামহ, প্রপিতামহ। বৃদ্ধপ্রপিতামহের সপিণ্ডতা নাই।

পুত্র	পুত্র	পুত্র
পৌত্র	পৌত্র	পৌত্র

বস্তুতঃ দার গ্রহণে যেরূপ পিত্রাদির প্রপৌত্র পর্য্যন্ত সপিণ্ড গণনা এস্থলেও সেরূপ হওয়া উচিত, নতুবা তত্তৎস্থলে কন্যার পিতৃ পিতামহ প্রপিতামহ গণনাতে চারিপুরুষ হইলেও ত্রৈপুরুষিক বলা হইতে পারে না।

(১) পুরুষ ও অদত্তা কন্যার পক্ষে পিতা ও মাতা, আর দত্তা কন্যার পক্ষে ভর্ত্তা মহাগুরু হয়েন।

এবিষয়ে এই নিষ্কর্ষ। কন্যার জননে কন্যার পিতা এবং পিতৃসন্তান (১) এবং কন্যার পিতামহ এবং তাঁহার সন্তান এবং কন্যার প্রপিতামহ এবং তাঁহার সন্তানের সপিণ্ডতাপ্রযুক্ত সম্পূর্ণাশৌচ এবং এইরূপ সপিণ্ডদিগের জনন মরণে কন্যারও ঐরূপ অশৌচ হয়। আত্মপঞ্চম অর্থাৎ প্রপিতামহ এবং তাঁহার সন্তানদিগের কন্যাজননে সপিণ্ডাশৌচ হয় না, কিন্তু ত্রিরাত্রাশৌচ হইবে। সপ্তমপুরুষপর্য্যন্ত এইরূপ ব্যবহার, তৎপরে স্নানে শুদ্ধি। এবং উহাদিগের জনন মরণে কন্যারও উহারদিগের ন্যায় ত্রিরাত্রাশৌচাদি হয়।

সর্ব্বজাতি স্ত্রীলোকসম্বন্ধীয় মরণাশৌচ।

কন্যাজননাবধি দুই বর্ষের মধ্যে মরিলে মাতা পিতা প্রভৃতি সপিণ্ডদিগের সদ্যঃশৌচ, তৎপরে বাগ্দানপর্য্যন্ত একাহ, তৎপরে বিবাহপর্য্যন্ত ভর্ত্তৃকুলে ও পিতৃকুলে ত্রিরাত্রাশৌচ হয়, তৎপরে স্নানে শুদ্ধি। বিবাহের পর কেবল ভর্ত্তৃকুলেই সম্পূর্ণাশৌচ নিবৃত্তি হয় (২)।

দন্তজননমধ্যে কন্যা মরিলে সোদরের সদ্যঃশৌচ, চূড়াপর্য্যন্ত একরাত্র, প্রদানপর্য্যন্ত ত্রিরাত্র।

আর দত্তা কন্যা যদি পিতৃগৃহে প্রসূত হয় বা মরে, তাহা হইলে পিতা ও মাতার ত্রিরাত্র। আর যদি বন্ধুবর্গের অর্থাৎ ভ্রাতা, বৈমাত্রেয়, পিতৃব্য, তৎপুত্র, ভ্রাতষ্পুত্র ও পিতৃব্যপৌত্রের গৃহে মরে বা প্রসব হয়, তবে উহাদিগের একরাত্র অশৌচ।

সর্ব্বজাতীয় বিদেশস্থ অশৌচ।

অশৌচকালের মধ্যে বিদেশস্থ অশৌচ শ্রবণ করিলে অবশিষ্ট অশৌচদিন দ্বারাই শুদ্ধ হয়। পরে শুনিলে জ্ঞাতি জননাশৌচ হয় না। পরে পুত্র জনন শ্রবণ করিলে সবস্ত্র স্নান দ্বারাই শুদ্ধি হয়।

---

(১) পুত্র, পৌত্র, ও প্রপৌত্রকে সন্তান কহে।

(২) কন্যা, জনন মরণে ত্রৈপুরুষিক সাপিণ্ড্যের পর সমানোদকনিমিত্ত অর্থাৎ পক্ষিণী অশৌচ হইতে পারে, এই লিখনদ্বারা এই বোধ হয় যে, কন্যার সম্বন্ধ গণনা নাই। কিন্তু এতদ্দেশে তিনপুরুষের পর সপ্তমপুরুষপর্য্যন্ত ত্রিরাত্রাশৌচ ব্যবহার হইয়া থাকে। তৎপরে স্নানে শুদ্ধি।

মরণাশৌচ অতিক্রান্ত হইলে সংবৎসর মধ্যে শ্রবণ করিলে সপিণ্ডের ত্রিরাত্র, বৎসরান্তে শ্রবণ করিলে স্নানমাত্রে শুদ্ধি হয়। কিন্তু পিতা, মাতা বা ভর্ত্তার মরণ এক বর্ষের পর শ্রুত হইলে একাহ, দ্বিতীয় বর্ষে শ্রুত হইলে সদ্যঃশৌচ, তৎপরে স্নানে শুদ্ধি। খণ্ডাশৌচীদিগের পরে শ্রবণ করিলে অশৌচ নাই, কিন্তু খণ্ডাশৌচী মাতা, পিতা বা ভর্ত্তার শ্রবণে একাহ হইবে।

গর্ভস্রাবাশৌচ।

ছয় মাসের মধ্যে গর্ভস্রাব হইলে কেবল ঐ স্ত্রীরই অশৌচ হয়। ঐ অশৌচ মাসসংখ্যায় গণিত হয় অর্থাৎ একমাসের গর্ভস্রাব হইলে, ১ দিন; দুই মাসের গর্ভস্রাব হইলে ২ দিন; তিন মাসের গর্ভস্রাব হইলে ৩ দিন; চারি মাসের গর্ভস্রাব হইলে ৪ দিন; পাঁচ মাসের গর্ভস্রাব হইলে ৫ দিন; ছয় মাসের গর্ভস্রাব হইলে ৬ দিন অশৌচ হয়। কিন্তু বৈদিক কার্য্যে ব্রাহ্মণীর পক্ষে, দ্বিতীয় মাস হইতে এক২ দিন বৃদ্ধি হয়; অর্থাৎ ২ দিন অশৌচস্থলে তিন দিন; তিন দিন অশৌচস্থলে চারি দিন ইত্যাদি। ক্ষত্রিয়ার পক্ষে ঐ দ্বিতীয় মাস হইতে দুই২ দিন বৃদ্ধি হয়, অর্থাৎ দুই দিন স্থলে চারি দিন, তিন দিন স্থলে পাঁচ দিন ইত্যাদি। বৈশ্যার পক্ষে ঐ দ্বিতীয় মাস হইতে তিন তিন দিন বৃদ্ধি হয় অর্থাৎ ২ দিন স্থলে ৫ দিন; ৩ দিন স্থলে ৬ দিন বৃদ্ধি হয় ইত্যাদি। এইরূপ শূদ্রার পক্ষে ঐ দ্বিতীয় মাস হইতে ছয় ছয় দিন বৃদ্ধি হয় অর্থাৎ ২ দিন স্থলে ৮ দিন, ৩ দিন স্থানে ৯ দিন বৃদ্ধি হয় ইত্যাদি।

সপ্তম ও অষ্টমমাসের গর্ভপাত হইলে স্ত্রীদিগের পূর্ণাশৌচ হয়। ঐ জাতবালক তদ্দিনেই মরিলে নির্গুণ সপিণ্ডের অহোরাত্র, আর যথেষ্টাচারী সপিণ্ডের ত্রিরাত্রাশৌচ হয়। দ্বিতীয় দিনাদিতে মরিলে নবমাদি মাসজাত বালকের ন্যায় অশৌচ হইবেক অর্থাৎ মাতা পিতার সম্পূর্ণাশৌচ, অন্যের সদ্যঃশৌচ।

সর্ব্বজাতির বালকসম্পর্কীয় বিশেষ অশৌচ।

যদি নবমাদি মাসজাত বালক নিজ জননাশৌচ মধ্যে মরে তাহা

হইলে মাতা পিতার ঐ জননাশৌচই থাকে। জ্ঞাতিদিগের অশৌচ থাকে না।

যদি নবমাদি মাসে কন্যা বা পুত্র মৃতজাত হয়, তাহা হইলে পিত্রাদি সপিণ্ডমাত্রেরই সম্পূর্ণ জননাশৌচ হয়, কেহ বলেন, এস্থলে কন্যার পক্ষে ত্রৈপুরুষিক ধরিতে হইবে।

প্রসূতা স্ত্রীর অশৌচ।

পুত্রজননে ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যার বিংশতি রাত্র; কন্যা জননে একমাস অশৌচ হয়। শূদ্রার কন্যা পুত্র উভয় স্থলেই এক মাস।

ব্রাহ্মণজাতির বিশেষ অশৌচ।

জননাশৌচকালের পর ছয় মাসের মধ্যে অজাতদন্ত বালক মরিলে পিতা মাতার একদিন ও সপিণ্ডদিগের সদ্যঃশৌচ হয়। যদি ছয় মাসের মধ্যে জাতদন্ত হইয়া মরে, তবে পিতা মাতার তিন দিন ও সপিণ্ডদিগের একদিন। ছয়মাসের পর দুইবর্ষের মধ্যে মরিলে পিতা মাতার তিন দিন, সপিণ্ডদিগের ঐ দুই বর্ষ মধ্যে অকৃতচূড়ক-স্থলে একদিন; কৃতচূড়ক স্থলে তিনদিন। দুইবর্ষের পর ছয় বৎসর তিনমাস পর্য্যন্ত, পিত্রাদি সপিণ্ড মাত্রেরই তিন দিন; তৎপরে দশাহ। যদি পঞ্চমবর্ষে উপনয়ন হইয়া ঐ পঞ্চম বর্ষেই মৃত্যু হয়, তাহা হইলেও দশাহ অশৌচ হয়।

শূদ্রজাতির বিশেষ অশৌচ।

শূদ্র জাতিতে জননাশৌচের পর ছয় মাসের মধ্যে অজাতদন্ত মরিলে পিত্রাদি সপিণ্ডমাত্রেরই ত্রিরাত্র, ছয়মাসের পর দুইবর্ষপর্য্যন্ত সপ্তাহ, তন্মধ্যে কৃতচূড়ক হইয়া মরিলে দ্বাদশাহ। দুই বর্ষের পর ছয়বর্ষের মধ্যে মরিলেও দ্বাদশাহ, তন্মধ্যে দৈবাৎ বিবাহ হইলেও মাসাশৌচ ব্যবহার হইয়া থাকে। ছয় বর্ষের পর মাসাশৌচ হয়।

ক্ষত্রিয় ও বৈশ্যজাতির বিশেষ অশৌচ।

ক্ষত্রিয় জাতির ছয় মাসের মধ্যে মরণে সদ্যঃশৌচ, তৎপরে দুই বর্ষের মধ্যে তিন দিন, তৎপরে ছয় বর্ষের মধ্যে ছয় দিন, তৎপরে

পূর্ণাশৌচ। বৈশ্যের ছয়মাসের মধ্যে মরণে সদ্যঃশৌচ, তৎপরে দুই বর্ষপর্য্যন্ত পঞ্চাহ, তৎপরে ছয়বর্ষপর্য্যন্ত নবাহ, তৎপরে পূর্ণ।

বৈদ্য ও কায়স্থজাতির বিশেষ অশৌচ।

বৈদ্যজাতির অশৌচ ব্যবস্থা বৈশ্যদিগের ন্যায়। কায়স্থজাতির শূদ্রবদ্ ব্যবহার। এবং নবশাকাদি জাতিরাও শূদ্রবৎ অশৌচ ব্যবহার করিয়া থাকে।

খণ্ডাশৌচ।

আচার্য্য (১) ও মাতামহমরণে ত্রিরাত্র। ভগিনী, মাতুলানী, মাতুল, পিতৃস্বসা, গুরুপত্নী, মাতামহী, মাতৃস্বস্রীয়, পিতৃদৌহিত্র, পিতামহী ভগিনীপুত্র, পিতামহীভ্রাতৃপুত্র, পিতামহভগিনীপুত্র, মাতুলপুত্র ও ভাগিনেয় মরণে পক্ষিণী (২)।

শ্বশ্রূ ও শ্বশুর ভিন্নগ্রামস্থ মরিলে অহোরাত্র, একগ্রামস্থ মরণে পক্ষিণী, সন্নিধি মরণে ত্রিরাত্র। আচার্য্যপত্নী, আচার্য্যপুত্র, অধ্যাপক, মাতার বৈমাত্রেয় ভ্রাতা, শ্যালক, সহাধ্যায়ী, শিষ্য, মাতামহীভগিনীপুত্র, মাতামহভগিনীপুত্র, মাতামহীভ্রাতৃপুত্র, ও একগ্রামবাসী গোত্রজ মরণে অহোরাত্র। মাতৃস্বসা, পিতৃস্বসা, মাতুল ও ভাগিনেয় গৃহস্থিত হইয়া মরিলে ত্রিরাত্র। পিতা ও মাতার মরণে বিবাহিতা কন্যার ত্রিরাত্র (৩)।

অশাস্ত্রীয়রূপে আত্মঘাতীর অশৌচাদি নাই। শাস্ত্রীয়রূপে আত্মঘাতী, অথবা প্রমাদবশতঃ অনাহার, বজ্রাঘাত, অগ্নিতে পতন, জলমজ্জন, উচ্চদেশ হইতে পতন, শৃঙ্গী বা দংষ্ট্রী দ্বারা হত, সর্পদংশন, বিষপ্রয়োগ, চাণ্ডাল ও চৌরাদিদ্বারা হত হইয়া মরিলে ত্রিরাত্রাশৌচ হয়। আর পক্ষী, মৎস্য, মৃগ, দংষ্ট্রী, শৃঙ্গী ও নখীদ্বারা হত, উচ্চদেশহইতে পতন, অনশন, প্রায়োপবেশন, বজ্র, অগ্নি, বিষ,

(১) যিনি উপনয়ন দান করিয়া বেদাধ্যয়ন করান, অথবা যিনি তান্ত্রিকমতে দীক্ষা প্রদান করেন।

(২) আদ্যন্তে দিন, মধ্য রাত্রিকে পক্ষিণী কহে। যদি রাত্রিতে অশৌচ শ্রবণ হয়, তবে পূর্ব্বদিন ধরিয়া পক্ষিণী গণনা করা হয়।

(৩) অল্পমাত্র অশৌচ সম্বন্ধবন্ধে মৃত দহন করিলে ত্রিরাত্র।

বন্ধন ও জলপ্রবেশরূপ পারিভাষিক শস্ত্রাঘাত এবং ক্ষতব্যতিরেকে শস্ত্রাঘাতে যদি তিনদিনের মধ্যে মরে, তবে ত্রিরাত্রাশৌচ, তিন দিনের পরে মরিলে সম্পূর্ণাশৌচ। সাত দিনের পরে মরিলেও সম্পূর্ণাশৌচ। এতদ্ভিন্ন ছুক্রিয়ান্বিত মহাপাতকী ও পতিতদিগের দাহ বা অশৌচাদি নাই।

সামান্য জনন মরণ উভয়াশৌচ।

	সপিণ্ড (১) দিন	সকুল্য (২) দিন	সমানোদক (৩)	জন্মনামস্মরণ দিন	তৎপর
ব্রাহ্মণ	১০	৩	পক্ষিণী	১	স্নান
ক্ষত্রিয়	১২	৩	ঐ	১	ঐ
বৈশ্য	১৫	৩	ঐ	১	ঐ
শূদ্র	৩০	৩	ঐ	১	ঐ

(১) সপ্তমপুরুষপর্য্যন্ত। (২) দশমপুরুষ পর্য্যন্ত। (৩) চতুর্দ্দশপুরুষ পর্য্যন্ত।

ইতি অশৌচ ব্যবস্থা সমাপ্তা।

প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

পাপক্ষয়ের সাধক যে বিধিবোধিত কর্ম্ম অর্থাৎ পাপ কারলে সেই পাপের ক্ষয় নিমিত্ত যে সকল কার্য্যের অনুষ্ঠান করিতে হয় তাহার নাম প্রায়শ্চিত্ত, সেই কার্য্যকে ব্রত বলে। ব্রত অনেক প্রকার, এস্থলে কয়েকটী ব্রতের লক্ষণ লিখিত হইতেছে।

অথ প্রাজাপত্য।

ত্র্যহং প্রাত স্ত্র্যহং সায়ং ত্র্যহমদ্যাদযাচিতং।
ত্র্যহং পরঞ্চনাশ্নীয়াৎ প্রাজাপত্যঞ্চরন্দ্বিজঃ॥
ইতি মনুসংহিতা।

সায়ং দ্বাবিংশতিগ্রাসাঃ প্রাতঃ ষড়্‌বিংশতি স্তথা।
অযাচিতে চতুর্ব্বিংশ পরঞ্চানশনং স্মৃতং।
কুক্কুটাণ্ড প্রমাণঞ্চ যাবাংশ্চ প্রবিশেন্মুখং।
এবং গ্রাসং বিজানীয়াৎ শুদ্ধ্যর্থং কায়শোধনং॥

প্রাজাপত্য ব্রত দ্বাদশ দিবসে সম্পন্ন হয়। তাহার প্রথম দিনত্রয় অর্থাৎ আরম্ভ তিনদিনে কুক্কুটের অণ্ড প্রমাণ ষড়্‌বিংশতি গ্রাস ভোজন করিবে, তৎপরে তিন দিন রাত্রিতে দ্বাবিংশতি গ্রাস, তাহার পর তিন দিন অযাচিত রূপে চতুর্ব্বিংশতি গ্রাস, পরে তিন দিন উপবাস, তাহা হইলে উক্ত ব্রত সিদ্ধ হইবে।

এই ব্রতাচরণ করিতে অসমর্থ হইলে পয়স্বিনী ধেনু প্রদান করিবার আদেশ আছে।

প্রাজাপত্য ব্রতাশক্তৌ ধেনু দদ্যাৎ পয়স্বিনীং।
ধেনোরভাবে দাতব্যং তুল্যমূল্যং ন সংশয়ঃ॥

প্রাজাপত্য ব্রত করিতে অপারক হইলে দুগ্ধবতী গাভীদান করিবে, তাহাতে অসক্ত হইলে উচিত মূল্য প্রদান করিবে।

তন্মূল্য নিরূপণং।

ধেন্বুঃপঞ্চভি রাঢ্যানাং মধ্যানাং ত্রিপুরাণি চ।
কার্ষাপণৈক মূল্যাহি দরিদ্রাণাং প্রকীর্ত্তিতা ।।

ধেনুমূল্য ধনবান্ ব্যক্তিদিগের পক্ষে ৫ কাহন, মধ্যবিধ ব্যক্তিদিগের ৩ কাহন ও দরিদ্রদিগের এককাহন ইহা কাত্যায়ন কহিয়াছেন।

ব্যবস্থাপত্র।

প্রাজাপত্যব্রতাদ্যশক্তৌপয়স্বিনীধেনুরেকাদেয়া। তদশক্তৌ ধনিনঃ পঞ্চকার্ষাপণী, মধ্যানাং ত্রিকার্ষাপণী, দরিদ্রস্য এককার্ষাপণীবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয় মিতিবিদ্বাং মতম্।

অথ চান্দ্রায়ণ।

চান্দ্রায়ণ ব্রত অনেক প্রকার, যথা—পিপিলিকাকৃতি, যতি, শিশু, ও প্রকৃত চান্দ্রায়ণ ইত্যাদি ইহাদিগের মধ্যে প্রকৃত চান্দ্রায়ণে সার্দ্ধবিংশতি কাহন বরাটক দানের ব্যবস্থা ও যতি চান্দ্রায়ণাদিতে ১১।০ কাহন কপর্দ্দক দান করিবার বিধি আছে।

অথ পরাকব্রত।

যতাত্মনোঽপ্রমত্তস্য দ্বাদশাহমভোজনং।
পরাকোনাম কৃচ্ছ্রোঽয়ং সর্ব্বপাপ প্রনোদনঃ ।।

পরাক ব্রত করিতে হইলে সংযতেন্দ্রিয় হইয়া দ্বাদশাহ উপবাস করিতে হয়। অশক্ত হইলে পঞ্চধেনু দান বা তন্মূল্য ১৫ কাহন কপর্দ্দক দান করিতে হয়।

ব্যবস্থাপত্র।

পারকব্রতাদ্যশক্তৌপঞ্চদশকার্ষাপণীবরাটকদানং করণীয়মিতি বিদাম্মতম্।

অতিকৃচ্ছ্র মাহ।

একৈকং গ্রাসমশ্নীয়াৎ ত্র্যহাণি ত্রীণি পূর্ব্ববৎ॥
ত্র্যহঞ্চোপবসেদন্ত্য মতিকৃচ্ছ্রং চরন্ দ্বিজঃ॥

অতিকৃচ্ছ্র দ্বাদশাহ সাধ্য, প্রথম তিন দিন এক এক গ্রাস, দ্বিতীয় তিনদিন সায়ংকালে এক এক গ্রাস, তৃতীয় তিনদিন অযাচিত রূপে এক এক গ্রাস ভোজন করিবে। চতুর্থ তিন দিন উপবাস করিবে, অপারক হইলে ধেনুদ্বয় অথবা তন্মূল্য ৬ কাহন কপর্দ্দক দানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

পাতকাদি নির্ণয়।

প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিতে হইলে অর্থাৎ কোন্ ব্যক্তি কোন্ প্রকার পাপ করিয়াছে, সেই পাপের প্রায়শ্চিত্ত বিধি দিতে হইলে অগ্রে তাহার পাপের নির্ণয় করিতে হয়, পরে সেই পাপের যাহা প্রায়শ্চিত্ত তাহার ব্যবস্থা লিখিয়া দিতে হয়। প্রথমতঃ মহাপাতকের লক্ষণ লিখিত হইতেছে।

ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।
মহান্তিপাতকান্যাহুঃ সংসর্গশ্চাপিতৈঃ সহ॥

ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুপত্নীগমন ইত্যাদিকে পণ্ডিতেরা মহাপাতক কহিয়া থাকেন; অর্থাৎ যে যে ব্যক্তি ইহার কোন একটী পাপ করে, সেই সেই ব্যক্তি মহাপাতকী, এবং তাহার সংসর্গে যে ব্যক্তি থাকে সেও মহাপাতকী হয়, ইহা মনু কহিয়াছেন। এই বচনার্থ চারিবর্ণের মধ্যেই বলবৎ। কিন্তু শূদ্রের সুরাপান স্থলে ব্রাহ্মণী গমন আর গুর্ব্বাঙ্গনাগমন স্থলে বিমাতৃ গমন। কোন কোন পণ্ডিত এইরূপ কহেন যে, বিমাতা, মাতার ভগিনী, পিতার ভগিনী, পিতৃব্যস্ত্রী ইত্যাদি মাতৃতুল্যা; আর ভগিনীর সখী, ব্রাহ্মণ কন্যা,

রজস্বলা স্ত্রী ইত্যাদিতে গমন করিলে মহাপাতকী হয়। আর চৌর্য্য পদে ব্রাহ্মণাদি স্বামিক অশীতিরত্তিকা স্বর্ণ হরণের নাম চৌর্য্য।

তত্রৈব মনুসংহিতা।

অনৃতঞ্চ সমুৎকর্ষে রাজগামী চ পৈশুনং।
গুরোশ্চালীক নির্ব্বন্ধঃ সমানি ব্রহ্মহত্যয়া।
ব্রহ্মোজ্‌ঝিতা বেদনিন্দা কৌটসাক্ষ্যং সুহৃদ্বধঃ।
গর্হিতান্নাদ্যয়োর্জগ্ধিং সুরাপান সমানিষট্‌।
নিক্ষেপস্যাপহরণং নরাশ্ব রজতস্য চ।
ভূমিবজ্রমণীনাঞ্চ রুক্মস্তেয় সমং স্মৃতং।
রেতঃ সেকঃ স্বযোনীষু কুমারীস্বন্ত্যজাসুচ।
সখ্যঃ পুত্রস্য চ স্ত্রীষু গুরুতল্প সমং বিদুঃ॥

উৎকর্ষ জাতির অপকর্ষ করণ অর্থাৎ নিন্দাদ্বারা উৎকৃষ্ট জাতিতে দোষারোপ পৈশুন্য অর্থাৎ পরনিন্দা ইহা ব্রহ্মহত্যার সমান; আর ব্রাহ্মণ কৃতাভ্যাস বেদ ভ্রমবশতঃ বিস্মৃত হইলে সেই ব্রাহ্মণের নিন্দা, মিথ্যাবাদ দ্বারা বন্ধুকে বধ, লশুনাদি নিষিদ্ধ দ্রব্য ভক্ষণ, ইহা সুরাপান করার সমান। আর সুবর্ণ, রজত, ভূমি, হীরকাদি বহুমূল্য দ্রব্য অপহরণের নাম স্তেয়, সহোদরা ভগিনী, কুমারী, চণ্ডালিনী, ভগিনীর সখী, বন্ধুর স্ত্রী ইত্যাদিতে গমন গুরুতল্পের সমান, অর্থাৎ ইহাদের মধ্যে যে কোন কর্ম্ম যদি কেহ আচরণ করে, সে মহাপাতকী।

কুষ্ঠঞ্চ রাজযক্ষ্মাচ প্রমেহো গ্রহণী তথা।
মূত্রকৃচ্ছ্রাশ্মরীকাসা অতীসার ভগন্দরৌ।
দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতোক্ষিনাশনং।
ইত্যেবমাদয়োরোগা মহাপাপোদ্ভবাগদাঃ॥

কুষ্ঠব্যাধি, যক্ষ্মাকাস, প্রমেহ, গ্রহণী, বহুমূত্র, অশ্মরী, কাস, অতীসার, ভগন্দর, দুষ্টব্রণ, গলগণ্ড ও চক্ষুর্নাশ, ও পক্ষাঘাত ইত্যাদি

রোগ পূর্ব্বজন্মকৃত মহাপাপ হইতে উৎপন্ন হয় অর্থাৎ পূর্ব্বজন্মে মহাপাপ করিলে ইহলোকে এই সকল রোগ ভোগ করিতে হয়।

উপপাতক লক্ষণ।

গোবধোঽযাজ্য সংযাজ্য পারদার্য্যাত্মবিক্রয়াঃ।
গুরু মাতৃ পিতৃত্যাগ সাধ্যায়াগ্ন্যোঃ সুতস্য চ।
পরিবিত্তিতানুজে জ্যেষ্ঠে পরিবেদন মেবচ॥
তয়োর্দ্দানঞ্চ কন্যয়া স্তয়োরেবচ যাজনং।
কন্যায়াদূষণঞ্চৈব বার্দ্ধুষ্যং ব্রতলোপনং।
তড়াগারামদারাণামপত্যস্য চ বিক্রয়ঃ।
ব্রাত্যতা বান্ধব ত্যাগো ভৃত্যাধ্যাপন মেবচ।
ভৃত্যয়াধ্যয়না দানমপণ্যানাঞ্চ বিক্রয়ঃ।
সর্ব্বাকরেষ্বধীকারো মহাযন্ত্র প্রবর্ত্তনং।
হিংসৌষধীনাং স্ত্র্যাজীবোঽভিচারো মূলকর্ম্ম চ।
ইন্ধনার্থ মশুষ্কাণাং দ্রুমাণামবপাতনং।
আত্মার্থঞ্চ ক্রিয়ারম্ভো নিন্দিতান্নাদনং তথা।
অনাহিতাগ্নিতা স্তেয় মৃণালামনপক্রিয়া।
অসবর্ণা স্ত্রীগমনং কৌশীলব্যস্য চ ক্রিয়া।
ধান্যকুপ্যপশুস্তেয় মদ্যপ স্ত্রীনিষেবনং।
স্ত্রীশূদ্রবিট্‌ক্ষত্রবধোনাস্তিক্যঞ্চোপপাতকং॥

ইতি মনুসংহিতা।

গোহত্যাকারী এবং অযাজ্যজাতির পৌরহিত্য, পরস্ত্রী গমন, আত্মবিক্রয়, গুরু ও পিতা মাতার পরিত্যাগ, অধীত বেদ বিস্মরণ, অগ্নি ও পুত্র ত্যাগ, পরিবিত্তি অর্থাৎ জ্যেষ্ঠ বর্ত্তমানে বিনানুমতিতে কনিষ্ঠের বিবাহ হইলে জ্যেষ্ঠ পরিবিত্তি কনিষ্ঠ পরিবেত্তা ইহাদিগের যাজন, আর তাহাদিগকে কন্যা দান, আর যাহার কন্যা দোষযুক্ত হয় কৃতব্রত লোপ, শুধগ্রহণ, পুষ্করিণী, উদ্যান, স্ত্রী পুত্রাদি-

বিক্রয়, উপনয়নের কাল গত করিয়া উপনীত হইলে তাহার নাম ব্রাত্য, বন্ধুত্যাগ; বেতনগ্রহণ করিয়া বেদাধ্যাপন, বেতনগ্রাহী লোকের নিকট বেদ অধ্যয়ন, নীচলোককে শিক্ষা দান, ব্রাহ্মণের লৌহাদি ধাতু লবণ লাক্ষাদি বিক্রয়, রাজ আজ্ঞা ব্যতিরেকে স্বর্ণাদির খনি অধিকার, বৃহৎ জলপ্রবাহ নিবারণের জন্য সেতুবন্ধন, বশীকরণ অর্থাৎ মারণ উচ্চাটন ইত্যাদি করণ, স্ত্রীকৃত উপার্জ্জন অর্থাৎ নিজের পরিবারকে বেশ্যাবৃত্তি অবলম্বন করাইয়া তদ্ধনে উপজীবিকা, অশুষ্কবৃক্ষের ছেদন, দেবতা পিত্রাদির উদ্দেশ ব্যতিরেকে শুদ্ধ নিজের জন্য পাকাদি যজ্ঞের অনুষ্ঠান করণ, ইচ্ছা করিয়া লশুনাদির ভক্ষণ, স্বুবর্ণ ব্যতিরেকে অন্য সার দ্রব্য চুরীকরণ, পুত্রাদি উৎপাদন দ্বারা দেবতা ও ঋষি এবং পিতার ঋণশোধ না করা, বেদ শ্রুতি স্মৃতিবিরুদ্ধ শাস্ত্রের অধ্যয়ন, নৃত্যগীতাদি দ্বারা জীবিকা নির্ব্বাহ, ধান্য তাম্র লৌহ ও পশ্বাদির চৌর্য্য, মদ্যপায়িনী স্ত্রীগমন, ও স্ত্রী, শূদ্র, বৈশ্য, ক্ষত্রিয় হত্যা, নাস্তিকতা এই সকল প্রত্যেককে উপপাতক কহে ইহার মধ্যে যাহা কোনটী আচরণ করিলেই উপপাতকী হইতে হয়।

ব্রাহ্মণস্য রুজঃকৃত্বা ঘ্রাতিরঘ্রেয় মদ্যয়োঃ।
জৈহ্ম্যঞ্চ মৈথুনং পুংসি জাতিভ্রংশকরং স্মৃতং॥

হস্তদ্বারা বা দণ্ড দ্বারা ব্রাহ্মণের পীড়ন, অঘ্রেয় বস্তুর ও মদ্যের ঘ্রাণ, প্রবঞ্চনা করণ ও পুরুষ মৈথুন ইহারা জাতিভ্রংশকর পাপ।

গর্দ্দভ, অশ্ব, উষ্ট্র, হস্তী, ছাগল, মৃগ, মেষ, মৎস্য, মহিষ, সর্প ইহাদিগের হননকে সঙ্করীকরণ পাপ বলে অর্থাৎ ইহাদিগের হনন করিলে হন্তাকে সঙ্করীকরণ পাপের প্রায়শ্চিত্ত করিতে হয়। প্রমাণং যথা;—

খরাশ্বোষ্ট্র মৃগভানামজাবিকবধ স্তথা।
সঙ্করীকরণং জ্ঞেয়ং মীনাহি মহিষস্য চ।
নিন্দিতেভ্যো ধনাদানং বাণিজ্যং শূদ্রসেবনং।
অপাত্রীকরণ জ্ঞেয় মসত্যস্য চ ভাষণং॥

নিন্দিতের নিকট প্রতিগ্রহ, অসৎ বাণিজ্য, শূদ্র সেবা, মিথ্যা কথন ইহারা অপাত্রীকরণ পাপ অর্থাৎ এই সকল কর্ম্ম করিলে অপাত্রীকরণ পাপের প্রায়শ্চিত্ত করিতে হয়।

ক্রমি কীটবয়োহত্যা মদ্যানুগত ভোজনং।
ফলৈবঃ কুসুম স্তেয় মধৈর্য্যঞ্চ মলাবহং ॥

ক্রমি, কীট, পক্ষীর হনন, মদ্যসংসর্গী দ্রব্য ভোজন, ফল, পুষ্প, কাষ্ঠচৌর্য্য আর অল্পাপচয়ে অত্যন্ত খেদকরণ ইহারা মলাবহ পাপ।

অতিপাতক।

মাতা, কন্যা, ও পুত্রবধূ গমন করিলে অতিপাতক হয়। মাতা, কন্যা ও পুত্রবধূ তিনই সমান।

প্রায়শ্চিত্তব্যবস্থা।

প্রাগুক্ত সর্ব্বপ্রকার পাপের ক্ষয় জন্য যে সকল ব্রত পূর্ব্বে কথিত হইয়াছে তাহা বর্ত্তমান যুগে মনুষ্যের শক্তির অল্পতাপ্রযুক্ত সেই সকল ব্রত আচরণ করিতে অক্ষম। এই নিমিত্ত ধেনুমূল্য ব্যবস্থা দিয়াছেন। ধেনুমূল্য পূর্ব্বে লিখিত হইয়াছে। প্রমাণং যথা—

কৃতে ব্রতং সমাদিষ্টং ত্রেতায়াং ধেনুরে চ।
কৃচ্ছ্রাদীনাস্তু সর্ব্বেষাং মূল্যন্তু দ্বাপরে কলৌ ॥
ইতি স্মার্ত্তঃ।

সত্যযুগে ব্রত, ত্রেতায় ধেনুদান, দ্বাপরে ও কলিতে ধেনুমূল্য প্রদান করিবে।

অথ বালাদিভেদে প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

অত্রোনষোড়শবর্ষীয়স্যার্দ্ধং। স্মার্ত্তভট্টাচার্য্য।

যাহার বয়স ষোল বৎসর পূর্ণ হয় নাই, সে প্রায়শ্চিত্তার্হ হইলে অর্দ্ধেক করিবে। প্রমাণং যথা ;—

অশীতির্যস্য বর্ষাণি বালোবাপ্যুনষোড়শ।
প্রায়শ্চিত্তার্দ্ধ মর্হন্তি স্ত্রিয়োরোগিন এবচ॥
ইতি বিষ্ণুপুরাণে শাতাতপঃ।

যাহার আশী বৎসর বয়স, এবং অপূর্ণ ষোড়শ বৎসর অর্থাৎ পঞ্চম হইতে পঞ্চদশ পর্য্যন্ত বালক, স্ত্রী ও রোগী ইহাদের অর্দ্ধেক ব্যবস্থা।

কোন কোন পণ্ডিত এরূপ কহেন যে, পঞ্চদশ বৎসর বয়স হইলে বালক হইতে পারে না, তাহাকে প্রাপ্তযৌবন বলা যায়। এই পূর্ব্বপক্ষের উত্তর এই কথা।

কৌমারং পঞ্চমাব্দান্তঃ পৌগণ্ডং দশমাবধি।
কৈশোর মাপঞ্চদশাৎ যৌবনঞ্চ ততঃপরং॥
[বেদব্যাসপ্রোক্ত ভাগবতস্য দ্বাদশস্কন্ধীয়টীকায়াং শ্রীধরস্বামীনোক্তধৃতবচনং।]

মনুষ্যের জন্ম সময় হইতে পাঁচ বৎসর পর্য্যন্ত কুমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, আর দশ বৎসর হইতে পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর অবস্থা। এই জন্য স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয় কৈশোর অবস্থায় সম্যক্ জ্ঞানলাভ হয় না বলিয়া প্রাগুক্ত ব্যবস্থা দিয়াছেন।

এতদ্ভিন্ন পাঁচবৎসর হইতে দশ বৎসর পর্য্যন্ত বালকের এক পাদ প্রায়শ্চিত্ত করিতে হয়। প্রমাণং যথা;—

দশবর্ষাভ্যন্তরীয় বালস্য পাদবিধানাৎ। ইতি স্মার্ত্তঃ।

অথ প্রায়শ্চিত্তস্য কালাতিক্রমে ব্যবস্থা।

বাপ্যকেশনখান্ পূর্ব্বং ঘৃতং প্রাশ্যবহির্নিশি।
প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ।
প্রায়শ্চিত্ত মুপাসীনো বাগ্যত স্ত্রিসবনং স্পৃশেৎ॥
ইতি শংখঃ।

পূর্ব্বদিনে অর্থাৎ যে দিনে প্রায়শ্চিত্ত হইবে তাহার পূর্ব্বদিনে কেশ নখাদি মুণ্ডন করিয়া দিবাভাগে তিনবার স্নান ও ত্রিসন্ধ্যা করিয়া বহির্নিশাভাগে অর্থাৎ আকাশে নক্ষত্র দৃষ্টি হইলে ঘৃত ভোজন করিয়া মৌনব্রত অবলম্বন করিয়া থাকিবে।

ঘৃতবিষয়মাহ।

যস্মাৎ তেজোময়ং ব্রহ্ম ঘৃতে তচ্চ ব্যবস্থিতং।
তেজোমৃতময়ং দিব্যং মহাপাতক নাশনং॥
ইতি মৎস্যপুরাণং।

যেহেতু তেজোময় ব্রহ্ম ঘৃতে অবস্থিতি করিতেছেন, এই জন্য সেই ঘৃত পাপনাশক, অতএব সেই ঘৃত ভক্ষণ করিবে।

কেশনখাদি বিষয়ে বিশেষ বিধি।

রাজো বা রাজপুত্রো বা ব্রাহ্মণো বা বহুশ্রুতঃ।
কেশানাং বপনং কৃত্বা প্রায়শ্চিত্তং সমাচরেৎ॥
ইতি হারীত।

রাজা, রাজপুত্র, ব্রাহ্মণ ইহারা প্রায়শ্চিত্ত পূর্ব্বদিনে কেশ নখাদি ছেদন করিবে, না করিলে প্রায়শ্চিত্ত করিতে হয়।

ধারণ বিষয়ে বিশেষ বিধি।

কেশানাং ধারণার্থন্তু দ্বিগুণং ব্রত মাচরেৎ।
দ্বিগুণে তু ব্রতে চীর্ণে দ্বিগুণা দক্ষিণা ভবেৎ।
ইতি হারীত।

যদি কেশাদি ধারণ করিয়া প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা করে তবে দ্বিগুণ ব্রত ও দ্বিগুণ দক্ষিণা দিবে, অর্থাৎ যাহা প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইবে তাহার দ্বিগুণ ব্রত ও দক্ষিণা দ্বিগুণ। পরন্তু গুরুপ্রায়শ্চিত্তে গুরুদক্ষিণা, লঘুপ্রায়শ্চিত্তে লঘুদক্ষিণা। ইহা ন্যায়কারেরা কহিয়াছেন।

অথ মুণ্ডন ব্যবস্থা।

বিদ্বদ্বিপ্রনৃপস্ত্রীণাং নেষ্যতে কেশবপনং।
ঋতে মহাপাতকিনো গাংহন্তু শ্চাবকীর্ণিনঃ॥
ইতি মিতাক্ষরা।

বিদ্বান্, বিপ্র, রাজা ও স্ত্রী ইহাদের মহাপাতক ও গোহত্যা ব্যতিরেকে মুণ্ডন নাই।

স্ত্রীয়াং বিশেষমাহ।

বপনং নৈব নারীণাং নানুব্রজ্যা জপাদিকং।
ন গোষ্ঠে শয়নং তাসাং নচাদদ্যাদ্গবাজিনং।
সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্যচ্ছেদয়েদঙ্গুলিদ্বয়ং।
সর্ব্বত্রৈবং হি নারীনাং শিরসোমুণ্ডনং স্মৃতং॥
ইতি ভবদেব ভট্টঃ।

স্ত্রীলোকের কোন প্রকার পাপেই মুণ্ডন নাই। যদি গোহত্যা করে তবে তাহাদিগের গোষ্ঠে শয়ন গোচর্ম্ম পরিধান, গোর পশ্চাদ্গমন বা গোমতীজপ ইত্যাদি কিছুই নাই। মুণ্ডনের মধ্যে কেবল সকল কেশ উদ্ধৃত করিয়া দুই অঙ্গুলি পরিমিত ছেদন করিলেই তাহাদিগের মুণ্ডন সিদ্ধ হইবে।

বিধবাপক্ষে।

বিধবা কবরীবন্ধো ভর্ত্তৃবন্ধায় কেবলং।
শিরসো মুণ্ডনং তস্মাৎ কার্য্যং বিধবয়া সদা।

বিধবাদিগের কবরী অর্থাৎ কেশবন্ধনে তাহাদিগের স্বর্গস্থ পতির বন্ধন হয়, এই নিমিত্ত মুণ্ডন তাহাদিগের নিত্যই কর্ত্তব্য কর্ম্ম।

অথ প্রায়শ্চিত্তবিশেষে মুণ্ডন ব্যবস্থা।

পাদেঽঙ্গুলোমবপনং দ্বিপাদে শ্মশ্রুণোপি চ।
ত্রিপাদে তু শিখাবর্জ্জ্যং সশিখস্তু নিপাতনে॥
ইতি মিতাক্ষরাধৃত স্মার্ত্তবচনং।

প্রায়শ্চিত্তের এক পাদ অর্থাৎ চারিভাগের এক ভাগ করিতে হইলে শুদ্ধ গাত্রলোম, দ্বিপাদে পূর্ব্বোক্ত দাড়ি গোঁপ, ত্রিপাদে শিখা ব্যতীত সকল মুণ্ডন, চতুষ্পাদে অর্থাৎ সম্পূর্ণ করিতে হইলে শিখার সহিত সমস্ত মুণ্ডন করিতে হয়।

এই স্থলে পূর্ব্বপক্ষ উপস্থিত হইয়াছে। কেহ কেহ কহিতে পারেন যে, ব্রাহ্মণের শিখা মুণ্ডন নিষিদ্ধ, কিন্তু শাস্ত্রকারেরা ইহাও কহিয়াছেন যে, প্রায়শ্চিত্তার্হ হইলে শিখামুণ্ডনে দোষ নাই।

প্রায়শ্চিত্তস্য দিবস নির্ণয়।

নাষ্টম্যাং ন চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্ত পরীক্ষণে।
ন পরীক্ষা বিবাহশ্চ শনিভৌম দিনে তথা॥
ইতি ব্যবহার চিন্তামণি।

অষ্টমী চতুর্দ্দশী শনি ও মঙ্গলবারে বিবাহ ও প্রায়শ্চিত্ত করিতে নিষেধ আছে অর্থাৎ এই কয়েক দিবস ব্যতিরেকে সকল দিবসেই প্রায়শ্চিত্ত ও বিবাহ করিবে।

অথ প্রায়শ্চিত্তস্য কালাতিক্রমে ব্যবস্থা।

কালাতিরেকেদ্বিগুণং প্রায়শ্চিত্তং সমাচরেৎ।
দ্বিগুণং রাজদণ্ডঞ্চ দত্ত্বাশুদ্ধিমবাপ্নুয়াৎ॥
স্মৃতিসাগরে দেবল।

প্রায়শ্চিত্ত করিতে কালবিলম্ব হইলে দ্বিগুণ রাজদণ্ড দিয়া দ্বিগুণ প্রায়শ্চিত্ত ও দ্বিগুণ দক্ষিণা দ্বারা শুদ্ধ হয়, এখানে প্রায়শ্চিত্তের কাল এক বৎসর, এক বৎসরের মধ্যে করিলে কালাতিরেক হয় না, কিন্তু এক বৎসর অতীত হইলে প্রাগুক্ত নিয়ম খাটিবে। আর কোন কোন পণ্ডিত এই রূপ কহেন যে, এক বৎসরের অধিক যত দিন হয়, ঐ স্থলে নির্দ্দিষ্ট প্রায়শ্চিত্তের দ্বাদশ অংশ এক এক মাসে হইবে।

প্রায়শ্চিত্ত অকরণে পাপশ্রুতি।

প্রায়শ্চিত্ত মকুর্ব্বাণাঃ পাপেষু নিরতানরাঃ।
আপশ্চাত্তাপিনঃ কষ্টান্নরকান্ যান্তিদারুণান্।।

ইতিয়াজ্ঞ্যবল্কঃ।

যে ব্যক্তি প্রায়শ্চিত্তার্হ হইয়া তদনুষ্ঠান না করে সে ব্যক্তি ইহলোকে লোকের নিকট ঘৃণিত ও পরলোকে দুষ্পরিহর ঘোর নরকে পতিত হইয়া তত্তৎ পাপের ফল ভোগ করে।

অথ জ্ঞানাজ্ঞানকৃত গোবধ নিরূপণং।

যদি বুদ্ধিপূর্ব্বক অর্থাৎ আমি এই গোকে বধ করিব, এই রূপ ইচ্ছা করিয়া বধ করে তবে তাহাকে জ্ঞানকৃত বধ কহে, আর তাহাকেই জ্ঞানকৃত বধের প্রায়শ্চিত্ত করিতে হয়। আর অন্য পশুভ্রমে, কিম্বা অন্য পশুকে হনন করিব ইচ্ছা করিয়া অস্ত্র ক্ষেপ করিলে মধ্যবর্ত্তী গোর প্রাণ নাশ হয়, তবে তাহাকে অজ্ঞানকৃত বধ কহে, তাহাকে অজ্ঞানকৃত বধের প্রায়শ্চিত্ত করিতে হয়। এ বিষয়ে রচনাভাব স্মার্ত্ত ভট্টাচার্য্য যাহা কহিয়াছেন তাহাই লিখিত হইল।

বধ্যের নিয়ম।

যদিস্যাৎ প্রাণবিয়োগ ব্যাপারোহননং স্মৃতং।
রাগাৎ দ্বেষাৎ প্রমাদাদ্বা স্বতঃ পরত এববা।।

ইতি অগ্নিপুরাণং।

যে ব্যক্তি রাগ দ্বেষ বা প্রমাদ অর্থাৎ দৈবাৎ বা অন্য কোন কারণে গোহত্যা করে তাহাকে গোঘাতী কহে। তাহাকে গোহত্যার প্রায়শ্চিত্ত করিতে হয়।

বিপ্রস্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

তত্রৈব মনুঃ।

উপপাতক সংযুক্তো গোঘ্নোমাসং যবান্ পিবেৎ।
কৃতবাপোবসেদ্গোষ্ঠে চর্ম্মবাতেন সংবৃতঃ।
চতুর্থকাল মশ্নীয়াদক্ষারলবণং মিতং।
গোমূত্রেণ চরেৎ স্নানং দ্বৌমাসৌনিয়তেন্দ্রিয়ঃ।
দিবানুগচ্ছেদ্গাস্তাস্তু তিষ্ঠন্নূর্দ্ধং রজঃ পিবেৎ।
শুশ্রূষিত্বানমস্কৃত্য রাত্রৌ বীরসমং বসেৎ।
তিষ্ঠন্তীষ্বনুতিষ্ঠেত্তু ব্রজন্তীশ্চাপ্যনুব্রজেৎ।
আসীনাসু তথা সীনো নিয়তো বীতমৎসরঃ।
আতুরামভিশস্তাং বা চৌর ব্যাঘ্রাদিভির্ভয়ৈঃ।
পতিতাং পঙ্কলগ্নাং বা সর্ব্ব পাপৈ র্বিমোচয়েৎ।
উষ্ণেবর্ষতি শীতে বা মারুতে বাতি বা ভৃশং।
ন কুর্ব্বীতাত্মনস্ত্রাণং গোরকৃত্বাতু শক্তিতঃ।
আত্মনো যদি বা ন্যেষাং গৃহেক্ষেত্রেথবাখলে।
ভক্ষয়ন্তীং ন কথয়েৎ পিবন্তীঞ্চৈব বৎসকং।
অনেন বিধিনা যস্তু গোঘ্নোগামনুগচ্ছতি।
স গোহত্যাকৃতং পাপং ত্রিভির্ম্মাসৈ ব্যপোহতি।
বৃষভৈকাদশাগাশ্চ দদ্যাৎ সুচরিতব্রতঃ।
অবিদ্যমানে সর্ব্বস্বং বেদবিদ্ভ্যো নিবেদয়েৎ॥

যে ব্যক্তি বিপ্রস্বামিক গো জ্ঞানকৃত বধ করে সেই ব্যক্তি এক মাস গোমূত্রের সহিত যব পান করিবে। গো চর্ম্মের বসন পরিধান ও তচ্চর্ম্মে শরীর আবরণ করিয়া গোষ্ঠে বাস করিবে। এই রূপে এক মাস। তৎপরে দ্বিতীয় মাসে দিবসের চতুর্থ ভাগে অর্থাৎ সন্ধ্যাকালে গোমূত্রে স্নান করিয়া সৈন্ধব লবণের সহিত পূর্ব্বোক্ত প্রকার যবসিদ্ধ ভক্ষণ করিবে এবং সংযতেন্দ্রিয় অর্থাৎ জিতেন্দ্রিয় হইয়া থাকিবে। দিবা ভাগে গোবৃন্দের সহিত গোষ্ঠে গমন করিয়া

তাহাদের পাদোত্থিত ধূলি ভক্ষণ করিবে। পরে রাত্রিতে আশ্রমে আনয়ন করিয়া তাহাদের সেবা করিবে। পরে নমস্কার করতঃ চৌর ও ব্যাঘ্রাদি ভয়ে রক্ষা করিবার নিমিত্ত বীরাসনে উপবিষ্ট থাকিবে। আর তাহারা উঠিলে উঠিবে, বসিলে বসিবে, গমন করিলে তাহাদের পশ্চাদ্গমন করিবে। তাহারা শীত বৃষ্টিতে রৌদ্রে ঝড়ে পতিত হইলে প্রাণপণে তাহাদের রক্ষার চেষ্টা করিবে। আপনার অথবা অন্যের গৃহে কিম্বা শস্যক্ষেত্রে পতিত হইলে কিম্বা বৎস অকালে দুগ্ধ পান করিলে তাহাতে তাহাদিগকে নিবারণ করিবে না। এই রূপে গোর অনুগমনাদিদ্বারা গোর শুশ্রূষা করিলে তিন মাসে সেই পাপে মুক্ত হইবে পরে, মাসত্রয় অতীত হইলে এক বৃষভের সহিত দশগাভী সম্যক্‌রূপে ব্রতানুষ্ঠান করিয়া দান করিবে, ইহাতেও অপারক হইলে আপনার যথা সর্ব্বস্ব বেদবিৎ ব্রাহ্মণকে দান করিবে। ইহাই মনুর মত।

এতদ্বিষয়ে স্মার্ত্ত ভট্টাচার্য্যের ব্যবস্থা।

অস্মিন্ যুগে প্রাগুক্তব্রতকরণাদ্যশক্তৌ সপ্তদশ প্রাজাপত্যং করণীয়ং। তদভাবে সপ্তদশ ধেনবো দেয়াঃ তদভাবে তন্মূল্যং একাধিক পঞ্চাশৎ কার্ষাপণী বরাটকদানং কর্ত্তব্যং দক্ষিণাচ পঞ্চদশকার্ষাপণীদেয়েতি।

অত্র বিষয়ে ভবদেব ভট্টাচার্য্যস্য ব্যবস্থা।

পূর্ব্বোক্ত ব্রতকরণাসামর্থ্যেতু দ্বাদশধেনবো দেয়া, দক্ষিণাচ পূর্ব্বোক্তা তদশক্তৌ ষট্‌ত্রিংশৎ কার্ষাপণীদানং দক্ষিণা বৃষতমূল্যং কার্ষাপণপঞ্চকং গোদশকমূল্যং কার্য্যাপণদশক মিতি।

ব্যবস্থাপত্র।

জ্ঞানকৃতব্রাহ্মণস্বামিক গো সাক্ষাৎবধজন্য পাপক্ষয়ার্থিনা ব্র হ্মণেন ব্রতাদ্যশক্তৌ পঞ্চদশকার্ষাপণী দক্ষিণক একপঞ্চাশৎ কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয় মিতি সতাং মতং।

ভবদেবভট্টমতেতু ষট্‌ত্রিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যং দক্ষিণাচ পঞ্চদশকার্ষাপণী দেয়েতি। এই ভবদেবভট্টমত প্রচলিত নাই।

ক্ষত্রিয় ও বৈশ্য স্থলে ব্রাহ্মণের সমান অর্থাৎ ব্রাহ্মণের যাহা প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই অর্শিবে।

আর স্ত্রী, শূদ্র, বালক, বৃদ্ধ, রোগী ও অপূর্ণ একাদশবর্ষীয় বালক ইহাদের অর্দ্ধেক। ইহা জ্ঞানকৃতে, অজ্ঞানকৃতে লিখিত হইতেছে।

অজ্ঞানকৃত বধে প্রায়শ্চিত্ত।

বিপ্রস্বামিক গো ব্রাহ্মণকর্ত্তৃক অজ্ঞানকৃতবধে জ্ঞানকৃতের অর্দ্ধেক প্রায়শ্চিত্ত এতদ্বিষয়ে বচনাভাব, কেবল এই রূপে লিখিত আছে।

অজ্ঞানতোঽর্দ্ধং। ইতি স্মার্ত্তঃ।

যদি অর্দ্ধ হইল, তবে একপঞ্চাশৎ কার্যাপণীর অর্দ্ধ সার্দ্ধপঞ্চবিংশতি কার্ষাপণী অর্থাৎ ২৫৷৷৹ কাহন দান। দক্ষিণা সার্দ্ধসপ্তকার্ষাপণী অর্থাৎ ৭৷৷৹ কাহন।

ব্যবস্থা পত্র।

বিপ্রস্বামিক গো অজ্ঞানকৃতবধজন্যপাপক্ষয়ার্থিনা, ব্রাহ্মণেন সার্দ্ধসপ্তকার্ষাপণী দক্ষিণক, সার্দ্ধপঞ্চবিংশতি কার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদুষাং মতম্।

ক্ষত্রিয় বৈশ্য ইহাদিগের প্রায়শ্চিত্ত ব্রাহ্মণের তুল্য। আর স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ, রোগী আর একে উভয়ত্ব ঘটিলে ইহাদের অজ্ঞানকৃতে অর্দ্ধেক অর্থাৎ ১২৸৹ দান, ৩৸৹দক্ষিণা, ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ, কেবল বরাটক সংখ্যা ভিন্ন।

যদি অপূর্ণ একাদশ বৎসরের বালক কি তদ্বর্ষীয় বালিকা, রোগী বালক কি রোগযুক্ত বালিকা জ্ঞানকৃত বধ করে তবে ১২৷৹ দান, ও দক্ষিণা ৩৸৹। আর অজ্ঞানকৃতে ৬।৴ দান, ১৵৹ দক্ষিণা।

ব্যবস্থাপত্র অশীতিবর্ষীয় পক্ষে।

জ্ঞানকৃত বিপ্রস্বামিক গো সাক্ষাৎ বধজন্য পাপক্ষয়ার্থিনা, ব্রাহ্মণাদিনা অশীতিবর্ষীয় বৃদ্ধেন ব্রতাদ্যশক্তৌ সার্দ্ধসপ্তকার্ষাপণী দক্ষিণক সার্দ্ধপঞ্চবিংশতি কার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

এইরূপ ব্যবস্থাপত্র সকলেরই হইবে অর্থাৎ বালক, স্ত্রী, রোগী সকলেরই পক্ষে সমান। কেবল জ্ঞানকৃত ও অজ্ঞানকৃত প্রভেদ

মাত্র। আর অজ্ঞানকৃতস্থলে বরাটকসংখ্যা এইরূপ লিখিত হইবে। যথা—(পাদন্যূন ত্রয়োদশকার্ষাপণীদানং এবং পাদন্যূন চতুর্থ কার্ষাপণী দক্ষিণকং) এইরূপ।

যদি অপূর্ণ একাদশ বৎসরের বালক বা বালিকা হয় তাহা হইলে এই রূপ ব্যবস্থাপত্র লিখিতে হইবে।

ব্যবস্থাপত্র।

জ্ঞানকৃত বিপ্রস্বামিক সাক্ষাৎ গোবধজনিত পাপক্ষয়ার্থিনা ঊনৈকাদশবর্ষীয় বালকেন ব্রতাদ্যশক্তৌ পাদন্যূনচতুঃকার্ষাপণী দক্ষিণক, পাদন্যূন ত্রয়োদশকার্ষাপণী দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

অজ্ঞানকৃত স্থলেও ঐ রূপ; কেবল (চতুর্দ্দশপণাধিক এককার্ষাপণী দক্ষিণক ষট্ পণাধিক ষট্ কার্ষাপণীদানরূপং) এই রূপ লিখিত হইবে। পরন্তু রোগী বালক ও বালিকা স্থলেও ঐরূপ, কেবল জাতি প্রভেদ মাত্র অর্থাৎ যাহার পক্ষে প্রায়শ্চিত্ত অশিবে তাহাকেই লিখিতে হইবে।

যদি শূদ্র, বৃদ্ধ কি রোগী কি স্ত্রী, কি অপূর্ণ ষোড়শ বৎসরের বালক হয় তবে তাহাদের জ্ঞানকৃত বধে ১২৷৶০ দান, ৩৷৶০ দক্ষিণা। অজ্ঞানকৃতে ৬।৶০ দান ১৷৶০ দক্ষিণা।

যদি ঊনৈকাদশবর্ষীয় শূদ্রবালক হয় কি তদ্বর্ষীয় বালিকা কি রোগী কি স্ত্রী রোগী হয় তবে ৬।৶০ দান দক্ষিণা ১৷৶০।

ব্যবস্থাপত্র ঊনৈকাদশবর্ষ বালকের পক্ষে জ্ঞানাজ্ঞান স্থলে যে রূপ লিখিত হইয়াছে এখানেও সেইরূপ, কেবল জাতির উল্লেখ মাত্র প্রভেদ।

উৎসর্গমন্ত্র।

ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জ্ঞানকৃত বিপ্রস্বামিক গো সাক্ষাৎ বধজনিত পাপক্ষয়কামঃ সবস্ত্রান্ একপঞ্চাশৎ কার্ষাপণী বরাটিকান্ গন্ধাদ্যর্চ্চিতান্ শ্রীবিষ্ণু দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে।

দক্ষিণাবাক্য।

অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জ্ঞানকৃত বিপ্রস্বামিক গো সাক্ষাৎ বধ-জনিতপাপক্ষয়কামনয়াঃ কৃতৈতৎ সবস্ত্র একপঞ্চাশৎ কার্ষাপণী বরা-টকদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণা মেতান্ সবস্ত্রান্ পঞ্চদশকার্ষা-পণী বরাটকান্ শ্রীবিষ্ণুদৈবতান্ ব্রাহ্মণেভ্যোহহং সম্প্রদদে।

জ্ঞানকৃত বালক স্থলেও ঐরূপ উৎসর্গ মন্ত্র ও দক্ষিণাবাক্য লিখিতে হইবে, স্ত্রী বালক বৃদ্ধস্থলেও ঐ রূপ কেবল বরাটক সংখ্যা প্রভেদ মাত্র। আর অজ্ঞানকৃতস্থলে (অজ্ঞানকৃত বিপ্রস্বামিক গোবধজনিত পাপক্ষয়কাম) এই রূপ দান ও দক্ষিণার বরাটক সংখ্যা প্রভেদ।

অথ ক্ষত্রিয়স্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

গোঘ্নঃ ষণ্মাসান্ তচ্চর্ম্মণা পরিবৃতো গোগ্রাসাহারো।
গোব্রতো যবাসীগোভিরন্তি সঞ্চরন্ প্রমুচ্যতে ॥
ইতি দেবলঃ।

ক্ষত্রিয়স্বামীকের গো, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যকর্ত্তৃক জ্ঞানকৃত বধ হইলে গোঘ্ন ব্যক্তি ছয়মাস গোচর্ম্মে পরিবৃত হইয়া গোগ্রাস আহার করিবে। গোব্রত ধারণ করিয়া গোষ্ঠে বিচরণ করিবে এবং গো-মূত্রে যব সিদ্ধ করিয়া আহার করিবে। এই প্রকার করিলে উক্ত প্রকার গোহত্যাপাপে মুক্ত হয়। ইহাতে অপারক হইলে দ্বাদশ প্রাজাপত্য করিবে, তাহাতে অশক্ত হইলে ধেনুমূল্য ৩৬ কাহন দান করিবে, দক্ষিণা বিশেষ অনুপদেশ হেতু যথাশক্তি অর্থাৎ যাহা দিতে পারিবে তাহাই দিবে।

অজ্ঞানকৃত হইলে ১৮ কাহন, দক্ষিণা পূর্ব্বোক্ত।

অস্য ব্যবস্থাপত্র।

জ্ঞানকৃত ক্ষত্রিয়স্বামিক গো সাক্ষাৎ বধজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতান্যশক্তো যৎকিঞ্চিৎ দক্ষিণকষট্‌ত্রিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করু-ণীয়মিতি বিদাং মতম্।

ক্ষত্রিয় বৈশ্যের পক্ষেও ঐ প্রকার কেবল জাতি মাত্র প্রভেদ, অর্থাৎ ক্ষত্রিয় হইলে ক্ষত্রিয়ের, বৈশ্য হইলে বৈশ্যের এইরূপ লিখিত হইবে।

অশীতিবর্ষীয় বৃদ্ধ, কি স্ত্রী, কি বালক ইহাদের জ্ঞানকৃতে ১৮ কাহন, অজ্ঞানকৃতে ৯ কাহন; আর অপূর্ণ একাদশ বৎসরের বালক বালিকা কি রোগী ইহাদের জ্ঞানকৃতে ৯ কাহন ও অজ্ঞান কৃতে ৪৷৷০ কাহন দান দক্ষিণা যথাশক্তি। ব্যবস্থাপত্রও পূর্ব্ববৎ কেবল জাতি ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

শূদ্রকর্ত্তৃক জ্ঞানকৃত গোবধ হইলে ১৮ কাহন দান ও দক্ষিণা যথাশক্তি অজ্ঞানকৃতে ৯ কাহন, আর স্ত্রী শূদ্র অর্থাৎ শূদ্র স্ত্রী বা বালক বা রোগী বা বৃদ্ধ ইহাদের অর্দ্ধ অর্থাৎ জ্ঞানকৃতে ১৮ কাহন ও অজ্ঞানকৃতে ৯ কাহন, দক্ষিণা পূর্ব্বেই উক্ত হইয়াছে। ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল জাতি ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

উৎসর্গমন্ত্র।

ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ অমুক দেবশর্ম্মা ক্ষত্রিয়স্বামিক গো সাক্ষাৎ বধজনিত পাপক্ষয়কামঃ সবস্ত্রান্ ষট্‌ত্রিংশৎ কার্যাপণী বরাটকান্ শ্রীবিষ্ণু দৈবতান্ ব্রাহ্মণেভ্যোঽহং সম্প্রদদে।

যে স্থলে কেবল ব্রাহ্মণের পক্ষে লিখিত হইল, ক্ষত্রিয় বৈশ্য শূদ্রস্থলে অর্থাৎ ক্ষত্রিয় স্থলে (অমুক বর্ম্মণঃ) বৈশ্যস্থলে (অমুক গুপ্তঃ) ও শূদ্রস্থলে (অমুক দাসঃ) এইরূপ হইবে।

দক্ষিণাবাক্য।

ওঁ অদ্যেত্যাদি জ্ঞানকৃত ক্ষত্রিয়স্বামিক গো সাক্ষাৎ বধজনিত পাপক্ষয়কামনয়া কৃতৈতৎ সবস্ত্রান্ ষট্‌ত্রিংশৎ কার্যাপণী বরাটক দানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণা মেতান্ যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং ব্রাহ্মণেভ্যোঽহং সংপ্রদদে।

কেবল ব্রাহ্মণের পক্ষে লিখিত হইল। অন্যান্যস্থলেও ঐরূপ কেবল জাতি, জ্ঞান ও অজ্ঞানকৃত ও বরাটক সংখ্যা প্রভেদ।

অথ বৈশ্যস্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

পঞ্চগব্যেন গোঘাতী মাসেনৈকেন শুদ্ধ্যতি।
গোমতীঞ্চ জপেদ্বিদ্যাং গবাং গোষ্ঠে চ সংবসেৎ ॥
ইতি শাতাতপঃ।

বৈশ্যস্বামিক গোঘাতী গোষ্ঠে বাস করিয়া গোমতী বিদ্যা জপ এবং পঞ্চগব্য পান করিয়া একমাসে শুদ্ধ হয়।

পঞ্চগব্য প্রমাণং।

গোসকৃদ্দ্বিগুণং মূত্রং সর্পির্দদ্যাচ্চতুর্গুণং।
ক্ষীরমষ্টগুণঞ্চৈব পঞ্চগব্যে তথা দধি ॥
ইতি বৃদ্ধশাতাতপঃ।

যে পরিমাণে গোময় দিবে তাহার দ্বিগুণ মূত্র, যৎ পরিমাণে মূত্র তাহার চতুর্গুণ ঘৃত, ঘৃতের অষ্টগুণ দুগ্ধ এবং দুগ্ধের অষ্টগুণ দধি এবম্ভূত পঞ্চগব্য পান করা শাস্ত্রসম্মত।

গোমতী বিদ্যা যথা—

গোমতীং কীর্ত্তয়িষ্যামি সর্ব্বপাপ বিনাশিনীং।
তান্তু মে গদতোবিপ্রাঃ শৃণুধ্বং সুসমাহিতাঃ।
গাবঃ সুরভয়োনিত্যং গাবোগুগ্‌গুল গন্ধিকাঃ।
গাবঃ প্রতিষ্ঠাভূতানাং গাবঃ স্বস্ত্যয়নং মহৎ।
অন্নমেবপরং গাবো দেবানাং হবিরুত্তমং।
পাবনং সর্ব্বভূতানাং ক্ষরন্তী চ হবীংষি চ।
হবিষামন্ত্রপূতেন তর্পয়ন্ত্য মরান্ দিবি।
ঋষীণাং মগ্নিহোত্রেষু গাবঃ হোমপ্রয়োজিকাঃ।
পাবনং সর্ব্বভূতানাং গাবঃ শরণমুত্তমং।
গাবঃ পবিত্রং পরমং গাবোমঙ্গলে মুত্তমং।
গাবো স্বর্গস্য সোপানং গাবোধন্যাঃ সনাতনাঃ।

নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এবচ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ।
ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতং।
একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরন্যত্র তিষ্ঠতি॥
ইতি প্রায়শ্চিত্তকাণ্ডকল্পতরৌ যমঃ।

পূর্ব্বোক্ত প্রকারে ব্রত করিতে অক্ষম হইলে দশ প্রাজাপত্য করিবে। তাহাতে অপারক হইলে ৩০ কাহন বরাটক দান, দক্ষিণা যথাশক্তি। ইহা জ্ঞানকৃতে। অজ্ঞানকৃতে অর্দ্ধেক, স্ত্রী, বৃদ্ধ, বালক ইহাদের জ্ঞানকৃতে ১৫কাহন অজ্ঞানকৃতে ৭॥০ কাহন, দক্ষিণা যথা-সাধ্য। অপূর্ণ একাদশ বৎসরের বালক বালিকা জ্ঞানকৃতে ৭॥০ কাহন, অজ্ঞানকৃতে ৩৫০ কাহন দান, দক্ষিণা পূর্ব্বোক্ত।

শূদ্রের জ্ঞানকৃত ১৫ কাহন অজ্ঞানকৃত ৭॥০ কাহন আর শূদ্র স্ত্রী, বাল, বৃদ্ধ ইত্যাদির জ্ঞানকৃত ৭॥০ কাহন, অজ্ঞানকৃতে ৩৫০ কাহন দান, দক্ষিণা যথাশক্তি। ব্যবস্থাপত্র উৎসর্গ ও দক্ষিণাবাক্যে কেবল পাপ, জাতি ও বরাটকসংখ্যা প্রভেদ লিখিত হইবে।

অথ শূদ্রস্বামিক গোবধ প্রায়শ্চিত্ত।

কৃচ্ছ্রাং স্তু চতুরঃ কুর্য্যাৎ গোবধে বুদ্ধিপূর্ব্বকে।
অমত্যা চ দ্বয়ং কার্য্যং তদর্দ্ধং বাল বৃদ্ধয়োঃ।
স্ত্রীশূদ্রয়ো রেবমেতদ্বধেচৈব ন সংশয়॥
ইতি বিশ্বামিত্রঃ।

শূদ্রস্বামিক গো ব্রাহ্মণাদি দ্বারা জ্ঞানকৃত বধ হইলে চারি কৃচ্ছ্র ব্রত করিবে। তাহাতে অপারক হইলে দ্বাদশকার্ষাপণী অর্থাৎ ১২ কাহন দান, দক্ষিণা যথাশক্তি। অজ্ঞানকৃতে ইহার অর্দ্ধেক। স্ত্রী শূদ্র বাল বৃদ্ধ ইহাদের জ্ঞানকৃতে ৬ কাহন, অজ্ঞানকৃতে ৩ কাহন দান, দক্ষিণা পূর্ব্ববৎ। পঞ্চাতীত অপূর্ণ একাদশবর্ষীয় বালকের জ্ঞানকৃতে ৩ কাহন, অজ্ঞানকৃতে ১॥০ কাহন দান, দক্ষিণা যথাশক্তি। শূদ্রস্বামিকস্থলে ব্রাহ্মণাদি চতুর্বর্ণেরই প্রায়শ্চিত্ত

সমান। ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ কেবল স্বামিকস্থলে শূদ্রস্বামিক, আর জ্ঞানাজ্ঞানকৃত যাহা হইবে তাহা ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

দক্ষিণাবাক্য ও উৎসর্গবাক্য পূর্ব্ববৎ, ব্যবস্থাপত্রে যে যে স্থলে যাহা লিখিত হইবে ইহাতেও তাহাই লিখিতে হইবে।

যে সকল গোবধ প্রায়শ্চিত্ত লিখিত হইল প্রায়শ্চিত্তান্তে গোস্বামীকে উচিত মূল্য দেওয়া ও পার্ব্বণশ্রাদ্ধ করা কর্ত্তব্য।

যদি অধম শূদ্রস্বামিকে গো ব্রাহ্মণাদিদ্বারা হত হয় তবে ৬ কাহন দান করিবে। দক্ষিণা যথাশক্তি, ব্যবস্থাপত্র উৎসর্গ ও দক্ষিণা বাক্য পূর্ব্ববৎ। কেবল অধমশূদ্রস্বামিক এইরূপ লিখিত হইবে।

অথ গর্ব্ভিণ্যাদি গোবধ প্রায়শ্চিত্ত।

গর্ব্ভিণীং কপিলাং দোগ্ধ্রীং হোমধেনুঞ্চ সুব্রতাং।
রোধাদিনা ঘাতয়িত্বা দ্বিগুণং গোব্রতঞ্চরেৎ॥
ইতি বৃহস্পতিঃ।

যদি বিপ্রাদিস্বামিক গর্ব্ভিণী কপিলা বহুক্ষীরবতী সুব্রতা অর্থাৎ সুস্থিরা ও হোমধেনু রোধাদি দ্বারা বিপ্রাদি চতুর্ব্বর্ণের মধ্যে যে কোন ব্যক্তি বধ করে তাহাকে যথোক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুণ করিতে হয় অর্থাৎ ১০২ কাহন দান ও ৩০ কাহন দক্ষিণা দিবে, যাহা লিখিত হইল তাহা জ্ঞানকৃত, অজ্ঞানকৃতে ইহার অর্দ্ধেক।

স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ ইহাদের স্থলে জ্ঞানকৃত ৫১ কাহন দান, ১৫ কাহন দক্ষিণা। অজ্ঞানকৃতে ২৫৷৷০ কাহন দান, ৭৷৷০ কাহন দক্ষিণা।

ব্যবস্থাপত্র।

জ্ঞানকৃত বিপ্রস্বামিকগর্ব্ভিণীগোবধজনিতপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতাদ্যশক্তৌ ত্রিংশতকার্ষাপণী দক্ষিণকদ্ব্যধিকশতকার্ষাপণীবরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি সতাং মতম্।

সর্ব্বস্থলেই এই প্রকার ব্যবস্থাপত্র, অন্যান্য জাতিস্থলে কেবল জাতি প্রভেদ মাত্র, আর প্রায়শ্চিত্তার্হ ব্যক্তিস্থলে সেই ব্যক্তি ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

যদি গর্ব্ভিণী গো বধ না হইয়া কেবল গর্ব্ভপাত হয় তবে তাহার প্রায়শ্চিত্ত ১২৸০ দান, দক্ষিণা ৩৸০ কাহন, তাহা হইলে তৎপাপ হইতে মুক্তি লাভ করিবে। প্রমাণং যথা—

যদালগুড়াদ্যভিঘাতেন গোর্জীবতি গর্ভমাত্রপাতোভবতি, তদোৎপন্ন গর্ভমাত্র-পাতে যথোক্ত প্রায়শ্চিত্তস্য পাদচরণেন মুক্তো ভবতীতি ভবদেবভট্টাচার্য্যস্য মতম্। ভবদেব ভট্টাচার্য্যের এই ব্যবস্থা দুই মাসের গর্ভপাতপক্ষে, চারিমাসে অর্দ্ধেক হয়, তৎপরে ত্রিপাদ।

অন্যচ্চ।

অতিবৃদ্ধা মতিকৃশা মতিবালাঞ্চ রোগিনীং।
হত্বাপূর্ব্ববিধানেন চরেদর্দ্ধং ব্রতং দ্বিজঃ।
ইতি বৃহস্পতিঃ।

যদি অতিবৃদ্ধ অর্থাৎ তৃণ চ্ছেদনে অসমর্থ, অতি কৃশ অর্থাৎ দুর্ব্বলের জন্য দোহন কি ভার বহনে অপারক বা রোগী অথবা বালা গো যদি জ্ঞানকৃত কোন ব্যক্তি হত করে তবে হন্তাকে যথোক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক অর্থাৎ ১৫৷৷০ কাহন দান, ৭৷৷০ কাহান দক্ষিণা দিতে হয়। স্ত্রী শূদ্র ইহাদের স্থলে উপরোক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক। আর ঊনএকাদশবর্ষীয়ের পাদ বিধান অর্থাৎ এখানে যাহা লিখিত হইল তাহার পাদ।

ব্যবস্থাপত্র।

বিপ্রস্বামিক বৃদ্ধাগোজ্ঞানকৃতবধজন্যপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতাদ,শক্তৌ সার্দ্ধসপ্তকার্ষাপণী দক্ষিণক সার্দ্ধপঞ্চবিংশতি কার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতিবিদাং মতম্।

অন্যান্য স্থলেও ঐ রূপ কেবল জাতি বরাটক সংখ্যার প্রভেদ মাত্র। আর অজ্ঞানকৃত স্থলে ও বরাটক সংখ্যা ও অজ্ঞানকৃত এই বিশেষণ প্রভেদ মাত্র। উৎসর্গ ও দক্ষিণাবাক্য পূর্ব্ববৎ, ব্যবস্থাপত্রে যাহা যাহা প্রভেদ উহাতেও তাহাই প্রভেদ মাত্র।

বালাবিষয়ে প্রমাণং।

বর্ষমাত্রাতু বালাস্যাৎ অতিবালাদ্বিবার্ষিকী।
অতঃপরন্তু সাগৌঃস্যাত্তরুণী দন্তজন্মনি।।

এক বৎসরের বৎস বালা, দুই বৎসরের বৎস অতিবালা, ইহাদিগকে বধ করিলে পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্ত, তাহার পর দন্ত জন্মিলে সম্যক্ প্রায়শ্চিত্ত করিতে হয়। আর একহায়নাদি বধের প্রায়শ্চিত্ত পরে লিখিত হইবে।

যদি এক প্রযত্নে বহু অর্থাৎ একাধিক গোর প্রাণনাশ হয় তবে তাহার পক্ষে এইরূপ ব্যবস্থা। প্রমাণং যথা—

গোদ্বয়বধে প্রযত্নাভেদেপি বিশেষ বচনা-
ভাবাৎ প্রায়শ্চিত্তং দ্বৈগুণ্যমুক্তং।

প্রযত্নাভেদেপি অর্থাৎ গৃহদাহাদি দ্বারা যদি একাধিক গোবধ হয় তাহা হইলে যথোক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুণ অর্থাৎ ১০২ কাহন দান ও ৩০ কাহন দক্ষিণা, আর যদি দুয়ের অধিক ব্যক্তি এক গোকে হত করে তবে তাহার প্রায়শ্চিত্ত পাদ পাদ অর্থাৎ যত সংখ্যায় মনুষ্য হইবে তত সংখ্যায় পাদ প্রায়শ্চিত্ত। প্রমাণং যথা—

একাচেদ্বহুভির্ব্বাপি দৈবাদ্ব্যাপাদিতা ভবেৎ।
পাদং পাদঞ্চ হত্যায়াশ্চরেয়ু স্তে পৃথক্ পৃথক্।
ইতি সম্বর্ত্তাপস্তম্বৌ।

ব্যবস্থাপত্র।

বিপ্রস্বামিক একাধিক গো গৃহদাহনিমিত্তবধজন্যপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা ব্রতাদ্যশক্তৌ ত্রিশৎকার্ষাপণী বরাটক দক্ষিণক দ্ব্যধিকশতকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদুষাংমতম্।

নিম্নলিখিত বচনের ও ব্যবস্থা ঐ প্রকার, কেবল গোর সংখ্যা ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

অথৈকহায়নাদি গোবধ প্রায়শ্চিত্ত।

একবর্ষে গবিহতে কৃচ্ছ্রপাদো বিধীয়তে।
অবুদ্ধিপূর্ব্বং পুংসঃ স্যাৎ দ্বিপাদস্তু দ্বিহায়নে।
ত্রিহায়নে ত্রিপাদঃ স্যাৎ প্রাজাপত্যমতঃপরং॥
ইতি বৃদ্ধপ্রচেতা।

বুদ্ধিপূর্ব্বক একবৎসরের বৎস বধ করিলে যথোক্ত প্রায়শ্চিত্তের একপাদ, দুই বৎসরের মধ্যে দুইপাদ, তিনবৎসরের মধ্যে তিনপাদ আর চারি বৎসরের বধে প্রাজাপত্য করিতে হয়।

এক বৎসরের পক্ষে।

ব্রাহ্মণাদি স্বামিক একবৎসরের গো ব্রাহ্মণাদিদ্বারা জ্ঞানকৃত বধ হইলে একপাদ ১২৸০ দান ও ৩৸০ দক্ষিণা দিতে হয়।

অজ্ঞানকৃতে ৬৶০ দান, ১৸৶০ দক্ষিণা, স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ ইত্যাদির স্থলে জ্ঞানকৃতে ৬।৶০দান ১৸৶০ দক্ষিণা, অজ্ঞানকৃতে ৩৶০ দান, ৸৶০ দক্ষিণা।

ব্যবস্থাপত্র।

জ্ঞানকৃত একবর্ষীয় ব্রাহ্মণস্বামিকগবীবধে সপাদপ্রাজাপত্যচতুষ্টয়ং করণীয়ং তদশক্তৌ দ্বাদশপণাধিকত্রিকার্ষাপণী দক্ষিণক দ্বাদশপণাধিক দ্বাদশকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

খানাকুলাখ্য গ্রামনিবাসী শ্রীযুক্ত চন্দ্রশেখর বাচস্পতিধৃত স্মৃতিসারোদ্ধৃত ব্যবস্থাপত্র মিদং।

দুই বৎসরের পক্ষে।

যদি দুই বৎসরের বৎস জ্ঞানকৃত বধ করে তবে ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের যথোক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধেক অর্থাৎ ২৫৷৹ কাহন দান ও ৭৷৹ দক্ষিণা। অজ্ঞানকৃতে ১২৸০দান ও ৩৸০দক্ষিণা, আর স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ, অপূর্ণ একাদশবর্ষীয় বালক বালিকা ইহাদের জ্ঞানকৃতে ১২৸০ দান, ৩৸০ দক্ষিণা। অজ্ঞানকৃতে ৬।৶০ দান ও ১৸৶০ দক্ষিণা। ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ, কেবল একবর্ষীয় স্থলে দ্বিতীয় ও বরাটক সংখ্যা প্রভেদ।

ত্রৈবার্ষিক পক্ষে।

যদি ব্রাহ্মণস্বামিক তিন বৎসরের গো হয় ও জ্ঞানকৃত বধ করে তবে যথোক্ত প্রায়শ্চিত্তের তিন পাদ অর্থাৎ ৩৮।০ দান ও ১১।০ দক্ষিণা। অজ্ঞানকৃতে ১৯৶০ দান ও ৫।৷৶০ দক্ষিণা স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধের যেরূপ জ্ঞানাজ্ঞানকৃতে অর্দ্ধেক নির্দ্দিষ্ট

আছে, এখানেও সেইরূপ ব্যবস্থাপত্র পূর্ব্ববৎ, কেবল ত্রৈবার্ষিকী গো ও বরাটক সংখ্যা প্রভেদ মাত্র।

কোন কোন পণ্ডিত এইরূপ ব্যবস্থাপত্র দিয়া থাকেন, যথা;—

ব্রাহ্মণস্বামিক অপ্রাপ্তদম্যাবস্থ গোবৎস জ্ঞানকৃত সাক্ষাৎ বধজনিত পাপক্ষয় কামেন স্বেতিকর্ত্তব্যতাকপ্রাজাপত্যব্রতাদ্যশক্তৌ দ্বাদশপণাধিক দ্বাদশকার্ষাপণী বরাটকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্। দক্ষিণাচ পঞ্চদশ কার্ষাপণস্য পাদোদেয়ঃ। ইতি রত্নেশ্বর শিরোমণি ভট্টাচার্য্যেণ কথিতং।

এই ব্যবস্থাপত্র একবৎসরের পক্ষে লিখিত হইল, দুই বৎসরের ও তিন বৎসরের পক্ষেও ঐ প্রকার, কেবল বৎসর, বরাটক, সংখ্যা প্রভেদ মাত্র।

চতুর্ব্বর্ষীয়ের পক্ষে।

চারিবৎসরের পক্ষে (প্রাজাপত্যমতঃপরং) এইরূপ লিখিত আছে, তাহার অর্থ এই যে, স্বস্ব জাত্যুক্ত প্রায়শ্চিত্ত করিবে, অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ইত্যাদির জ্ঞানাজ্ঞানকৃতে যাহা পূর্ব্বে লিখিত হইয়াছে তাহাই করিবে। আর একবৎসর হইতে তিন বৎসর পর্য্যন্ত যে যে ব্যবস্থা লিখিত হইয়াছে, তাহা কেবল ব্রাহ্মণের পক্ষে। ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র পক্ষে তাহাদের জাতির যে যে প্রকার ব্যবস্থা আছে তাহারই পাদ, দ্বিপাদ, ত্রিপাদ করিতে হইবে। পুস্তক বৃদ্ধি হইবার ভয়ে তাহা লিখিত হইল না।

অথ রোধাদি নিমিত্ত গোবধ প্রায়শ্চিত্ত।

রোধনেতু চরেৎ পাদং বন্ধনে চার্দ্ধ মেবহি।
যোজনে পাদহীনং স্যাৎ প্রাজাপত্যং নিপাতনে॥
ইতি পরাশরঃ।

যদি রোগাদি নিমিত্ত ক্ষীণা গো রুদ্ধ হইয়া থাকে অর্থাৎ গোস্বামী তাহা জানিতে না পারিয়া রুদ্ধ করিয়া রাখে, তাহাতে মরিলে প্রাজাপত্যের একপাদ অর্থাৎ ৮০ পণ দান করিবে। যদি উক্ত প্রকারের গরু বন্ধনে থাকে ও তদবস্থায় মৃত্যু হইলে ১॥০ কাহন

দান, পূর্ব্বোক্ত প্রকারের গো অতি ভারযুক্ত শকটাদিতে যুক্ত হইয়া প্রাণত্যাগ করিলে তাহাতে ত্রিপাদ অর্থাৎ ২।• কাহন দান, আর যদি দণ্ডাঘাতে মৃত্যু হয় তবে পূর্ণব্রত অর্থাৎ ৩ কাহন দান করিবে, দক্ষিণা যথাশক্তি।

দণ্ড বিষয়ে প্রমাণং।

অঙ্গুষ্ঠমাত্রস্থৌলেন বাহুমাত্র প্রমাণতঃ।
সার্দ্রশ্চ সপলাশশ্চ দণ্ড ইত্যভিধীয়তে।
অস্মাদূর্দ্ধ প্রমাণেন যদি গাং বিনিপাতয়েৎ।
দ্বিগুণন্তু ভবেত্তত্র প্রায়শ্চিত্তমিতি স্মৃতঃ॥
ইতি অঙ্গিরা।

ব্যবস্থাপত্র।

ক্ষীণা গো সকৃদ্রোধনিমিত্তবধজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিৎ দক্ষিণক দ্বাদশপণ দান রূপং প্রায়শ্চিত্তং করণীয় মিতিবিদাং মতম্।

যাহা লিখিত হইল তাহা অজ্ঞানকৃতে, জ্ঞানকৃতে লিখিত হইতেছে।

জ্ঞানকৃত পক্ষে।

পাদঞ্চরেদ্রোধবধে কৃচ্ছ্রার্দ্ধং বন্ধঘাতনে।
অতিবাহে চ পাদোনং কৃচ্ছ্র মজ্ঞানতাড়নে॥
ইতি বৃহস্পতিঃ।

এই গো রোগাদি দ্বারা ক্ষীণ হইয়াছে জানিয়া যদি গোস্বামী তাহাকে রুদ্ধ করিয়া রাখে এবং তাহাতে তাহার মৃত্যু হয় তবে কৃচ্ছ্র ব্রতের পাদ অর্থাৎ ৫।৶০ দান। উক্ত প্রকারের গো যদি বন্ধন কি দণ্ডাঘাত দ্বারা হত হয় তাহা হইলে দ্বিপাদ অর্থাৎ ১১।০ কাহন দান, উক্ত প্রকারের গো যদি অতিভার হলে বা শকটাদিতে যুক্ত হইয়া প্রাণত্যাগ করে তবে পাদোন অর্থাৎ ১৬৸৶০ প্রায়শ্চিত্ত করিতে হয়। আর সজ্ঞান দণ্ডঘাতনে সম্পূর্ণ কৃচ্ছ্র ব্রত অর্থাৎ চান্দ্রায়ণ করিতে হয়, তাহাতে অপারক হইলে ২২॥০ কাহন দান করিতে

হয় দক্ষিণা যথাশক্তি। শ্রীযুক্ত শূলপাণি মহামহোপাধ্যায় কৃচ্ছ্র-ব্রতের অর্থ চান্দ্রায়ণ কহিয়াছেন।

ব্যবস্থাপত্র।

ব্রাহ্মণস্বামিক সাক্ষাৎ জ্ঞানকৃত রোধনিমিত্ত গোবধজনিতপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতাদ্যশক্তৌ যৎকিঞ্চিৎ দক্ষিণক দশপণাধিকপঞ্চকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।

অন্যান্য বিষয়েরও ব্যবস্থাপত্র ঐরূপ, কেবল বরাটক সংখ্যা ও যে প্রকারে গো হত হইয়াছে সেই বিষয় মাত্র প্রভেদ।

রোধাদি বিষয়ে যে সকল ব্যবস্থাপত্র লিখিত হইল তাহা ব্রাহ্মণাদি চতুর্বর্ণের পক্ষে সমান ইহার কিছুই প্রভেদ নাই, কেবল স্ত্রী ও ঊনৈকাদশবর্ষীয় বালকের পূর্ব্বে যাহা লিখিত হইয়াছে এই স্থলেও তাহাই বা অর্থাৎ স্ত্রী অর্দ্ধ ও বালকের পক্ষে পাদ।

নাসাচ্ছেদন প্রায়শ্চিত্ত।

নাসাচ্ছেদন দাহেষু কর্ণচ্ছেদন বন্ধনে।
অতিবাহাতি দোহাভ্যাং কৃচ্ছ্রং চান্দ্রায়ণঞ্চরেৎ॥
ইতি হারীতঃ।

গোর নাসিকাচ্ছেদন, দাহ, কর্ণচ্ছেদন, বন্ধ, অতিভারযুক্ত দ্রব্য বহন ও অতিদোহন করিলে যদি গোর মৃত্যু হয় তবে কৃচ্ছ্র চান্দ্রায়ণ অর্থাৎ ২২৷৷০ কাহন বরাটক প্রায়শ্চিত্ত করিবে। ইহাতে চতুর্বর্ণেরই সমান, কেবল স্ত্রী ও বালকের প্রভেদ মাত্র।

লিঙ্গচ্ছেদনে স্বামীর মূল্য নিরূপণং।

লিঙ্গস্যচ্ছেদনে মৃত্যৌ মধ্যমো মূল্যমেব চ।
মহাপশুনা মেতেষু স্থানেষু দ্বিগুণোমদঃ॥
ইতি যাজ্ঞ্যবল্কঃ।

লিঙ্গচ্ছেদনে পশুর মৃত্যু সম্ভাবনা এই নিমিত্ত যাজ্ঞবল্ক মহাপশুর পক্ষে তিন প্রকার মূল্য বিধান ব্যবস্থা কহিয়াছেন যথা;—উত্তম মূল্য ১০৮০ কাহন, মধ্যম অর্দ্ধেক ৫৪০ কাহন, আর অধম মূল্য তদর্দ্ধ ২৭০ কাহন পশুস্বামীকে দিতে হইবে।

গোস্বামী সশিখ বপন ও ত্রিসন্ধ্যা অবগাহন করতঃ মৃত গোর শৃঙ্গ, খুর, লাঙ্গুল ও কর্ণের সহিত আর্দ্রচর্ম্ম পরিধান করিয়া দিবাভাগে তাহাদের সহিত ভ্রমণ করিয়া বেড়াইবে, এবং সন্ধ্যার পর তাহারা গোশালায় আসিলে তাহাদিগের শুশ্রূষা করণান্তর তাহাদিগকে রক্ষা করিবে। এইরূপ ব্রত আচরণ করিলে পর পূর্ব্বোক্ত প্রকার গো হত্যা পাপ হইতে মুক্তিলাভ করিবে, এই ব্রত ত্রিবর্ণের পক্ষেই সমান। ইহাতে অপারক হইলে দুই প্রাজাপত্য করিবে। তাহাতেও অপারক হইলে ৬ কাহন বরাটক দান করিবে। আর দক্ষিণা বৃষভ মূল্য ৫ কাহন ও একগাভী মূল্য ১ কাহন।

ব্যবস্থাপত্র।

ব্রাহ্মণস্বামিক গোরপালননিমিত্ত বধজনিতপাপক্ষয়কামেন ব্রাহ্মণেন স্বেতি কর্ত্তব্যতাক প্রাজাপত্য ব্রতাদ্যশক্তৌ ষট্‌কার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাংমতম্। দক্ষিণাচ ষট্‌কার্ষাপণী দেয়েতি।

স্ত্রী, শূদ্র, বাল, বৃদ্ধ ইহাদের অর্দ্ধেক অর্থাৎ তিন কাহন দান, দক্ষিণা যথাশক্তি, উভয়ত্ব ঘটিলে পাদ অর্থাৎ ১৷৷০ কাহন দান, দক্ষিণা যথাশক্তি, ব্যবস্থাপত্র উক্ত প্রকার, কেবল বরাটক সংখ্যা-প্রভেদ মাত্র।

ত্রিহায়ণাদি বৎসাপালন নিমিত্ত বধ প্রায়শ্চিত্ত।
পাদশ্চাপ্রাপ্তকে দেয়ো বৎসস্বামিন্যরক্ষিতে ॥
ইতি মনুঃ।

তিন বৎসরের বৎস পক্ষে অপালন নিমিত্ত প্রায়শ্চিত্ত মনু কহিয়াছেন যে অপ্রাপ্তকে অর্থাৎ যাহার গোত্ব প্রাপ্ত হয় নাই। ত্রৈবার্ষিকী পক্ষে তাহার অপালন হইলে প্রায়শ্চিত্তের একপাদ অর্থাৎ ১৷৷০ কাহন দান, দক্ষিণা ১৷৷০ কাহন, যদি গোস্বামী গোপালকের হস্তে সম্যক্ ভারার্পণ করিয়া থাকে তবে গোপালক প্রায়শ্চিত্তার্হ হইবে। প্রমাণং যথা—

যদা দিবারাত্রবপি পালক হস্তগতা ভবন্তি তদা,
দোষোৎপন্নে পালক এব গর্হণীয়তা ॥ ইতি বৃদ্ধ কণ্ডউঃ।